ভাগবত-কুসুমাঞ্জলিঃ

ভাগবত-কুসুমাঞ্জলিঃ।

(দ্বাদশস্কন্ধে সম্পূর্ণ সমগ্র শ্রীমদ্ভাগবত গ্রন্থ হইতে
ভক্তিযোগসাধনাত্মক শ্লোকসমূহের সার সঙ্কলন।)

মূল ও স্বরচিত "ভক্তমনোরঞ্জিনী" টীকা এবং
তাৎপর্য্যব্যাখ্যাপূর্ণ বঙ্গানুবাদ সমন্বিত।

কলিকাতা "কমলকুঞ্জ ভাগবতধর্ম্মসভার" আচার্য্য
রায় পণ্ডিত গোবিনলাল বন্দ্যোপাধ্যায় কবিরত্ন বাহাদুর
কর্ত্তৃক প্রণীত।

কলিকাতা
১১ নম্বর পটুয়াটোলা লেন, "কমলকুঞ্জ"
শ্রীজিতেন্দ্রিয় বন্দ্যোপাধ্যায়
কর্ত্তৃক প্রকাশিত।

মাঘী পূর্ণিমা
১৩৩৭

মূল্য ১৷৹

সমর্পণ।

পুণ্যস্মরণ শ্রীমদ্বংশীবদনানন্দগোস্বামিবংশাবতংস

সর্ব্ববিদ্যাবিশারদ ভক্তিতত্ত্বনিষ্ণাত

ভাগবতচূড়ামণি পরমস্নেহাস্পদ

মহামহোপাধ্যায় পণ্ডিত শ্রীমান্ ভাগবত কুমার শাস্ত্রী

এম, এ ; পি, এইচ, ডি ;

দর্শনাচার্য্যের করকমলে

প্রাণের পবিত্র প্রীতির নিদর্শন স্বরূপ

শ্রীশ্রীভগবান্ বাসুদেবের শ্রীচরণার্ঘ্য এই

"ভাগবত-কুসুমাঞ্জলিঃ"

সস্নেহে ও সাদরে

সমর্পণ করিলাম।

গ্রন্থকার।

ওঁ নমো ভগবতে বাসুদেবায়।

গ্রন্থাভাষ।

আজ ৩১ বৎসর অতীত হইতে চলিল "কমলকুঞ্জে" প্রতিষ্ঠিত "ভাগবতধর্ম্মসভায়" নিয়মিতরূপে প্রতি বৃহস্পতিবার সন্ধ্যার পর শ্রীমদ্ভাগবত গ্রন্থ পাঠ ও ব্যাখ্যা, এবং পাঠান্তে শ্রীহরির নাম সংকীর্ত্তন হইয়া আসিতেছে। এই সুদীর্ঘ কালে সমাগত ভক্তবৃন্দের অভিলাষে ও আগ্রহে দশম এবং একাদশ স্কন্ধ বিস্তারিত ভাবে একবার মাত্র আলোচিত হইয়া দশম স্কন্ধের পুনরাবৃত্তি চলিতেছে। দশম স্কন্ধের ৯০টী অধ্যায় লীলাময় ভগবান্ শ্রীকৃষ্ণচন্দ্রের অপূর্ব্বলীলারস-মাধুর্য্যে প্লাবিত, এবং একাদশ স্কন্ধের ৩১টী অধ্যায় প্রধানতঃ নারদবসুদেব সংবাদে সংক্ষেপে ও শ্রীভগবদুদ্ধব সংবাদে সবিশেষে ভাগবতধর্ম্ম ও ভক্তিযোগসাধনের উপদেশে পরিপূর্ণ। এতদ্ভিন্ন অন্যান্য স্কন্ধে বিরিঞ্চি, নারদ, শুক, শৌনক, কপিল, ঋষভ, সনৎকুমার, প্রহ্লাদ প্রভৃতির মুখনিঃসৃত বিবিধ ভক্তিতত্ত্ব ও ভক্তিসাধনোপদেশ বিক্ষিপ্তভাবে সন্নিবেশিত আছে। শ্রীমদ্ভাগবত একটী বিশাল গ্রন্থ; মূলতঃ ভক্তিরসাত্মক হইলেও ইহা স্থানে স্থানে দুরূহ দার্শনিক তত্ত্বে পূর্ণ। সপ্তাহে একদিন মাত্র দুই একঘণ্টা পাঠ ও সর্ব্বসাধারণের যাহাতে সম্যক্ হৃদয়ঙ্গম হয় সেইরূপ ভাবে ব্যাখ্যা করিয়া গ্রন্থখানি সমাপ্ত করা সুদীর্ঘকালসাপেক্ষ এবং সংসারী ব্যক্তিরও শ্রবণ করিবার তাদৃশ অবকাশ বা অধ্যবসায় থাকা সম্ভব নয়। অতএব প্রথম হইতে দ্বাদশস্কন্ধ পর্য্যন্ত সমগ্র গ্রন্থ হইতে ধারাবাহিক ক্রমে ভক্তিযোগসাধনাত্মক

ও ভক্তিসাধনসহায়ক সমস্ত শ্লোকসমূহের সার সঙ্কলন করিয়া ২০১টী মাত্র শ্লোকে সংক্ষেপে ভগবদ্ভক্তগণকে ভাগবতের অন্তর্নিহিত ভক্তিরসমাধুর্য্যের আভাস ও আস্বাদ দিবার প্রয়াসেই "ভাগবত-কুসুমাঞ্জলিঃ" রচিত হইয়াছে। আদ্যন্ত পাঠ করিলে ইহা একখানি অবিচ্ছিন্ন একরসাত্মক স্বতন্ত্র গ্রন্থ মনে হইবে। প্রত্যেক শ্লোকের নিম্নে ভক্তজনমনোরঞ্জনের জন্য স্বরচিত "ভক্ত-মনোরঞ্জিনী" নাম্নী অন্বয়মুখী একটী টীকা ও ভাবার্থ-বোধক বঙ্গানুবাদ দিয়াছি। "ভাগবত-কুসুমাঞ্জলিঃ" মুদ্রাযন্ত্রে প্রেরণ করিবার পূর্ব্বে প্রেসিডেন্সী কলেজের ভূতপূর্ব্ব সংস্কৃতাধ্যাপক ও অধুনা কলিকাতার মধ্যে প্রাচীনতম মনীষী মদীয় পরমারাধ্য পূজ্যপাদ পণ্ডিত শ্রীযুক্ত হরিশ্চন্দ্র কবিরত্ন মহাশয় এবং আরও দুই একজন ভাগবতবিশারদ প্রবীণ অধ্যাপক ইহার পাণ্ডুলিপি দেখিয়াছিলেন; তাঁহারা তাহা পাঠ করিয়া সকলেই আনন্দ প্রকাশ করিয়াছিলেন ও পুস্তকখানি প্রকাশ করিতে আমাকে উৎসাহ দিয়াছিলেন। এক্ষণে ইহা পাঠ করিয়া ভগবানের প্রিয় ভক্তগণ প্রাণে বিন্দুমাত্র আনন্দ অনুভব করিলে আমার জীবন সার্থক জ্ঞান করিব। ইতি—

কলিকাতা "কমলকুঞ্জ"
মাঘী পূর্ণিমা
১৩৩৭

ভক্তপদারবিন্দপরাগপ্রার্থী—
গোবিন্দলাল।

ভাগবত-কুসুমাঞ্জলিঃ।

স বৈ পুংসাং পরো ধর্ম্মো যতো ভক্তিরধোক্ষজে।
অহৈতুক্যপ্রতিহতা যয়াত্মা সুপ্রসীদতি॥ ১॥

১, ২, ৬, সূতঃ।

স বৈ (স এব) পুংসাং (মানবানাং) পরঃ (পরমঃ সর্ব্বোৎকৃষ্টঃ শ্রেষ্ঠঃ শুভকৃত্তমঃ) ধর্ম্মঃ (সর্ব্বশাস্ত্রসিদ্ধং চরমং সাধনং) যতঃ (যৎ-সাধনাৎ) অধোক্ষজে (অধঃকৃতং অক্ষজং ইন্দ্রিয়জং জ্ঞানং যেন তস্মিন্ ইন্দ্রিয়জজ্ঞানাতীতে মনসশ্চ অগোচরে পরব্রহ্মণি) অহৈতুকী (ইষ্টপ্রাপ্তিজনিতানন্দানুভূতি-স্মৃত্যভিসন্ধিবর্জ্জিতা, ইষ্টপ্রাপ্তের্জন্ম-জনকভাবরহিতা) অপ্রতিহতা (অনিরুদ্ধা কেনাপি নিবারয়িতুমশক্যা নিরবচ্ছিন্না ইতি ভাবঃ) ভক্তি র্ভবতীতিশেষঃ (সর্ব্বাবস্থাসু সর্ব্বান্তঃকরণেন চ সম্পূর্ণাত্মসমর্পণরূপা পরাপ্রীতিরুৎপদ্যতে ইত্যর্থঃ) যয়া (ভক্ত্যা) আত্মা (মনঃ অন্তরাত্মা) সুপ্রসীদতি (সু সম্যক্ প্রসীদতি প্রসন্নো নির্ম্মলঃ প্রশান্তশ্চ ভবতি শাশ্বতং নির্ম্মলত্বং শমঞ্চ লভতে ইতি ভাবঃ)।১।

যাহা হইতে মন ও ইন্দ্রিয়জ জ্ঞানের অতীত ভগবানে অহৈতুকী (অতীতে ইষ্টপ্রাপ্তিজনিত আনন্দের স্মৃতি ও ভবিষ্যতে ইষ্টফলাভিসন্ধিরহিতা) অপ্রতিহতা (নিরবচ্ছিন্না) ও আত্মপ্রসাদকরী (চিত্ত নির্ম্মল পবিত্র ও প্রশান্ত করিতে সমর্থা) ভক্তি জন্মে তাহাই মানবের পরম ধর্ম্ম।১।

বাসুদেবে ভগবতি ভক্তিযোগঃ প্রযোজিতঃ।
জনয়ত্যাশু বৈরাগ্যং জ্ঞানঞ্চ যদহৈতুকম্ ॥২॥

১, ২, ৭ সূতঃ।

বাসুদেবে (দিব্যজ্যোতির্ম্ময়রূপেণ চরাচরবিশ্বব্যাপিনি পরমাত্মনি শ্রীকৃষ্ণে) ভগবতি (ষড়ৈশ্বর্য্যশালিনি পূর্ণব্রহ্মস্বরূপে) প্রযোজিতঃ (প্র প্রকর্ষেণ দাস্যসখ্যাদিপ্রীতিভাবেন যোজিতঃ দৃঢ়-সম্বদ্ধঃ কৃতঃ) ভক্তিযোগঃ (ভক্ত্যা পরয়া প্রীত্যা যোগঃ নিত্যযুক্তত্বম্) আশু (অচিরেণৈব) বৈরাগ্যং (পরমাত্মনি বিশিষ্টানুরক্তিম্ অতএব অনাত্মনি বিষয়ে বিরক্তিম্) তথা অহৈতুকঞ্চ যৎ (শাস্ত্রানু-শীলনযুক্তিতর্কাদেরতীতং নিত্যসিদ্ধং ভগবৎকৃপাসিদ্ধং বা) জ্ঞানং (প্রজ্ঞা) তৎ জনয়তি (উৎপাদয়তি বিকাশয়তি ইত্যর্থঃ)। ২।

বাসুদেব ভগবানে প্রযোজিত (মধুর প্রীতির সম্বন্ধে প্রকৃষ্টভাবে দৃঢ়সম্বদ্ধ) ভক্তিযোগ অচিরে (পরব্রহ্মে বিশিষ্ট অনুরাগ জনিত) বিষয়-বৈরাগ্য ও অহৈতুক (শাস্ত্রানুশীলন ও যুক্তিতর্কের অতীত নিত্যসিদ্ধ) তত্ত্ব-জ্ঞান উৎপাদন করে।২।

ধর্ম্মঃ স্বনুষ্ঠিতঃ পুংসাং বিষ্বক্‌সেনকথাসু যঃ।
নোৎপাদয়েদ্ যদি রতিং শ্রম এব হি কেবলম্ ॥৩॥

১, ২, ৮ সূতঃ।

পুংসাং (মানবানাং) যো ধর্ম্মঃ (স্বস্ববর্ণাশ্রমবিহিতং বেদোক্তং ব্রতদানযজ্ঞাদিকং নিত্যনৈমিত্তিকং শুভকর্ম্ম) স্বনুষ্ঠিতঃ (সুষ্ঠু যথাবিধি সাঙ্গং সম্পূর্ণঞ্চ অনুষ্ঠিতঃ আচরিতোঽপি) যদি বিষ্বক্‌সেনকথাসু (সর্ব্বতোব্যাপিনো ভগবতো বাসুদেবস্য লীলা-গুণবর্ণনপ্রসঙ্গেষু) রতিম্ (আত্মবিস্মরণকারিণীম্ অপূর্ব্বাং প্রীতিং) ন উৎপাদয়েৎ (ন জনয়েৎ) তদা সঃ (পূর্ব্বোক্তরূপঃ সম্যগনুষ্ঠিতোঽপি ধর্ম্মঃ) শ্রম এব হি কেবলং (নিশ্চিতমেব নিষ্ফলং শ্রমমাত্রম্)।৩।

ধর্ম্ম (স্ব স্ব বর্ণাশ্রমবিহিত নিত্যনৈমিত্তিক শুভকার্য্য) সম্যক্ অনুষ্ঠিত হইয়াও যদি বিষ্বক্‌সেনের (সর্ব্বতো-ব্যাপী ভগবানের) কথায় মানবের রতি (আত্মবিস্মরণ-কারিণী পরা প্রীতি) উৎপাদন না করে তাহা হইলে তাহা কেবল বৃথা শ্রম মাত্র।৩।

তস্মাদেকেন মনসা ভগবান্ সাত্বতাং পতিঃ।
শ্রোতব্যঃ কীর্ত্তিতব্যশ্চ ধ্যেয়ঃ পূজ্যশ্চ নিত্যদা ॥৪॥

১, ২, ১৪ সূতঃ।

তস্মাৎ (যস্মাৎ ভক্তিবিহীনো ধর্ম্মঃ বৃথাশ্রম এব তস্মাৎ হেতোঃ) একেন (একাগ্রেণ একনিষ্ঠেন) মনসা (চিত্তেন) সাত্বতাং (একান্তভক্তানাং) পতিঃ (প্রাণকান্তঃ পালকশ্চ) ভগবান্ নিত্যদা (নিত্যং নিরন্তরমেব) শ্রোতব্যঃ (সাধুগুরুভক্তমুখেভ্যঃ তল্লীলামহিমপ্রসঙ্গোপলক্ষিতঃ অতৃপ্তকর্ণাভ্যাং শ্রবণীয়ঃ) কীর্ত্তিতব্যশ্চ (নিজমুখেন চ অপরসমীপে কীর্ত্তনীয়ঃ) ধ্যেয়ঃ (হৃদয়কমলে সমাহিতচিত্তেন চিন্তনীয়ঃ) পূজ্যশ্চ (সর্ব্বাত্মনা চ পূজনীয়ঃ আত্মনিবেদনেন আরাধনীয় ইতি যাবৎ)। ৪।

অতএব একাগ্রচিত্তে ভক্তবৎসল ভগবানের কথা সাধু-গুরু-ভক্তের মুখে নিত্য শ্রবণ ও নিজমুখে কীর্ত্তন করিবে, এবং তাঁহাকে হৃদয়ে নিরন্তর ধ্যান ও অকৈতব ভক্তিপূর্ব্বক পূজা করিবে ।৪।

যদনুধ্যাসিনা যুক্তাঃ কর্ম্মগ্রন্থিনিবন্ধনম্।
ছিন্দন্তি কোবিদা স্তস্য কো ন কুর্য্যাৎ কথারতিম্ ॥৫॥

১, ২, ১৫ সূতঃ।

যদনুধ্যাসিনা (যস্য ভগবতঃ অনুধ্যা নিরন্তরং ধ্যানমেব অসিঃ খড়্গাস্তেন) যুক্তাঃ (ভক্তিযোগেন নিত্যযুক্তাঃ ভগবতি সর্ব্বদৈব সমাহিতচিত্তাঃ) কোবিদাঃ (আত্মতত্ত্বজ্ঞাঃ বিবেকিনঃ সাধবঃ) কর্ম্মগ্রন্থিনিবন্ধনং (কর্ত্তৃত্বাভিমানরূপং দুর্মোচনীয়ং বন্ধনহেতুং কর্ম্মপাশং) ছিন্দন্তি (ছিন্নং কুর্ব্বন্তি) তস্য (শ্রীহরেঃ) কথারতিং (কথায়াং গুণপ্রসঙ্গে শ্রবণকীর্ত্তনাদৌ রতিং আত্মবিহ্বলতাকারিণীং প্রীতিং) কো ন কুর্য্যাৎ (কো জনঃ ন কুর্য্যাৎ) ভগবৎকথায়াং সর্ব্বেষামেব রতির্ভবেৎ ইত্যর্থঃ) ।৫।

যাঁহার অনুধ্যানরূপ অসিদ্বারা তত্ত্বজ্ঞানী নিত্যযুক্ত ভক্তগণ কর্ত্তৃত্বাভিমান-গ্রন্থিরূপ দুর্মোচনীয় বন্ধন-হেতু কর্ম্মপাশ ছেদন করেন, তাঁহার কথা শ্রবণে কে না পরাপ্রীতি অনুভব করিবে? ।৫।

শুশ্রূষোঃ শ্রদ্দধানস্য বাসুদেবকথারুচিঃ ।
স্যান্মহৎসেবয়া বিপ্রাঃ পুণ্যতীর্থনিষেবণাৎ ॥৬॥

১, ২, ১৬ সূতঃ ।

হে বিপ্রাঃ (নৈমিষারণ্যনিবাসিনঃ ঋষয়ঃ) পুণ্যতীর্থনিষেবণাৎ (পবিত্রতীর্থক্ষেত্রে চিরনিবাসাৎ সম্পূর্ণপাপমুক্তস্য জনস্য) ততঃ মহৎ-সেবয়া (মহতাং সাধুমহাজনানাং সেবয়া নিত্যপরিচর্য্যয়া তদ্বতঃ) ততঃ শ্রদ্দধানস্য (তৎকৃপয়া ভগবদ্ধর্ম্মে জাতশ্রদ্ধস্য) ততঃ শুশ্রূষোঃ (হরিকথামৃতশ্রবণপিপাসো র্জনস্য) ততঃ বাসুদেবকথারুচিঃ (বাসুদেবস্য ভগবতঃ কথায়াং শ্রবণকীর্ত্তনাদৌ রুচিঃ দৃঢ়ানুরক্তি-র্ভবেৎ ইতি শেষঃ) ।৬।

পবিত্র তীর্থে বাস করিয়া মানবের দেহমন পরিশুদ্ধ হইলে সাধু-মহাপুরুষদের সঙ্গলাভ হয়, পরে ভক্তিপূর্ব্বক তাঁহাদের নিত্য সেবা ও সাহচর্য্যে ভগবদ্‌ধর্ম্মে শ্রদ্ধাবিশ্বাস হইলে যখন ভগবৎপ্রসঙ্গ শ্রবণে মানবের ইচ্ছা হয়, তখন হে বিপ্রগণ, বাসুদেব ভগবানের কথায় তাহার রুচি জন্মে ।৬।

শৃণ্বতাং স্বকথাঃ কৃষ্ণঃ পুণ্যশ্রবণকীর্ত্তনঃ ।
হৃদ্যন্তঃস্থোহ্যভদ্রাণি বিধুনোতি সুহৃৎ সতাম্ ॥৭॥

১, ২, ১৭ সূতঃ ।

পুণ্যশ্রবণকীর্ত্তনঃ (পুণ্যে পবিত্রে পবিত্রতাকরে শ্রবণকীর্ত্তনে যস্য সঃ) কৃষ্ণঃ সতাং (সাধূনাং) সুহৃৎ (সদৈব হিতকারী বন্ধুঃ) স্বকথাঃ (নিজলীলাগুণমহিমাত্মিকাঃ কথাঃ) শৃণ্বতাং (একাগ্রেণ মনসা সাগ্রহং সানন্দং শৃণ্বতাং জনানামিতি শেষঃ) হৃদি (হৃদয়াভ্যন্তরে মনসি) (যানি) অভদ্রাণি (পাপদুর্বাসনাদীনি তজ্জনিতানি চ অশুভানি) অন্তঃস্থঃ (অন্তঃকরণে নিত্যমধিষ্ঠিতঃ সন্ তৈর্নিরন্তরং অনুধ্যাতঃ সন্ ইতি ভাবঃ) তানি (সর্ব্বাণি) হি (নিশ্চিতমেব) বিধুনোতি (বিদূরয়তি বিনাশয়তীত্যর্থঃ) ।৭।

যাঁহার (লীলা) শ্রবণ-কীর্ত্তনে মানবের মনঃপ্রাণ পবিত্র হয়, সেই সাধুজন-সুহৃৎ শ্রীকৃষ্ণ নিজকথাশ্রবণ-কারী (ভক্তগণের) অন্তঃকরণে নিত্য অধিষ্ঠিত থাকিয়া (তাঁহাদের) হৃদয়ের সমস্ত অশুভ বাসনা ও তজ্জনিত অমঙ্গল সম্পূর্ণ বিদূরিত করেন ।৭।

নষ্টপ্রায়েম্বভদ্রেষু নিত্যং ভাগবতসেবয়া ।
ভগবত্যুত্তমঃশ্লোকে ভক্তির্ভবতি নৈষ্ঠিকী ॥৮॥

১, ২, ১৮ সূতঃ ।

নষ্টপ্রায়েষু (ততঃ বিনষ্টপ্রায়েষু নিবৃত্তেষু) অভদ্রেষু (সর্ব্বেষু পাপদুর্বাসনাদিষু) নিত্যং (সততং) ভাগবতসেবয়া (ভগবচ্চরণ-সমর্পিতাত্মনাম সাধুভক্তানাং সেবয়া পরিচর্য্যয়া তথা ভগবল্লীলাগুণ-প্রসঙ্গে রতিবর্দ্ধকানাং ভাগবতাদিভক্তিশাস্ত্রাণাম্ অনুশীলনেন চ) উত্তমংশ্লোকে (মধুরমঙ্গলকীর্ত্তৌ ভগবতি শ্রীকৃষ্ণে) নৈষ্ঠিকী (নিরবচ্ছিন্না নিত্যপ্রতিষ্ঠিতা অবিচলিতা ইত্যর্থঃ) ভক্তির্ভবতি (পরমা প্রীতির্জায়তে স্বতঃ এব উৎপদ্যতে ইতি ভাবঃ) ।৮।

(অনন্তর) নিত্য ভগবদ্ভক্তগণের সেবা ও অনুসরণে, এবং ভাগবতাদি ভক্তিশাস্ত্রের অনুশীলনে, হৃদয়ের সমস্ত পাপ ও দুর্বাসনা নষ্ট হইয়া আসিলে উত্তমঃশ্লোক (পবিত্র-মধুর-মঙ্গলকীর্ত্তি) ভগবান্ শ্রীকৃষ্ণে ঐকান্তিকী অচলা ভক্তি জন্মে ।৮।

তদা রজস্তমোভাবাঃ কামলোভাদয়শ্চ যে ।
চেত এতৈরনাবিদ্ধং স্থিতং সত্ত্বে প্রসীদতি ॥৯॥

১, ২, ১৯ সূতঃ ।

তদা (তদনন্তরং নৈষ্ঠিক্যাং ভক্তৌ জাতায়াং) রজস্তমোভাবাঃ (রজস্তমোভ্যাম্ উদ্ভূতাঃ চিত্তবিক্ষেপকারিণঃ ভাবাঃ) কাম-লোভাদয়ঃ যে চ (কামক্রোধ-লোভমোহাদয়ঃ অন্যে চ যে বুদ্ধি-বিনাশিনঃ মনোবিকারাঃ) এতৈঃ (সর্ব্বৈঃ) অনাবিদ্ধং চেতঃ (অনভিভূতং অবিকৃতং চিত্তং) সত্ত্বে স্থিতং (বিশুদ্ধসত্ত্বে তূরীয়ে অবস্থিতং শুদ্ধসত্ত্বস্বরূপে ভগবতি চিরনিহিতং সৎ) প্রসীদতি (প্রসন্নং ভবতি ভগবৎপ্রাপ্তেরনুকূলাবস্থালাভেন পরিতৃপ্তং প্রশান্তঞ্চ ভবতীতিভাবঃ) ।৯।

তখন রজস্তমোগুণোৎপন্ন (চিত্তবিক্ষেপকর) কাম-লোভাদি দ্বারা অবিকৃত ও অনভিভূত চিত্ত সতত বিশুদ্ধ সত্ত্বে অবস্থিত থাকিয়া প্রসন্নতা লাভ করে ।৯।

এবং প্রসন্নমনসো ভগবদ্ভক্তিযোগতঃ।
ভগবত্তত্ত্ববিজ্ঞানং মুক্তসঙ্গস্য জায়তে ॥১০॥

১, ২, ২০ সূতঃ।

এবং (অনেন উক্তেন প্রকারেণ) ভগবদ্ভক্তিযোগতঃ (ভগবতা সহ ভক্ত্যা পরানুরক্ত্যা যোগঃ নিত্যযুক্তত্বং তেন অথবা ভগবতি যা ভক্তিঃ পরা প্রীতিঃ সৈব যোগঃ সাধনোপায়স্তেন) প্রসন্ন-মনসঃ (পরিতৃপ্তাত্মনঃ অতএব প্রশান্তচেতসঃ) মুক্তসঙ্গস্য (বিষয়া-সক্তিবিমুক্তস্য একান্তভক্তস্য এব) ভগবত্তত্ত্ববিজ্ঞানং (ভগবত্তত্ত্বস্য ভগবতঃ স্বরূপস্য গুণলীলৈশ্বর্য্যমাধুর্য্যরূপস্য বিজ্ঞানং বিশিষ্টানুভূতিঃ সম্পূর্ণোপলব্ধিসামর্থ্যং) জায়তে (উৎপদ্যতে)।১০।

এইরূপে ঐকান্তিকী ভক্তি দ্বারা ভগবানের সহিত নিত্যযুক্ত থাকিয়া যাঁহার মন প্রসন্ন (পবিত্র ও প্রশান্ত) ও আসঙ্গমুক্ত (বিষয়ে আসক্তিরহিত) হইয়াছে, তাঁহারই (কেবল) ভগবানের (ঐশ্বর্য্য মাধুর্য্যের) স্বরূপ-তত্ত্ব পূর্ণ উপলব্ধি করিবার সামর্থ্য জন্মে।১০।

ভিদ্যতে হৃদয়গ্রন্থি শ্ছিদ্যন্তে সর্ব্বসংশয়াঃ।
ক্ষীয়ন্তে চাস্য কর্ম্মাণি দৃষ্ট এবাত্মনীশ্বরে ॥১১॥
১, ২ ২১ সূতঃ।

আত্মনি (অন্তরাত্মনি নিজহৃদয়ে পরমাত্মস্বরূপে সর্ব্বভূতান্তরাত্মনি) ঈশ্বরে (সর্ব্বৈশ্বর্য্যশালিনি ভক্তপ্রাণেশ্বরে) দৃষ্টে (সাক্ষাদ্দৃষ্টে প্রত্যক্ষীকৃতে সতি) এব (তৎক্ষণাদেব) অস্য (একান্তভক্তস্য) হৃদয়গ্রন্থিঃ (হৃদয়স্য দুর্মোচনীয়-বন্ধনরূপোঽহঙ্কারঃ) ভিদ্যতে (স্বয়মেব নশ্যতি) সর্ব্বসংশয়াঃ (সর্ব্বে সংশয়াঃ বিকল্পবুদ্ধয়ঃ) ছিদ্যন্তে (ছিন্নাঃ দূরীকৃতাঃ ভবন্তি) (যুগপদেব) চ কর্ম্মাণি (সঞ্চিতপ্রারব্ধাদীনি) ক্ষীয়ন্তে (ক্ষীণানি ভবন্তি ক্ষয়ং প্রাপ্নুবন্তি নাশং গচ্ছন্তি ইতি যাবৎ)।১১।

(তখন) নিজ-আত্মায় (সর্ব্বভূতান্তরাত্মা) ভগবান্‌কে দর্শন করিবামাত্র তাঁহার হৃদয়-গ্রন্থি (অহঙ্কার অবিদ্যাদি) কাটিয়া যায়, সকল সংশয় ছিন্ন হয়, এবং সমস্ত (সঞ্চিত, প্রারব্ধ ও ক্রিয়মাণ) কর্ম্ম ক্ষয়প্রাপ্ত হয়।১১।

অতো বৈ কবয়ো নিত্যং ভক্তিং পরময়া মুদা ।
বাসুদেবে ভগবতি কুর্ব্বন্ত্যাত্মপ্রসাদনীম্ ॥১২॥

১, ২, ২২ সূতঃ ।

অতো বৈ (অতএব) কবয়ঃ (আত্মতত্ত্বজ্ঞাঃ সাধুভক্তাঃ) বাসুদেবে ভগবতি (দিব্যজ্যোতির্ম্ময়রূপেণ চরাচরবিশ্বব্যাপিনি পরমাত্মনি শ্রীকৃষ্ণে) পরময়া মুদা (পরমানন্দেন) নিত্যং (নিরন্তরং) আত্মপ্রসাদনীং (চিত্তপ্রসাদকরীং) ভক্তিং কুর্ব্বন্তি (অবিচলিতাং প্রীতিং স্থাপয়ন্তি ভক্তিযোগং সাধয়ন্তীতি ভাবঃ)।১২।

এই জন্যই তত্ত্বজ্ঞানী যোগিগণ পরম আনন্দপূর্ণ প্রাণে বাসুদেব ভগবানে নিত্য (নিরন্তর) আত্মপ্রসাদ-করী (চিত্ত পবিত্র ও প্রশান্ত করিতে সমর্থা) ভক্তি (পরাপ্রীতি) (সাধন) করিয়া থাকেন।১২।

ইদং হি পুংসস্তপসঃ শ্রুতস্য বা
স্বিষ্টস্য সূক্তস্য চ বুদ্ধিদত্তয়োঃ।
অবিচ্যুতোঽর্থঃ কবিভির্নিরূপিতো
যদুত্তমঃশ্লোকগুণানুবর্ণনম্ ॥১৩॥

১, ৫, ২২ নারদঃ।

ইদং পূর্ব্বোক্তপ্রকারং যৎ উত্তমঃশ্লোকগুণানুবর্ণনম্ (পবিত্রমঙ্গল-কীর্ত্তের্ভগবতঃ গুণানুকীর্ত্তনং) তদেব হি (নিশ্চিতং) পুংসঃ (পুরুষস্য মানবমাত্রস্য) তপসঃ (তপঃসাধনস্য) শ্রুতস্য বা (স্বাধ্যায়স্য বেদাধ্যয়নস্য ধর্ম্মশাস্ত্রাদিশ্রবণস্য বা) স্বিষ্টস্য (সদনুষ্ঠিতস্য যজ্ঞাদেঃ) সূক্তস্য (বেদবচনস্য সৎকথায়াঃ বা) বুদ্ধিদত্তয়োশ্চ (বুদ্ধেঃ প্রজ্ঞায়াঃ দত্তস্য দানাদেশ্চ) অবিচ্যুতঃ (অব্যর্থঃ অব্যভিচারী) অর্থঃ (আদিকারণং চরমং পূর্ণঞ্চ ফলম্) ইতি কবিভিঃ (আত্মতত্ত্বজ্ঞৈঃ সাধুভক্তৈঃ) নিরূপিতঃ (নির্দ্ধারিতঃ স্থিরীকৃতঃ) [বুদ্ধদত্তয়োরিতি পাঠে বুদ্ধদেবস্য দত্তাত্রেয়স্য চ স্বিষ্টস্য সূক্তস্য চ উপদেশস্য ইতি যাবৎ] ।১৩।

উত্তমঃশ্লোক (পবিত্রকীর্ত্তি) ভগবানের এইরূপ গুণানুবর্ণনকেই (লীলামহিমকীর্ত্তনকেই) তত্ত্বজ্ঞানী যোগিগণ মানবের সকল তপস্যার শ্রুতি-স্বাধ্যায়ের বা সদনুষ্ঠিত যজ্ঞের, সূক্তপাঠের, প্রজ্ঞার ও দানাদি ধর্ম্মের (পাঠান্তরে বুদ্ধদেব ও দত্তাত্রেয়ের উপদিষ্ট ধর্ম্মের) অব্যভিচারী (নিত্যসিদ্ধ) আদি কারণ ও পূর্ণ চরম ফল বলিয়া নিরূপণ করিয়াছেন। ১৩।

যদত্র ক্রিয়তে কর্ম্ম ভগবৎপরিতোষণম্।
জ্ঞানং যত্তদধীনং হি ভক্তিযোগসমন্বিতম্ ॥১৪॥

১, ৫, ৩৫ নারদঃ।

অত্র (ইহলোকে অস্মিন্ জন্মনি বা) ভগবৎপরিতোষণম্ (ভগবৎপ্রীতিসাধকম্ আত্মকামনাবিবর্জ্জিতং) যৎ (নিষ্কামমিতি যাবৎ) কর্ম্ম ক্রিয়তে (অনুষ্ঠীয়তে ভক্তিসাধকৈরিতিশেষঃ) ভক্তিযোগসমন্বিতম্ (ভক্তিযোগস্য অবিরুদ্ধং পরাভক্তিপ্রবর্ত্তক-মিত্যর্থং) যৎ (মোক্ষপ্রদায়কং) জ্ঞানং (ভগবত্তত্ত্বজ্ঞানং) তদধীনং (তস্য তাদৃশস্য কর্ম্মণঃ ভগবদর্পিতস্য নিষ্কামস্য ইতি ভাবঃ অধীনং আয়ত্তং তজ্জন্যত্বাদিত্যর্থঃ) হি (নিশ্চিতমেব)।১৪।

ইহ সংসারে ভগবানের পরিতুষ্টির জন্য (নিষ্কাম-ভাবে) যে কর্ম্ম করা যায়, তাহা হইতেই পরাভক্তি-প্রবর্ত্তক জ্ঞানের উদয় হইয়া থাকে। ১৪।

যমাদিভির্যোগপথৈঃ কামলোভহতো মুহুঃ ।
মুকুন্দসেবয়া যদ্বত্তথাদ্ধাত্মা ন শাম্যতি ॥১৫॥

১, ৬, ৩৫ নারদঃ ।

যমাদিভিঃ (যমনিয়মাসনপ্রাণায়ামপ্রত্যাহারধ্যানধারণাসমাধিভিঃ) যোগপথৈঃ (যোগসাধনৈরুপায়ৈঃ) মুহুঃ (পুনঃ পুনঃ) কামলোভহতঃ (কামলোভাদিভির্হতঃ বিধ্বস্তঃ বিকৃতঃ ইতি যাবৎ) আত্মা (মনঃ) তথা (তাদৃশং সম্পূর্ণরূপেণ) ন শাম্যতি (শান্তিং নাধিগচ্ছতি প্রশান্তো ন ভবতি) যদ্বৎ (যাদৃশং) মুকুন্দসেবয়া (মুক্তিদায়িনঃ শ্রীহরেঃ সেবয়া কেবলয়া ভক্ত্যা পূজারাধনয়া) অদ্ধা (সাক্ষাৎ যথার্থমেব শাম্যতি ইতি শেষঃ) ।১৫।

অনুক্ষণ মুকুন্দসেবায় (মুক্তিদাতা ভগবানের আরাধনায়) কামলোভাদি দ্বারা বিধ্বস্ত মন যেমন নিশ্চয়ই প্রকৃত শান্তি লাভ করিয়া থাকে, যম নিয়মাদি যোগসাধন দ্বারা কখনই সেরূপ হয় না ।১৫।

আত্মারামাশ্চ মুনয়ো নির্গ্রন্থা অপ্যুরুক্রমে।
কুর্বন্ত্যহৈতুকীং ভক্তিমিত্থম্ভূতগুণো হরিঃ ॥১৬॥

১, ৭, ১০ সূতঃ।

আত্মারামাঃ (পরমাত্মনি নিত্যরমিতাঃ অতএব পূর্ণকামাঃ) নির্গ্রন্থাশ্চ (অহঙ্কারাবিদ্যাবিনির্মুক্তাঃ বিধিপ্রতিষেধবহির্ভূতাঃ দ্বন্দ্বরহিতাশ্চ) মুনয়ঃ অপি (দুঃখেষ্বনুদ্বিগ্নমনসঃ সুখেষু বিগত-স্পৃহাঃ বীতরাগভয়ক্রোধাঃ স্থিতধিয়ঃ সাধূত্তমাঃ অপি) উরুক্রমে (নিখিলবিশ্বব্যাপিনি ভগবতি শ্রীবিষ্ণৌ) ভক্তিম্ (অহৈতুকীং প্রীতিং) কুর্ব্বন্তি (স্থাপয়ন্তি) হরিঃ (সর্ব্বজীবানাং পাপতাপ-হারী মনোহারী চ শ্রীহরিঃ) ইত্থম্ভূতগুণঃ (এতাদৃশগুণপ্রভাবঃ আপ্তকামানাং মুনীনামপি চিত্তাকর্ষণকারী ইতি ভাবঃ) ।১৬।

শ্রীহরির এমনই গুণমহিমা যে আত্মারাম (পরমাত্মায় নিত্যরমিত অতএব পূর্ণকাম) ও অবিদ্যাদিবন্ধনমুক্ত মুনিগণ বিধি-প্রতিষেধের অতীত হইয়াও উরুক্রমে (নিখিল-বিশ্বব্যাপী ভগবানে) অহৈতুকী (ইষ্টপ্রাপ্তি-হেতুরহিতা) পরমা প্রীতি (স্থাপনা) করিয়া থাকেন।১৬।

শৃণ্বন্তি গায়ন্তি গৃণন্ত্যভীক্ষ্ণশঃ
স্মরন্তি নন্দন্তি তবেহিতং জনাঃ।
ত এব পশ্যন্ত্যচিরেণ তাবকম্
ভবপ্রবাহোপরমং পদাম্বুজম্ ॥১৭॥

১, ৮, ৩৫ কুন্তী।

(হে কৃষ্ণ,) (যে) জনাঃ তব ঈহিতং (চেষ্টিতং লীলাচরিতম্) অভীক্ষ্ণশঃ (সততং পুনঃ পুনঃ) শৃণ্বন্তি (সাধু-গুরু-বৈষ্ণবমুখেভ্যঃ সাগ্রহং সানন্দং সাবধানঞ্চ শৃণ্বন্তি) গায়ন্তি (অন্তরঙ্গভক্তানাং শ্রদ্ধাবতাং শ্রোতৃণাঞ্চ সমীপে কীর্ত্তয়ন্তি) গৃণন্তি (একাকী নির্জনে স্বয়ং জল্পন্তি) স্মরন্তি (প্রীতিপূর্ণমনসা ধ্যায়ন্তি) নন্দন্তি (অন্যৈ গীয়মানং তব গুণমহিমানম্ ভক্তৈঃ কীর্ত্ত্যমানম্ অভিনন্দন্তি শ্রুত্বা পরমানন্দং লভন্তে) তে (জনাঃ) অচিরেণৈব (শীঘ্রমেব) ভবপ্রবাহোপরমং (পুনঃপুনর্জন্মমৃত্যুনিবর্ত্তকং) তাবকং (ত্বদীয়ং) পদাম্বুজং (শ্রীচরণারবিন্দং) পশ্যন্তি (প্রত্যক্ষং কুর্ব্বন্তি)।১৭।

(হে কৃষ্ণ,) যাঁহারা তোমার অপূর্ব্ব লীলামহিমা (মনে মনে) অনুক্ষণ স্মরণ, (প্রকাশ্যে প্রেমানন্দভরে) কীর্ত্তন, (সাধু-গুরু-বৈষ্ণবের মুখে) শ্রবণ, (অন্তরঙ্গ ভক্তবৃন্দের সঙ্গে) প্রসঙ্গালাপন, (অপরের মুখে তোমার চরিত্রবর্ণন বা নামকীর্ত্তন শ্রবণে) অতুল আনন্দ অনুভব, ও একাকী নির্জনে বসিয়া স্বয়ং তোমার নাম উচ্চারণ করেন, তাঁহারাই অচিরে ভবপ্রবাহনাশন (সংসারে পুনঃ পুনঃ গতাগতির অর্থাৎ জন্মমৃত্যুর নিবৃত্তিকারী) তোমার পাদপদ্ম-দর্শন লাভ করেন।১৭।

নোত্তমঃশ্লোকবার্ত্তানাং জুষতাং তৎকথামৃতম্ ।
স্যাৎ সম্ভ্রমোঽন্তকালেঽপি স্মরতাং তৎপদাম্বুজম্ ॥১৮॥

১, ১৮, ৪ সূতঃ ।

উত্তমঃশ্লোকবার্ত্তানাং (উত্তমঃশ্লোকস্য মধুরমঙ্গলকীর্ত্তে র্ভগবতো বাসুদেবস্য বার্ত্তা এব প্রসঙ্গো যেষাং তেষাং বাসুদেবে বার্ত্তাঃ সর্ব্বা এব দেহমনোবাক্প্রবৃত্তয়ো যেষাং তেষাং বাসুদেবজীবন-সর্ব্বস্বানাং বাসুদেবলীলারসপিপাসূনাং) তৎকথামৃতং জুষতাং (তস্য শ্রীহরেঃ কথা লীলাগুণমহিমবর্ণনাত্মিকা তামেব অমৃতম্ মনসা আস্বাদয়তাম্) (তথা) তৎপাদাম্বুজং (তচ্চরণকমলং) স্মরতাং (প্রেমপূর্ণান্তঃকরণেন সর্ব্বদৈব চিন্তয়তাং জনানামিতি শেষঃ) অন্তকালেঽপি (চরমসময়েঽপি প্রাণবিয়োগেঽপি ইতি যাবৎ) সম্ভ্রমো (মোহো ভ্রান্তিঃ বিস্মরণম্ ভগবচ্চরণাৎ মনসশ্চ্যুতিঃ) ন স্যাৎ (ন সম্ভবেৎ) ।১৮।

উত্তমঃশ্লোক (পবিত্রকীর্ত্তি) ভগবানের লীলারস-পিপাসু, তৎকথামৃতপানপরিতৃপ্ত, ও সর্ব্বদা তাঁহার পাদপদ্মস্মরণকারী ভক্তগণের চিত্ত প্রাণান্তেও (জীবনান্ত-কালেও) কখন ভ্রান্ত (মোহপ্রাপ্ত অতএব ভগবচ্চরণচ্যুত) হয় না ।১৮।

তুলয়াম লবেনাপি ন স্বর্গং নাপুনর্ভবম্ ।
ভগবৎসঙ্গিসঙ্গস্য মর্ত্ত্যানাং কিমুতাশিষঃ ॥১৯॥

১, ১৮, ১৩ ঋষয়ঃ ।

ভগবৎসঙ্গিসঙ্গস্য (ভগবতা সহ প্রেম্ণা নিত্যযুক্তানাং ভক্তানাং সঙ্গস্য সংসর্গস্য) লবেন (ক্ষণপরিমাণেন মুহূর্ত্তমাত্রেণ সহ) স্বর্গং (দিব্য-লোকবাসং অনন্তকালং যাবৎ) অপুনর্ভবম্ (অপুনরাবর্ত্তনম্ মোক্ষং বা) (বয়ং) ন তুলয়াম (তুলনায়াং সমং ন পশ্যাম তোলনে সম্ভাবনা-মপি ন পশ্যাম) মর্ত্ত্যানাং (মরণশীলানাং মানবানাং) আশিষঃ (রাজ্যাদ্যাঃ অভিলষিতাঃ তুচ্ছাঃ ভোগবিষয়াঃ) কিম্ উত (কিম্ পুনর্বক্তব্যমিতিশেষঃ) (ভগবৎসঙ্গ ইব ভগবৎসঙ্গিসঙ্গোঽপি অতীব প্রার্থনীয়ঃ ইতি ভাবঃ) ।১৯।

ভগবানের নিত্যযুক্ত ভক্তের ক্ষণমাত্র সঙ্গের সহিত স্বর্গের (সুখৈশ্বর্য্যের) অথবা নির্ব্বাণমুক্তিরও (পরাশান্তির) তুলনা করিতে পারি না ; মরণশীল মানবগণের প্রার্থনীয় তুচ্ছ ভোগ্যবস্তুর কথা আর কি বলিব ?১৯।

কো নাম তৃপ্যেদ্ রসবিৎ কথায়াম্
মহত্তমৈকান্তপরায়ণস্য।
নান্তং গুণানামগুণস্য জগ্মু-
র্যোগেশ্বরা যে ভবপাদ্মমুখ্যাঃ ॥২০॥

১, ১৮, ১৪ ঋষয়ঃ।

ভবপাদ্মমুখ্যাঃ (ভবঃ শিবঃ পাদ্মঃ পদ্মযোনির্ব্রহ্মা চ মুখ্যৌ প্রধানৌ যেষাং তে মহেশবিরিঞ্চাদয়ঃ) যে (যে চ অন্যে) যোগেশ্বরাঃ (যোগৈশ্বর্য্যশালিনঃ যোগীন্দ্রাঃ) (অপি যস্য) মহত্তমৈকান্ত-পরায়ণস্য (মহত্তমানাং সাধুমহাত্মশ্রেষ্ঠানাং একং একমাত্রং অন্তং চরমং পরং পরমঞ্চ অয়নম্ আশ্রয়ো য স্তস্য) অগুণস্য (গুণাতীতস্য অনন্তগুণাধারস্য) গুণানাম্ (চিন্ময়বিভূতীনাম্) অন্তং (পরাং কাষ্ঠাং) ন জগ্মুঃ (গতবন্তঃ ইয়ত্তয়া ঈদৃক্তয়া বা নিরূপিতবন্তঃ) তস্য কথায়াং (লীলারসমাধুর্য্যাং) কো নাম (ঈদৃশঃ কোঽস্তি যঃ) রসবিৎ (রসজ্ঞঃ প্রেমিকো ভক্তঃ) তৃপ্যেৎ (তৃপ্তো ভবেৎ ন কোঽপি ইত্যর্থঃ) [হরিকথাশ্রবণেনৈব তচ্ছ্রবণৌৎসুক্যং বর্দ্ধতে ন তু শাম্যতীতি ভাবঃ] ।২০।

যিনি সাধু-মহাপুরুষগণের একমাত্র আশ্রয়, যিনি অগুণ (অনন্তগুণাধার অথচ গুণাতীত), যাঁহার বিচিত্র বিভূতির ও অচিন্ত্য মহিমার অন্ত (চরমসীমা) মহেশ-বিরিঞ্চাদি মহাযোগীন্দ্রগণেরও ধ্যানের অগম্য, সেই ভগবানের কথা শ্রবণে কোন্ রসজ্ঞ ব্যক্তি (প্রেমিকভক্ত) তৃপ্ত হয়েন? (অর্থাৎ শুনিয়া কাহারও আকাঙ্ক্ষার পরিতৃপ্তি হয় না) ।২০।

এতাবতালং নন্থ সূচিতেন
গুণৈরসাম্যানতিশায়নস্য।
হিত্বেতরান্ প্রার্থয়তো বিভূতি-
র্যস্যাঙ্ঘ্রিরেণুং জুষতেঽনভীপ্সোঃ ॥২১॥

১, ১৮, ২০ সূতঃ।

গুণৈঃ (মহিমপ্রভাবৈঃ) অসাম্যানতিশায়নস্য (ন সাম্যং ন অতি-শায়নং যস্য তস্য ইতি যস্য সম এব নাস্তি তস্য অধিকঃ কুতঃ স্যাৎ ইত্যর্থঃ) তস্য হরে র্নন্থ এতাবতা (এতন্মাত্রেণৈব) সূচিতেন (জ্ঞাপিতেন কথিতেন সূচনামাত্রেণ ইতি যাবৎ) অলং (পর্য্যাপ্তং) (যৎ) বিভূতিঃ (ঐশ্বর্য্যাধিষ্ঠাত্রী স্বয়ং লক্ষ্মীঃ) প্রার্থয়তঃ (প্রার্থয়মানান্) ইতরান্ (অনুত্তমান্ অসমতুল্যান্ ব্রহ্মাদীন্) হিত্বা (পরিত্যজ্য) অনভীপ্সোঃ (অনিচ্ছতঃ অনভিলাষিণঃ) অপি যস্য অঙ্ঘ্রিরেণুং (চরণরেণুং) জুষতে (প্রীত্যা সেবতে)।২১।

শঙ্কর-বিরিঞ্চাদি দেবগণ প্রার্থনা করিলেও, ঐশ্বর্য্যের অধিষ্ঠাত্রী দেবী (মা লক্ষ্মী) যে তাঁহাদিগকে পরিত্যাগ করিয়া অযাচিত ভাবে সেই ভগবান্ শ্রীহরির পাদপদ্মের রেণু সেবন করিয়া থাকেন, ইহাতেই তিনি যে গুণ-মহিমায় অতুলনীয় ও সর্ব্বদেবতার অধীশ্বর তাহা সুস্পষ্ট ও সম্পূর্ণ সূচিত হইতেছে।২১।

অথাপি যৎপাদনখাবসৃষ্টং
জগদ্বিরিঞ্চোপহৃতার্হণাম্ভঃ ।
সেশং পুণাত্যন্যতমো মুকুন্দাৎ
কো নাম লোকে ভগবৎপদার্থঃ ॥২২॥

১, ১৮, ২১ সূতঃ ।

অথ (অন্যচ্চ) অপি যৎপাদনখাবসৃষ্টং (যস্য শ্রীহরেশ্চরণনখ-নিঃসৃতম্) বিরিঞ্চোপহৃতং (বিরিঞ্চেন ব্রহ্মণা উপহৃতং সাদরম্ অর্পিতং সেচিতমিতি যাবৎ) অর্হণাম্ভঃ (অর্ঘ্যোদকং) সেশং (ঈশেন শঙ্করেণ সহ) জগৎ (সমগ্রং বিশ্বং) পুণাতি (পবিত্রং করোতি) (তস্মাৎ) মুকুন্দাৎ অন্যতমঃ (মুকুন্দব্যতিরিক্তঃ) কো নাম (অন্যঃ কোঽস্তি যঃ) লোকে (জগতি) ভগবৎপদার্থঃ (ভগবৎপদস্য অর্থঃ যথার্থঃ সর্ব্বেশ্বরেশ্বরো ভগবান্ স্যাৎ) (স এব নান্যঃ কোঽপীত্যর্থঃ) ।২২।

(আরও দেখ) যাঁহার চরণনখ-নিঃসৃত বারি ব্রহ্মা কর্ত্তৃক দেবাদিদেব মহাদেবের অর্ঘ্য স্বরূপ সাদরে সমর্পিত হইয়া তাঁহাকে (মহাদেবকে) ও তৎসহ সমগ্র জগৎকে পবিত্র করিতেছে, সেই মুকুন্দ ভিন্ন এই বিশ্ব-ব্রহ্মাণ্ডে সর্ব্বদেবেশ্বরেশ্বর ভগবান্ আর কে হইতে পারে ? ২২।

যত্রানুরক্তাঃ সহসৈব ধীরা
ব্যপোহ্য দেহাদিষু সঙ্গমূঢ়ম্।
ব্রজন্তি তৎ পারমহংস্যমন্ত্যং
যস্মিন্নহিংসোপশমঃ স্বধর্ম্মঃ ॥২৩॥

১, ১৮, ২২ সূতঃ।

ধীরাঃ (স্থিতধিয়ঃ প্রশান্তচেতসঃ সাধবঃ) যত্র (যস্মিন্ ভগবতি) অনুরক্তাঃ (জাতানুরাগাঃ সন্তঃ) দেহাদিষু ঊঢ়ং (চিরনিবদ্ধম্) সঙ্গম্ (আসক্তিং) সহসৈব (সপদি এব) ব্যপোহ্য (সর্ব্বতোভাবেন ত্যক্ত্বা) অন্ত্যং (চরমম্) পারমহংস্যম্ আশ্রমম্ (পরমমহাযোগিনাং সিদ্ধাবস্থাং) ব্রজন্তি (প্রাপ্নুবন্তি) যস্মিন্ (আশ্রমে) অহিংসোপশমঃ (অহিংসয়া হিংসায়াঃ অভাবেন উপলক্ষিতঃ উপশমঃ শান্তিঃ) স্বধর্ম্মঃ (স্বাভাবিকো ধর্ম্মঃ) (স্বতঃ এব স্ফুরতি ইত্যর্থঃ)।২৩।

যাঁহাতে অনুরক্ত সংযতচিত্ত সাধুভক্তগণ দেহাদিতে চিরনিহিত আসক্তি মুহূর্ত্তমধ্যে সম্পূর্ণরূপে উচ্ছেদ করিয়া সেই হিংসাহীন স্বভাবসিদ্ধ শান্তিময় পরমহংসাবস্থার চরম সীমায় গমন করেন।২৩।

তিরস্কৃতা বিপ্রলব্ধাঃ শপ্তাঃ ক্ষিপ্তা হতা অপি।
নাস্য তৎ প্রতিকুর্ব্বন্তি তদ্ভক্তাঃ প্রভবোঽপি হি ॥২৪॥

১, ১৮, ৪৭ শমীকঃ।

তিরস্কৃতাঃ (ভৎর্সিতাঃ নিন্দিতাঃ) বিপ্রলব্ধাঃ (বঞ্চিতাঃ প্রতারিতাঃ) শপ্তাঃ (অভিশপ্তাঃ দত্তাভিশাপাঃ) ক্ষিপ্তাঃ (আক্ষিপ্তা অবজ্ঞাতাঃ) হতাঃ (আহতাঃ তাড়িতাঃ) অপি তদ্ভক্তাঃ (ভগবদ্ভক্তাঃ) অস্য (তিরস্কারাদেঃ প্রতীকারং কর্ত্তুম্) প্রভবোঽপি (সমর্থাঃ অপি) তৎ ন প্রতিকুর্ব্বন্তি (তস্য প্রতীকারং ন কুর্ব্বন্তি) ধৈর্য্যেণ সহন্তে ইত্যর্থঃ।২৪।

সেই (সর্ব্বান্তর্যামী) ভগবানের ভক্তগণ (অন্য কর্ত্তৃক) তিরস্কৃত (ভৎর্সিত নিন্দিত), প্রতারিত, অভিশপ্ত,অবজ্ঞাত (অবমানিত), অথবা আহত (তাড়িত) হইলে সামর্থ্য সত্ত্বেও কখনও তাহার প্রতীকার করেন না (ধীরভাবে সমস্ত দুঃখকষ্ট সহ্য করেন)।২৪।

প্রায়শঃ সাধবো লোকে পরৈর্দ্বন্দ্বেষু যোজিতাঃ।
ন ব্যথন্তে ন হৃষ্যন্তি যত আত্মাঽগুণাশ্রয়ঃ ॥২৫॥

১, ১৮, ৪৯ শমীকঃ।

লোকে (ইহ জগতি) সাধবঃ (সাধুভক্তাঃ) প্রায়শঃ (প্রায়েণ) পরৈঃ (অন্যৈর্জনৈঃ) দ্বন্দ্বেষু (সুখদুঃখাদিষু) যোজিতাঃ সন্তি (পরন্তু) তে তত্র ন হৃষ্যন্তি আনন্দিতা ভবন্তি ন ব্যথন্তে ন ব্যথিতাঃ ভবন্তি যতঃ (যস্মাৎ) আত্মা অগুণাশ্রয়ঃ (প্রাকৃতসুখদুঃখানুভূতেঃ আশ্রয়ো ন ভবতি) সাধবঃ সর্ব্বদৈব আত্মারামা-স্তিষ্ঠন্তি ইতি ভাবঃ।২৫।

এই জগতে প্রায়ই সাধুগণকে অন্যলোকে দুঃখ বা সুখ প্রদান করে, কিন্তু তাঁহারা তাহাতে ব্যথিত বা আনন্দিত হন না, কারণ তাঁহারা সর্ব্বদাই আত্মরনিত; আত্মা সুখদুঃখদ্বন্দ্বগুণাতীত অর্থাৎ সুখ দুঃখ আত্মাকে আশ্রয় করিতে পারে না।২৫।

তস্মাদ্ভারত সর্ব্বাত্মা ভগবানীশ্বরো হরিঃ ।
শ্রোতব্যঃ কীর্ত্তিতব্যশ্চ স্মর্ত্তব্যশ্চেচ্ছতাভয়ম্ ॥২৬॥

২, ১, ৫ শুকঃ ।

তস্মাৎ (অতএব) হে ভারত (ভরতকুলোদ্ভব) অভয়মিচ্ছতা (ভবভয়নিবৃত্তিং মোক্ষমিতি যাবৎ কাঙ্ক্ষতা পুংসা) সর্ব্বাত্মা (সর্ব্বেষাম্ আত্মা সর্ব্বভূতান্তরাত্মা) ভগবান্ (সৌন্দর্য্যমাধুর্য্যময়ঃ) ঈশ্বরঃ (পরমৈশ্বর্য্যশালী) হরিঃ (সর্ব্বদুঃখদুরিতহারী) শ্রোতব্যঃ (শ্রবণীয়ঃ তস্য লীলাগুণপ্রসঙ্গঃ ইত্যর্থঃ) কীর্ত্তিতব্যঃ (কীর্ত্তনীয়ঃ তস্য মধুরমঙ্গলনামসমূহঃ লীলাগুণসমুচ্চয়শ্চ ইত্যর্থঃ) স্মর্ত্তব্যশ্চ (তথা স্মরণীয়ঃ সদৈব প্রেমার্দ্রচিত্তেন তস্য শ্রীহরেঃ মধুরমোহনরূপরাশি-রিত্যর্থঃ) ।২৬।

অতএব হে ভারত (পরীক্ষিৎ), সকল ভয় হইতে পরিত্রাণ ও পরামুক্তি লাভ করিতে (অথবা যাঁহাকে পাইলে সকল ভয়ের অত্যন্তনিবৃত্তি হয় তাঁহাকে পাইতে) যিনি ইচ্ছা করেন, সর্ব্বভূতের অন্তরাত্মা সেই পরমসুন্দর পরমেশ্বর ভবভয়হারী ভগবান্ শ্রীহরির লীলাগুণমহিমাদি সতত শ্রবণ, ভুবনমঙ্গল নাম কীর্ত্তন ও প্রাণমোহন রূপ স্মরণ করা তাঁহার কর্ত্তব্য ।২৬।

এতাবান্ সাংখ্যযোগাভ্যাং স্বধর্ম্মপরিনিষ্ঠয়া।
জন্মলাভঃ পরঃ পুংসামন্তে নারায়ণস্মৃতিঃ ॥২৭॥

২, ১, ৬ শুকঃ।

স্বধর্ম্মপরিনিষ্ঠয়া (শ্রদ্ধাভক্তিপূর্ব্বকং নিজবর্ণাশ্রমবিহিত-ধর্ম্মানুষ্ঠানেন) সাংখ্যযোগাভ্যাং (সাংখ্যং বেদান্তবিজ্ঞানসিদ্ধম্ আত্ম-তত্ত্বজ্ঞানং যোগঃ অষ্টাঙ্গযোগসাধনং তাভ্যাং জ্ঞানযোগ-কর্ম্মযোগা-ভ্যামিত্যর্থঃ) পুংসাং (মানবানাম্) অন্তে (জীবনান্তকালে) নারায়ণস্মৃতিঃ (ভগবচ্চরণচিন্তনং তন্নামস্মরণং বা) এতাবান্ (ঈদৃশো মহান্) পরঃ (পরমঃ শ্রেষ্ঠঃ) জন্মলাভঃ (জন্মনঃ দেহধারণস্য লাভঃ সার্থকতা সাফল্যমিতি যাবৎ) অতঃপরং মনুষ্যজন্মনঃ শুভতরং মহত্তরং বা ফলং নাস্তীত্যর্থঃ।২৭।

স্বধর্ম্মে (আজীবন) সম্যক্ নিষ্ঠাবান্ থাকিয়া আত্মানাত্মবিবেক ও অষ্টাঙ্গযোগ (জ্ঞানযোগ ও কর্ম্মযোগ) সাধন দ্বারা মানবগণের চরমসিদ্ধি-স্বরূপ জীবনান্তকালে যে নারায়ণস্মৃতি হয়, ইহাই মনুষ্যজন্ম-ধারণের পরম লাভ (অর্থাৎ) প্রকৃত সার্থকতা।২৭।

প্রায়েণ মুনয়ো রাজন্নিবৃত্তা বিধিসেধতঃ।
নৈর্গুণ্যস্থা রমন্তে স্ম গুণানুকথনে হরেঃ ॥২৮॥

২, ১, ৭ শুকঃ।

হে রাজন্! প্রায়েণ (প্রায়শঃ বাহুল্যেন) বিধিসেধতঃ নিবৃত্তাঃ (ধর্ম্মশাস্ত্রোক্তবিধিনিষেধাত্মকসর্ব্বকর্ম্মবর্জ্জিতাঃ বিধি-নিষেধাভ্যাম্ বিরতাঃ) নৈর্গুণ্যস্থাঃ (নিস্ত্রৈগুণ্যমার্গে ত্রিগুণা-তীতাবস্থায়াম্ অথবা নির্গুণস্য ভাবঃ নৈর্গুণ্যং তস্মিন্ তিষ্ঠন্তি যে তে সদৈব ব্রহ্মভাবে অবস্থিতাঃ জীবন্মুক্তা ইতি যাবৎ) অপি মুনয়ঃ (সিদ্ধমহাযোগিনঃ) হরেগুর্ণানুকথনে (সর্ব্বৈশ্বর্য্য-সৌন্দর্য্যমাধুর্য্যময়স্য শ্রীহরেঃ সদৈব লীলাগুণমহিমকীর্ত্তনে) রমন্তে স্ম (পরমানন্দম্ অনুভবন্তি ইতি প্রসিদ্ধম্)।২৮।

হে রাজন্, যে সকল (জীবন্মুক্ত) মুনিগণ (বেদোক্ত কর্ম্মকাণ্ডের) বিধি-নিষেধ হইতে চিরনিবৃত্ত হইয়া নিস্ত্রৈগুণ্য (সত্ত্বরজস্তমোগুণাতীত) মার্গে (অথবা নির্গুণ পরমব্রহ্মে) নিত্য অবস্থিত রহিয়াছেন, তাঁহারাও শ্রীহরির গুণকীর্ত্তনে ও তাঁহার কথা পুনঃপুনঃ অনুশীলনে পরমানন্দ লাভ করিয়া থাকেন।২৮।

এতন্নির্ব্বিদ্যমানানামিচ্ছতামকুতোভয়ম্ ।
যোগিনাং নৃপ নির্ণীতং হরের্নামানুকীর্ত্তনম্॥২৯॥
২, ১, ১১ শুকঃ।

হে নৃপ! এতৎ (অদ্ভুতগুণং সাধকানাং সিদ্ধানাঞ্চ পরমকল্যাণপ্রদং) হরের্নামানুকীর্ত্তনং (নিরন্তরং শ্রীহরের্নামকীর্ত্তনং) নির্ব্বিদ্যমানানাং (নির্ব্বিণ্নচিত্তানাং ধর্ম্মার্থকামমোক্ষেষু নিস্পৃহাণাম্ একান্তভক্তানাম্) ইচ্ছতাং (স্বর্গাপবর্গাদিকামিনাং সাধকানাং) যোগিনাং (আত্মারামাণাঞ্চ সিদ্ধযোগিনাম্) অকুতোভয়ং (সর্ব্বত্র সম্পূর্ণভয়রহিতং শান্তিপূর্ণং সাধনং ফলঞ্চ ইতি ভাবঃ) নির্ণীতং (পূর্ব্বতনৈঃ সাধুমহাপুরুষৈঃ নির্দ্ধারিতম্) অথবা নির্ব্বিদ্যমানানাং (বিষয়বিরক্তানাং মুমুক্ষূণাম্) অকুতোভয়ম্ ইচ্ছতাং (পরাং শান্তিং প্রাপ্তুম্ ইচ্ছতাম্) যোগিনাম্ (যোগসিদ্ধানাং সাধকানাং বা) এতৎ হরের্নামানুকীর্ত্তনং নির্ণীতং (সাধনত্বেন ফলত্বেন চ নিরূপিতং) সর্ব্বেষু ধর্ম্মশাস্ত্রেষু ইতি শেষঃ।২৯।

হে নৃপ, (নিজভক্তির অনুরূপ নিরন্তর) শ্রীহরির এই নামানুকীর্ত্তনই প্রশান্তচিত্ত একান্তভক্তবৃন্দের, চতুর্ব্বর্গলাভাভিলাষী সাধকবর্গের, ও মুমুক্ষু (আত্মারাম) যোগিগণের অকুতোভয় (সর্ব্বত্র অভয় অতএব) সর্ব্বশ্রেষ্ঠ সাধন ও তাহার চরম ফল বলিয়া (সর্ব্ব ধর্ম্মশাস্ত্রে) ও ভক্ত সাধুগণ কর্ত্তৃক নির্দ্ধারিত হইয়াছে।২৯।

কিং প্রমত্তস্য বহুভিঃ পরোক্ষৈ র্হায়নৈরিহ ।
বরং মুহূর্ত্তং বিদিতং ঘটতে শ্রেয়সে যতঃ ॥৩০॥

২, ১ ১২ শুকঃ।

ইহ (জগতি) প্রমত্তস্য (অনবহিতচিত্তস্য হরিসাধনবিমুখস্য বিস্মৃতাত্মকল্যাণস্য জনস্য) পরোক্ষৈঃ (অজ্ঞাতসারেণ বিগতৈঃ বৃথা যান্তি ইতি অবিদিতৈর্বা) হায়নৈঃ (সংবৎসরৈঃ) (কিং ফলং) বিদিতং (হরিসাধনেন বিনা বৃথা যাতীতি অবধারিতং) মুহূর্ত্তং (ক্ষণমাত্রম্ অত্যল্পকালমাত্রং) বরং (শ্রেয়ঃ শুভকরং) যতঃ (যস্মাৎ যৎক্ষণাদেব) শ্রেয়সে (পরমকল্যাণায় হরিসাধনায়) ঘটতে (যততে যত্নেন চেষ্টাং করোতি লব্ধচৈতন্যো জনঃ ইতি শেষঃ) ।৩০।

এই জগতে অনবহিতচিত্ত মানবের অজ্ঞাতে অতিবাহিত বহুবৎসর জীবন ধারণে ফল কি? (জীবন) অনর্থক অতিবাহিত হইতেছে জানিতে পারিলে মুহূর্ত্তমাত্র সময়ও বরং শ্রেয়ঃ, যেহেতু তাদৃশ জ্ঞান জন্মিলে (মানব) তৎক্ষণাৎ স্বীয় পারত্রিক কল্যাণসাধনে যত্নবান্ হইতে পারে ।৩০।

অন্তকালেঽপি পুরুষ আগতে গতসাধ্বসঃ ।
ছিন্দ্যাদসঙ্গশস্ত্রেণ স্পৃহাং দেহেঽনু যে চ তম্ ॥৩১॥

২, ১, ১৫ শুকঃ ।

অন্তকালে (জীবনাবসানসময়ে) আগতে (সমুপস্থিতে সতি) পুরুষঃ (মানবঃ) (গতসাধ্বসঃ ব্যপেতভীঃ মৃত্যুভয়হীনঃ সন্) অসঙ্গ-শস্ত্রেণ (অনাসক্তিরূপেণ আসঙ্গবর্জ্জনরূপেণ বা শস্ত্রেণ তীক্ষ্ণাসিনা) দেহে (পঞ্চভূতাত্মকে নিজশরীরে) তম্ অনু (তদনুবন্ধিনঃ তত্তুল্যাঃ প্রিয়াঃ) যে চ (পুত্রকলত্রাদয়ঃ অন্যে চ প্রিয়পরিজনাঃ বিষয়াশ্চ তেষু) স্পৃহাং (আসক্তিং ভোগেচ্ছাং) ছিন্দ্যাৎ (ছিন্নাং কুর্য্যাৎ নাশয়েৎ ইতি ভাবঃ) ।৩১।

জীবনান্তকাল উপস্থিত হইলেও মানব বিগতত্রাস (মৃত্যুভয়রহিত) হইয়া অনাসক্তিরূপ শস্ত্রদ্বারা নিজদেহে ও দেহের অনুবন্ধি (সম্বন্ধযুক্ত) পুত্রকলত্রাদিতে এবং যাবতীয় ভোগ্যবস্তুতে স্পৃহা (মমতা ভোগেচ্ছা) ছেদন করিতে পারে (ও করাও তাহার কর্ত্তব্য) ।৩১।

যাবন্ন জায়েত পরাবরেঽস্মিন্
বিশ্বেশ্বরে দ্রষ্টরি ভক্তিযোগঃ।
তাবৎ স্থবীয়ঃ পুরুষস্য রূপং
ক্রিয়াবসানে প্রযতঃ স্মরেত ॥৩২॥

২, ২, ১৪ শুকঃ।

যাবৎ (যৎকালপর্য্যন্তং) পরাবরে (নির্গুণসগুণাত্মকে সর্ব্বদেবাদিদেবে পুরুষোত্তমে) অস্মিন্ (হৃৎকমলসন্নিবিষ্টে) বিশ্বেশ্বরে (বিশ্বাধীশ্বরে) দ্রষ্টরি (সর্ব্বসাক্ষিস্বরূপে ন তু দৃশ্যে চিন্ময়ত্বাৎ) ভক্তিযোগঃ (প্রেমলক্ষণঃ নিরন্তরধ্যানযোগঃ) ন জায়েত (ন উৎপন্নঃ স্যাৎ) তাবৎ (তৎকালপর্য্যন্তং) ক্রিয়াবসানে (নিত্য-কর্ত্তব্যকর্ম্মানুষ্ঠানানন্তরং) প্রযতঃ সন্ (সর্ব্বান্তঃকরণেন যত্নং কুর্ব্বন্) পুরুষস্য (বিরাট্পুরুষস্য বিশ্বব্যাপিনঃ পরব্রহ্মণঃ) স্থবীয়ঃ (স্থূলতরং) রূপং (দৃশ্যরূপং) স্মরেত (প্রীতিপূর্ণান্তরাত্মনা সদৈব ধ্যায়েৎ)।৩২।

সর্ব্বদেবাদিদেব সর্ব্বভূতসাক্ষী এই নিখিল-বিশ্বের অধীশ্বর পরব্রহ্মে যাবৎ (নিরবচ্ছিন্ন) ভক্তিযোগ (অর্থাৎ প্রেমভক্তি দ্বারা নিত্যযুক্তভাব) উৎপন্ন না হয়, তাবৎ নিত্যকর্ম্ম অনুষ্ঠানের পর পরম প্রযত্নে সেই পুরুষোত্তমের স্থূলরূপ (অর্থাৎ বিরাড্‌বিশ্বব্যাপী রূপ) অনুক্ষণ স্মরণ ও চিন্তন করিবে।৩২।

পরং পদং বৈষ্ণবমামনন্তি তদ্
যন্নেতিনেতীত্যতদুৎসিসৃক্ষবঃ ।
বিসৃজ্য দৌরাত্ম্যমনন্যসৌহৃদা
হৃদোপগুহ্যার্হপদং পদে পদে ॥৩৩॥

২,২,১৮ শুকঃ ।

অতৎ (অনাত্ম-বস্তু ব্রহ্মব্যতীতং সর্ব্বমন্যৎ) নেতিনেতীতি (এতন্ন এতন্ন ইত্যবধারণেন) উৎসিসৃক্ষবঃ (উৎস্রষ্টুং ত্যক্তুমিচ্ছবঃ সর্ব্বতোভাবেন পরিত্যক্তুং ব্যগ্রচিত্তাঃ ভগবতঃ একান্তভক্তাঃ) দৌরাত্ম্যং (দেহাদৌ আত্মভ্রমং দেহাত্মবুদ্ধিং) বিসৃজ্য (বিহায় ত্যক্ত্বা) যৎ অর্হপদং (সর্ব্বদেবপূজ্যস্য শ্রীবিষ্ণোশ্চরণারবিন্দম্) পদে পদে (অনুক্ষণং) হৃদা (অন্তরাত্মনা) উপগুহ্য (জীবনসর্ব্বস্বজ্ঞানেন অন্যৈরলক্ষিতং সাগ্রহং গাঢ়ম্ আশ্লিষ্য) অনন্যসৌহৃদাঃ (ভগবদ্ব্যতীতেষু অন্যেষু সর্ব্বেষু বস্তুষু অনাস্থাবন্তঃ অতএব ভগবৎসম্বন্ধরহিতেষু সর্ব্বেষু জনেষু বিষয়েষু চ বীতরাগাঃ আসক্তিবর্জ্জিতাঃ সন্তঃ) (নিরন্তরং পরমানন্দনিমগ্নাঃ অবতিষ্ঠন্তে ইতি শেষঃ) তৎ পরং (পরমং পদং) বৈষ্ণবং পদম্ (ইতি) আমনন্তি (স্বয়ং কীর্ত্তয়ন্তি) ।৩৩।

জগতের যাবতীয় বস্তু "নেতি" "নেতি" (ইহা নয়, ইহা নয়) বিবেচনায় সর্ব্বতোভাবে বিসর্জ্জন করিতে ব্যগ্র হইয়া দেহাদিতে আত্মবুদ্ধি পরিত্যাগ পূর্ব্বক যে সর্ব্বপূজ্য পদ ভক্তগণ অনুক্ষণ সাগ্রহে সঙ্গোপনে হৃদয়ে আলিঙ্গন করিয়া ভগবৎসম্বন্ধহীন সমস্ত বস্তুতে আসক্তিশূন্য হইয়া (পরমসুখে) অবস্থান করেন, সেই পরমপদই বৈষ্ণবপদ বলিয়া মনীষিগণ কীর্ত্তন করেন ।৩৩।

তস্মাৎ সর্ব্বাত্মনা রাজন্ হরিঃ সর্ব্বত্র সর্ব্বদা ।
শ্রোতব্যঃ কীর্ত্তিতব্যশ্চ স্মর্ত্তব্যো ভগবান্নৃণাম্ ॥৩৪॥

২,২,৩৬ শুকঃ ।

তস্মাৎ (অতএব) হে রাজন্ (পরীক্ষিৎ) সর্ব্বত্র (সর্ব্বস্থানে লোকালয়ে নির্জ্জনে অন্তর্বহিঃ সর্ব্বাবস্থায়াঞ্চ সুখে দুঃখে সম্পদি বিপদি হর্ষে শোকে) সর্ব্বদা (সর্ব্বক্ষণং অহর্নিশং জাগরে স্বপ্নে) সর্ব্বাত্মনা (কায়েন মনসা বাচা সর্ব্ব-প্রযত্নেন) ভগবান্ (অনন্তগুণৈশ্বর্য্যশালী অসীমপ্রেমকরুণাময়ঃ) হরিঃ (সর্ব্বদুঃখহারী) নৃণাং (সর্ব্বেষাং মানবানাং, সর্ব্ব-জনৈরিত্যর্থঃ) শ্রোতব্যঃ (সাধুগুরুবৈষ্ণবমুখেভ্যঃ শ্রবণীয়ঃ তস্য লীলাগুণমহিমপ্রসঙ্গঃ ইত্যর্থঃ) কীর্ত্তিতব্যঃ (কীর্ত্তনীয়ঃ অন্তরঙ্গৈঃ ভক্তবৃন্দৈঃ সহ ইতি যাবৎ) স্মর্ত্তব্যশ্চ (নিজহৃদি প্রেমপূর্ণান্তরাত্মনা সদৈব চিন্তনীয়শ্চ) ।৩৪।

অতএব হে রাজন্ (পরীক্ষিৎ) সর্ব্বত্র (সকল স্থানে, সকল অবস্থায় অর্থাৎ গৃহে বাহিরে, নির্জ্জনে জনতায়, সুখে দুঃখে, সম্পদে বিপদে), সর্ব্বক্ষণ (জাগ্রতে স্বপ্নে, দিবানিশি) এবং সর্ব্বপ্রযত্নে (কায়বাক্যে, মনে প্রাণে) ভগবান্ শ্রীহরির লীলাগুণ-কথন, শ্রবণ ও কীর্ত্তন, এবং তাঁহাকে ও তাঁহার অসীম প্রেম ও অনন্ত করুণা স্মরণ করা মানবমাত্রেরই কর্ত্তব্য ।৩৪।

পিবন্তি যে ভগবত আত্মনঃ সতাং
কথামৃতং শ্রবণপুটেষু সম্ভৃতম্।
পুনন্তি তে বিষয়বিদূষিতাশয়ং
ব্রজন্তি তচ্চরণসরোরুহান্তিকম্ ॥৩৫॥

২,২ ৩৭ শুকঃ।

যে (জনাঃ) সতাং (সাধুভক্তানাং) আত্মনঃ (প্রাণস্বরূপস্য) ভগবতঃ (অনন্তগুণৈশ্বর্য্যশালিনঃ বাসুদেবস্য) কথামৃতং (লীলা-গুণমহিমমাধুর্য্যসারং) শ্রবণপুটেষু (কর্ণযুগলেষু) সম্ভৃতং (সংগৃহীতং পরিপূরিতং) পিবন্তি (তস্য মাধুর্য্যরসেন পরিতৃপ্তিং গচ্ছন্তি অথবা অতৃপ্ত-পিপাসয়া নিরন্তরং শৃণ্বন্তি) তে (তাদৃশাঃ ভগবতি জাতরতয়ঃ) বিষয়দূষিতাশয়ং (বিষয়কলুষেণ দূষিতং মলিনীকৃতম্ অন্তঃকরণং) পুনন্তি (শোধয়ন্তি) তচ্চরণ-সরোরুহান্তিকং (তস্য ভগবতঃ চরণারবিন্দসামীপ্যং) ব্রজন্তি (প্রাপ্নুবন্তি)। ।৩৫।

সাধুভক্তগণের প্রাণের প্রাণ সেই ভগবানের কথামৃত (লীলা-গুণ-মহিমার মাধুরী) যাঁহারা শ্রবণপুট ভরিয়া পান করেন (অর্থাৎ প্রাণ ভরিয়া শ্রবণ করিয়া মাধুর্য্য উপলব্ধি করেন) তাঁহারা বিষয়-বিদূষিত চিত্ত বিশুদ্ধ করিয়া তাঁহার শ্রীপাদপদ্মের সন্নিহিত হন ।৩৫।

অকামঃ সর্ব্বকামো বা মোক্ষকাম উদারধীঃ।
তীব্রেণ ভক্তিযোগেন যজেত পুরুষং পরম্ ॥৩৬॥
২, ৩, ১০ শুকঃ।

অকামঃ (সর্ব্বকামবিবর্জ্জিতঃ বিস্মৃতনিজপ্রীত্যভিলাষঃ একান্ত-ভক্তঃ) সর্ব্বকামঃ (আয়ুর্বলধনমানযশোধর্ম্মাদিসর্ব্ববিধকামনাযুক্তঃ ঐহিকপারত্রিকসর্ব্ববিধসুখৈশ্বর্য্যকামী) বা (অথবা) মোক্ষকামঃ (মুক্তিকামী ভববন্ধনমুমুক্ষুঃ ব্রহ্মসুখানুভূতিপিপাসুঃ) উদারধীঃ (প্রশান্তবুদ্ধিঃ কামরাহিত্যে সকামত্বে বা উভয়ত্র ভক্তের্ভগবৎ-সম্বন্ধবুদ্ধিঃ) তীব্রেণ (দৃঢ়েন একাগ্রেণ) ভক্তিযোগেন পরং পুরুষং (পরাৎপরং পূর্ণব্রহ্মনারায়ণং) যজেত (আরাধয়েৎ)। ৩৬।

উদারমতি মানব (প্রশস্তমনাঃ প্রশান্তচিত্ত ও প্রসন্নহৃদয় সুধীজন) নিষ্কাম (সর্ব্বকামনাবিবর্জ্জিত একান্তভক্তই) হউন, বা সর্ব্বকাম (ঐহিক পারত্রিক সর্ব্ববিধ সুখৈশ্বর্য্য-কামীই) হউন, অথবা মুক্তিকামী (ভববন্ধনমুমুক্ষুই) হউন, তীব্র (জ্ঞানকর্ম্মাদিবিরহিত অতএব একাগ্র) ভক্তি-যোগ দ্বারা পূর্ণ পরাৎপর পরম পুরুষের উপাসনা করিয়া থাকেন।৩৬।

জ্ঞানং যদা প্রতিনিবৃত্তগুণোর্ম্মিচক্র-
মাত্মপ্রসাদ উত যত্র গুণেষ্বসঙ্গঃ।
কৈবল্যসম্মতপথস্ত্বথভক্তিযোগঃ
কো নির্বৃতো হরিকথাসু রতিং ন কুর্য্যাৎ ॥৩৭॥

২, ৩, ১২ শুকঃ।

যত্র (যাসু শ্রদ্ধাভক্তিযুক্তেন অবহিতচিত্তেন শ্রুতাসু স্মৃতাসু চ) আপ্রতিনিবৃত্তগুণোর্ম্মিচক্রম্ (আ সর্ব্বতঃ সম্যক্ প্রতিনিবৃত্তম্ উপরতং গুণোর্ম্মীণাং ত্রিগুণপ্রবাহাণাং চক্রং পুনঃ পুনরাবর্ত্তমানা পরম্পরা যস্মাৎ তৎ তাদৃশং) যৎ (বিশুদ্ধং জ্ঞানং (তত্ত্বজ্ঞানমুৎপদ্যতে ইতি শেষঃ) আত্মপ্রসাদঃ (অন্তরাত্মনঃ মনসঃ প্রসাদঃ প্রশান্তভাবশ্চ) উত (উত ইত্যত্র সমুচ্চয়ার্থকং) গুণেষু (ত্রিগুণাত্মকেষু কার্য্যকারণরূপেষু বিষয়েষু গুণত্রয়পরিণামেষু সুখদুঃখমোহাদিষু) অসঙ্গঃ (অনাসক্তিঃ বৈরাগ্যমিতি যাবৎ জায়তে চ) অথ (তদনন্তরঞ্চ) কৈবল্যসম্মতপথঃ (কৈবল্যং পরামুক্তি স্তৎপ্রাপ্তেঃ সম্মতঃ সর্ব্ববাদিসম্মতঃ সর্ব্বজনস্বীকৃতঃ একমাত্রঃ পন্থা উপায়ঃ) ভক্তিযোগঃ (ভক্ত্যা পরয়া প্রীত্যা যোগঃ ভগবতা সহ নিত্য-যুক্তত্বং ভবতীতিশেষঃ) কঃ নির্বৃতঃ (কঃ আপ্তকামঃ আত্মারামঃ ভক্তঃ ভক্তিসুখে নিমগ্নো জনঃ) (তাদৃশীসু) হরিকথাসু (ভগবল্লীলা-মহিমপ্রসঙ্গেষু) রতিং ন কুর্য্যাৎ (পরমানন্দং ন অনুভবেৎ) ।৩৭।

যাহা শ্রবণ-চিন্তনে বিবিধ বিষয়ের প্রতি প্রবল প্রবৃত্তিপ্রবাহ ও বাসনাবর্ত্তের অবিরাম আকর্ষণ সর্ব্বকালের জন্য সম্যক্ প্রতি-নিবৃত্ত হইয়া বিশুদ্ধ জ্ঞান উৎপন্ন হয়, যাহাতে চিত্ত প্রতিষ্ঠিত, প্রশান্ত ও প্রসন্ন হয়, ঐহিক ও পারত্রিক সর্ব্ববিধ বিষয়ভোগে সম্পূর্ণ অনাসক্তি জন্মে, এবং কৈবল্যমুক্তি-প্রাপ্তির সর্ব্ববাদিসম্মত ও সর্ব্বজনস্বীকৃত প্রধান সাধনস্বরূপ ভক্তিযোগ (অর্থাৎ একান্ত ভক্তি-ভাবে ভগবানের সহিত নিত্যযুক্ত অবস্থা) লাভ হয়, কোন্ আপ্ত-কাম (আত্মারাম ভক্ত) পরমানন্দে নিমগ্ন থাকিয়াও, তাদৃশ হরি-কথায় (ভগবানের লীলামহিমা শ্রবণকীর্ত্তনে) আগ্রহ প্রকাশ ও আনন্দ অনুভব না করিবেন? ৩৭।

আয়ুর্হরতি বৈ পুংসামুদ্যন্নস্তঞ্চ যন্নসৌ।
তস্যর্ত্তে যৎক্ষণো নীত উত্তমঃশ্লোকবার্ত্তয়া ॥৩৮॥

২,৩,১৭, শৌনকঃ।

অসৌ (সূর্য্যঃ) উদ্যন্ (দিগন্তাদুদ্গচ্ছন্ প্রকটীভবন্) অস্তং যন্ (অস্তং গচ্ছন্ চক্ষুষোঽগোচরত্বং প্রাপ্নুবন্) পুংসাং (মানবানাং) আয়ুর্হরতি বৈ (জীবনকালং নিশ্চিতমেব হরতি বিফলং করোতি অজ্ঞাতসারেণ ক্ষপয়ত্যেব) উত্তমঃশ্লোকবার্ত্তয়া (মধুরমঙ্গলকীর্ত্তেঃ ভগবতো বাসুদেবস্য লীলাগুণশ্রবণকীর্ত্তনেন) যৎক্ষণঃ (যঃ নিমেষমাত্রোঽপি কালঃ) নীতঃ (যাপিতঃ) তস্য ঋতে (তদ্বিনা) (হরিকথাপ্রসঙ্গেন যাপিতং ক্ষণমাত্রমপি কালং ন হরতীত্যর্থঃ)।৩৮।

উত্তমঃশ্লোক ভগবানের লীলাগুণমহিমা শ্রবণ, কীর্ত্তন, চিন্তন বা আলপনে মানবজীবনের যে মুহূর্ত্ত অতিবাহিত হয়, সেই ক্ষণমাত্রই সার্থক; তদ্ব্যতীত মানবের সমস্ত জীবনকালই সূর্য্যের উদয় ও অস্তগমনের সঙ্গে সঙ্গে বৃথা নষ্ট হয় জানিবে।৩৮।

তদশ্মসারং হৃদয়ং বতেদং
যদ্‌গৃহ্যমাণৈ র্হরিনামধেয়ৈঃ।
ন বিক্রিয়েতাথ যদা বিকারো
নেত্রে জলং গাত্ররুহেষু হর্ষঃ ॥৩৯॥

২,৩,২৪, শৌনকঃ।

তৎ (তাদৃশং) হৃদয়ম্ অশ্মসারং (অশ্মবৎ লৌহবৎ সারঃ কাঠিন্যং যস্য তদেব লৌহময়মেব) বত (ইতি খেদে) যৎ গৃহ্যমাণৈঃ (শ্রবণবাঙ্‌মনোভিরিতি আত্মনা অপরৈঃ গীয়মানৈঃ) হরিনামধেয়ৈঃ (বর্ণ্যৈঃ পুনঃ পুনঃ কীর্ত্তিতৈঃ শ্রীহরেঃ পাষাণ-দ্রবীকরণৈর্নামভিঃ) ন বিক্রিয়েত (বিকারং অন্যথাভাবং ন প্রাপ্নুয়াৎ ভাবান্তরং ন গচ্ছেৎ ন দ্রবীভবেৎ ইত্যর্থঃ , (বিকারস্য লক্ষণমাহ) অথ (ইত্যত্র সংশয়নিরাকরণার্থকং) যদা বিকারঃ (ভবতি) তদা নেত্রে (নয়নযুগলে) জলং (অশ্রুধারা) গাত্র-রুহেষু হর্ষঃ (রোমাঞ্চসঞ্চারঃ নিশ্চিতং ভবেৎ)। যদ্বা (অথ ইতি প্রশ্নে কদা ন বিক্রিয়েত) যদা বিকারস্তদাপি (কস্তত্র বিকারঃ) নেত্রে জলং (নয়নযুগলে অশ্রুপ্রবাহঃ) গাত্ররুহেষু (রোমসু) হর্ষঃ (পুলকোদ্গমঃ) ইতি।৩৯।

শ্রীহরির মধুর নামকীর্ত্তনে (স্বয়ং উচ্চারণে বা কীর্ত্তন শ্রবণে) যে হৃদয় দ্রবীভূত না হয়, হায় ! তাহা লৌহতুল্য কঠিন ; হৃদয় দ্রবীভূত হইলে নয়নযুগলে অশ্রুধারা প্রবাহিত ও সর্ব্বাঙ্গে পুলক সঞ্চারিত হইবেই হইবে। (অথবা বাহ্যতঃ অশ্রুপুলকাদি বিকারলক্ষণ দৃষ্ট হইলেও যে হৃদয় দ্রবীভূত না হয় সেই লৌহ-তুল্য কঠিন হৃদয়ে ধিক্ !) ।৩৯।

যৎকীর্ত্তনং যৎস্মরণং যদীক্ষণং
যদ্বন্দনং যচ্ছ্রবণং যদর্হণম্ ।
লোকস্য সদ্যো বিধুনোতি কল্মষং
তস্মৈ সুভদ্রশ্রবসে নমো নমঃ ॥৪০॥

২,৪,১৪ শুকঃ ।

যৎকীর্ত্তনং (যস্য নামানুকীর্ত্তনম্ অনুক্ষণং নামোচ্চারণং) যৎস্মরণং (যস্য গুণানুধ্যানং নিরন্তরং মহিমাদিচিন্তনং) যদীক্ষণং (যস্য রূপদর্শনং চিদ্দর্পণে প্রতিমাদিষু বা প্রেমবিহ্বলচিত্তেন অবলোকনং) যদ্বন্দনং (যস্য স্তুতিবন্দনাদীনাম্ ভক্তিপরিপূরিতান্তরাত্মনা যথাবিধি পাঠঃ) যচ্ছ্রবণং (যস্য অপূর্ব্বলীলাগুণমহিমাদীনাম্ একাগ্রেণ মনসা শ্রদ্ধাপূর্ব্বকং শ্রবণং) যদর্হণং (যস্য পূজনং পত্রপুষ্পফলাদিভিঃ যথাবিধি অর্চ্চনা) লোকস্য (সর্ব্বজনস্য) কল্মষং (মনসো বিকারং পাপং মলিনভাবং) সদ্যঃ (তৎক্ষণাদেব) বিধুনোতি (সম্যক্ বিদূরয়তি নাশয়তীত্যর্থঃ) তস্মৈ (তদ্দেবায়) সুভদ্রশ্রবসে (সুভদ্রং মধুরং মঙ্গলঞ্চ শ্রবো যশো যস্য তস্মৈ মধুরমঙ্গলকীর্ত্তয়ে বাসুদেবায়) নমো নমঃ (পুনঃ পুনঃ প্রণমামি) ।৪০।

যাঁহার মধুময় নাম ও গুণ কীর্ত্তন, হৃদয়ে সতত যাঁহার ধ্যান ও স্মরণ, যাঁহার নয়নমোহন মূর্ত্তি দর্শন, যাঁহার স্তুতিবন্দন ঐকান্তিক ভক্তিপূর্ণ প্রাণে পাঠ, যাঁহার অপূর্ব্ব লীলামহিমা শ্রবণ, এবং যাঁহার ভজন পূজন আরাধন তন্মুহূর্ত্তে মানবের সমস্ত কলুষ বিনাশ করে, সেই মধুরমঙ্গলকীর্ত্তি ভগবান্‌কে পুনঃ পুনঃ প্রণাম করি ।৪০।

বিচক্ষণা যচ্চরণোপসাদনাৎ
সঙ্গং ব্যুদস্যোভয়তোঽন্তরাত্মনঃ ।
বিন্দন্তি হি ব্রহ্মগতিং গতক্লমা
স্তস্মৈ সুভদ্রশ্রবসে নমো নমঃ ॥৪১॥

২, ৪, ১৫ শুকঃ ।

বিচক্ষণাঃ (আত্মানাত্মবিবেকিনঃ ভক্তিযোগপরায়ণাঃ সাধবঃ) যচ্চরণোপসাদনাৎ (যস্য চরণয়োরুপসাদনাৎ সেবনাৎ) অন্তরাত্মনঃ (অন্তঃকরণস্য মনসঃ) উভয়তঃ (বাহ্যাভ্যন্তরয়োঃ ইহামুত্র চ) সঙ্গং (আসক্তিং) ব্যুদস্য (সম্যক্ পরিত্যজ্য নিরস্য) গতক্লমাঃ (প্রয়াসরহিতাঃ প্রশান্তাঃ নিশ্চেষ্টাঃ সন্তঃ) ব্রহ্মগতিং (পরব্রহ্মণঃ চরণাশ্রয়ং ব্রহ্মপদবীং বা) বিন্দন্তি (লভন্তে) তস্মৈ (তদ্দেবায়) সুভদ্রশ্রবসে (মধুরমঙ্গলকীর্ত্তয়ে ভগবতে বাসুদেবায় নমো নমঃ (পুনঃ পুনঃ প্রণমামি) ইতি ।৪১।

আত্মানাত্মবিবেকী সাধুগণ যাঁহার চরণ ভজনা করিয়া বাহ্যাভ্যন্তর সমস্ত বিষয়ে অন্তঃকরণের আসক্তি ইহকাল পরকালের জন্য সম্পূর্ণভাবে পরিত্যাগপূর্ব্বক প্রয়াস-রহিত (নিশ্চেষ্ট) হইয়া ব্রহ্মগতি লাভ করেন, সেই পবিত্র-মধুর-সুমঙ্গলকীর্ত্তি ভগবান্‌কে পুনঃ পুনঃ প্রণাম করি ।৪১।

তপস্বিনো দানপরা যশস্বিনো
মনস্বিনো মন্ত্রবিদঃ সুমঙ্গলাঃ।
ক্ষেমং ন বিন্দন্তি বিনা যদর্পণং
তস্মৈ সুভদ্রশ্রবসে নমো নমঃ ॥৪২॥

২, ৪, ১৬ শুকঃ।

তপস্বিনঃ (তপশ্চরণশীলাঃ অতএব সংযতসর্ব্বেন্দ্রিয়াঃ একাগ্রচিত্তাঃ অষ্টাঙ্গযোগিনঃ) দানপরাঃ (দানশীলাঃ পরহিতব্রতাঃ কর্ম্মযোগিনঃ) যশস্বিনঃ (যজ্ঞাদিবৈদিকক্রিয়ানুষ্ঠানশীলাঃ লব্ধকীর্ত্তয়ঃ) মনস্বিনঃ (স্থিরচিত্তাঃ জ্ঞানযোগিনঃ) মন্ত্রবিদঃ (আগমনিগমজ্ঞাঃ) সুমঙ্গলাঃ (ভুবনমঙ্গলকামিনঃ সদাচারনিষ্ঠাঃ সাধকাঃ) যদর্পণং (যস্মিন্ যচ্চরণে অর্পণং সর্ব্বকর্ম্মফলত্যাগেন আত্মসমর্পণং) বিনা (অকৃত্বা) ক্ষেমং (প্রকৃতকল্যাণং পরমশ্রেয়ঃ) ন বিন্দন্তি (ন প্রাপ্নুবন্তি) তস্মৈ (তদ্দেবায়) সুভদ্রশ্রবসে (মধুরমঙ্গলমহিম্নে ভগবতে বাসুদেবায়) নমো নমঃ (নিরন্তরং নমামি) ।৪২।

অষ্টাঙ্গযোগী তপস্বিগণ, দানাদিধর্ম্মানুষ্ঠানপরায়ণ কর্ম্মযোগিগণ, যজ্ঞাদিবৈদিকক্রিয়ানুষ্ঠানশীল যশস্বিগণ, শ্রবণমননিদিধ্যাসন-নিষ্ঠ জ্ঞানযোগী মনস্বিগণ, মন্ত্রতন্ত্রবিদ্ আগমনিগমজ্ঞগণ, এবং ভুবনমঙ্গলকামী সদাচার সাধকগণ স্বস্বকৃত সকল ধর্ম্মকর্ম্ম, যাগযজ্ঞ, দানধ্যান, জপতপস্যা, সাধনভজন যাঁহার চরণে ভক্তিপূর্ণ প্রাণে সম্পূর্ণ সমর্পণ করিয়া আত্মনিবেদন করিতে না পারিলে কিছুতেই শান্তিলাভ করিতে পারেন না, সেই মঙ্গলমধুরপবিত্রকীর্ত্তি ভগবান্‌কে পুনঃ পুনঃ প্রণাম করি।৪২।

স এষ আত্মাত্মবতামধীশ্বর-
স্ত্রয়ীময়ো ধর্ম্মময় স্তপোময়ঃ।
গতব্যলীকৈরজশঙ্করাদিভি-
র্বিতর্ক্যলিঙ্গো ভগবান্ প্রসীদতাম্ ॥৪৩॥

২, ৪, ১৮ শুকঃ।

স এষঃ (স অচিন্ত্যস্বরূপঃ এষঃ বাসুদেবঃ) আত্মবতাম্ (সংযত-সর্ব্বেন্দ্রিয়াণাম্ প্রশান্তমনসাম্ আত্মবিদাম্ যোগিনাম্) অধীশ্বরঃ (প্রাণাধিষ্ঠাতৃদেবঃ প্রাণেশ্বরঃ) আত্মা (আত্মা ইতি নাম্না তত্ত্বদর্শিভিঃ কবিভিরভিহিতঃ) ত্রয়ীময়ঃ (বেদোক্তযজ্ঞাদীনাম্ চরমো লক্ষ্যঃ পরমো দেবঃ) ধর্ম্মময়ঃ (ধর্ম্মসংহিতাদীনাং প্রতিপাদ্যঃ আরাধ্যঃ দেবঃ) তপোময়ঃ (যোগতপসাম্ অভীষ্টঃ উপাস্যদেবঃ) গতব্যলীকৈঃ (নিষ্কপটৈঃ অকৈতবৈঃ) অজশঙ্করাদিভিঃ (বিরিঞ্চি-শঙ্করাদিভির্ভক্তৈঃ) বিতর্ক্যলিঙ্গঃ (নিরন্তরধ্যানেনাপি অপ্রত্যক্ষী-কৃত-প্রকৃতস্বরূপঃ) স (ভগবান্) প্রসীদতাম্ (প্রসন্নো ভবতু)।৪৩।

যিনি সংযত-সর্ব্বেন্দ্রিয়-মনোবুদ্ধি প্রশান্তপ্রাণ আত্মজ্ঞানপিপাসু যোগিগণের প্রাণের অধীশ্বর পরমেষ্ঠ-দেবতা আত্মানামে অভিহিত হন, যিনি বেদোক্ত যাগ-যজ্ঞাদির চরমলক্ষ্য পরমদেবতা, বিরিঞ্চি-শঙ্করাদি দেবগণ অকৈতব ভক্তিপূর্ণ প্রাণে নিরন্তর অনুসন্ধান করিয়াও যাঁহার প্রকৃত স্বরূপ প্রত্যক্ষরূপে সম্পূর্ণ নির্ণয় করিতে সক্ষম হন নাই, সেই ভগবান্ আমার প্রতি প্রসন্ন হউন।৪৩।

যদঙ্ঘ্র্যভিধ্যানসমাধিধৌতয়া
ধিয়ানুপশ্যন্তি হি তত্ত্বমাত্মনঃ ।
বদন্তি চৈতৎ কবয়ো যথারুচং
স মে মুকুন্দো ভগবান্ প্রসীদতাম্ ॥৪৪॥

২, ৪, ২০ শুকঃ ।

যদঙ্ঘ্র্যভিধ্যানসমাধিধৌতয়া (যস্য দেবস্য অঙ্ঘ্রেঃ পাদপদ্মস্য অভিধ্যানম্ অনন্যমনসা অনুক্ষণং চিন্তনমেব সমাধিঃ সম্যক্ অভিনিবেশঃ তেন ধৌতয়া বিমলীকৃতয়া বিশুদ্ধয়া) ধিয়া হি (বুদ্ধ্যা এব) কবয়ঃ (তত্ত্ববিদঃ সাধুভক্তাঃ) আত্মনঃ (পরমাত্মনঃ) তত্ত্বং (স্বরূপম্) অনুপশ্যন্তি (অনুভূত্যা প্রত্যক্ষম্ অবগচ্ছন্তি) যথারুচং চ (স্ব স্ব প্রকৃত্যনুরূপং প্রতিভানুরূপঞ্চ) এতৎ (আত্মতত্ত্বং) বদন্তি (যুক্ত্যা বর্ণয়ন্তি সাকারং নিরাকারং বা সগুণং নির্গুণং বা প্রতিপাদয়ন্তি) স মুকুন্দঃ (মুক্তিম্ আনন্দঞ্চ দদাতি যঃ স মোক্ষানন্দপ্রদঃ) ভগবান্ মে প্রসীদতাম্ (স্বকৃপয়া মাং প্রতি প্রসন্নো ভবতু) ।

অনুক্ষণ যাঁহার চরণ ধ্যানসমাধিদ্বারা বিশুদ্ধ চিত্তে তত্ত্ববিৎ সাধকগণ আত্মতত্ত্ব দর্শন (প্রত্যক্ষানুভূতি) করিয়া থাকেন, এবং স্ব স্ব প্রকৃতি ও প্রতিভা অনুসারে যাঁহাকে সগুণ বা নির্গুণ বলিয়া প্রতিপন্ন করেন, সেই মুক্তিপ্রদ ভগবান্ আমার প্রতি প্রসন্ন হউন ।৪৪।

শৃণ্বতঃ শ্রদ্ধয়া নিত্যং গৃণতশ্চ স্বচেষ্টিতম্।
নাতিদীর্ঘেণ কালেন ভগবান্ বিশতে হৃদি ॥৪৫॥

২, ৮, ৩ পরীক্ষিৎ।

ভগবান্ (বাসুদেবঃ শ্রীকৃষ্ণঃ) স্বচেষ্টিতং (নিজলীলাগুণমহিম-বর্ণনম্) শ্রদ্ধয়া (ভক্তিবিশ্বাসপূর্ব্বকং) নিত্যং (সর্ব্বদৈব) শৃণ্বতঃ (সাধুগুরুভক্তমুখেভ্যঃ সাগ্রহং সানন্দং সাভিনিবেশঞ্চ শ্রবণং কুর্ব্বতঃ) গৃণতশ্চ (শ্রবণপিপাসুভিরন্তরঙ্গভক্তৈঃ সহ কীর্ত্তয়তো জনস্য) হৃদি (হৃদয়াভ্যন্তরে) নাতিদীর্ঘেণ কালেন (স্বল্পেন কালেন শীঘ্রম্ অচিরেণৈব) বিশতে (স্বয়মেব প্রবিশতি আবির্ভবতীত্যর্থঃ) ।৪৫।

যে ব্যক্তি সর্ব্বদা শ্রদ্ধাভক্তির সহিত (সাধুগুরু-বৈষ্ণবের মুখে) ভগবানের পবিত্র লীলামহিমা শ্রবণ ও (ভক্তগণ সমীপে) কীর্ত্তন করিয়া থাকেন, ভগবান্ শ্রীহরি অচির কাল মধ্যেই স্বয়ং তাঁহার হৃদয়ে প্রবেশ করেন (প্রকাশিত হন) ।৪৫।

প্রবিষ্টঃ কর্ণরন্ধ্রেণ স্বানাং ভাবসরোরুহম্।
ধুনোতি শমলং কৃষ্ণঃ সলিলস্য যথা শরৎ ॥৪৬॥

২,৮,৪ পরীক্ষিৎ।

শরৎ (শরদ্ ঋতুঃ) যথা সলিলস্য (নদীহ্রদতড়াগাদি-সর্ব্বজলাশয়স্থিতস্য নীরস্য) মলং ধুনোতি (অপসারয়তি) (তথা) কৃষ্ণঃ (শ্রীকৃষ্ণঃ বাসুদেবঃ) স্বানাং (স্বকীয়ানাং অনন্যশরণানাং ভক্তানাং) কর্ণরন্ধ্রেণ (শ্রবণবিবরেণ) ভাবসরোরুহং (হৃদয়-কমলং) প্রবিষ্টঃ (কথারূপেণ অন্তর্গতঃ সন্) শমলং (কাম-ক্রোধাদি সর্ব্বং কলুষং পাপঞ্চ) ধুনোতি (নিঃশেষেণ দূরীকরোতি) ।৪৬।

শরৎ ঋতু সমাগমমাত্রই যেমন নদীহ্রদতড়াগসমূহের সলিলরাশির সমস্ত মলিনতা সম্পূর্ণ অপসারণ করিয়া তাহাদিগকে বিশুদ্ধ, নির্ম্মল ও স্বচ্ছ করে, ভক্তবৎসল ভগবান্ শ্রীকৃষ্ণও তদ্রূপ তদ্গতপ্রাণ প্রপন্ন ভক্তগণের তদ্ভাবভাবিত হৃদয়কমলে (স্বপ্রসঙ্গচ্ছলে) শ্রবণবিবর পথে প্রবিষ্ট হইয়া পাপদুর্বাসনাদি চিত্তের সমস্ত মলিনতা সম্পূর্ণরূপে বিদূরিত করেন ।৪৬।

স বৈ নিবৃত্তিধর্ম্মেণ বাসুদেবানুকম্পয়া।
ভগবদ্ভক্তিযোগেন তিরোধত্তে শনৈরিহ ॥৪৭॥

৩, ৭, ১২ মৈত্রেয়ঃ।

সঃ (অনাত্মনঃ গুণঃ দেহেন্দ্রিয়াদেঃ সুখদুঃখাদিধর্ম্মঃ দেহাধ্যাস-জনিতঃ আত্মবিপর্য্যয়ঃ ইতি যাবৎ) বৈ (নিশ্চিতমেব) বাসুদেবানুকম্পয়া (ভগবৎকৃপয়া উদ্ভূতেন ইত্যর্থঃ) ভক্তিযোগেন (ভগবতি পরয়া প্রীত্যা যৎ নিত্যযুক্তত্বং তেন) ইহ (অস্মিন্ জন্মনি এব) শনৈঃ (কালক্রমেণ সাধনস্য একাগ্রতানুসারেণ ইত্যর্থঃ) তিরোধত্তে (তিরোহিতো ভবতি সম্পূর্ণং নশ্যতি ইত্যর্থঃ) ।৪৭।

সাক্ষিস্বরূপ পরমাত্মায় অনাত্মার (দেহেন্দ্রিয়মনের) সুখদুঃখাদি ধর্ম্মের অধ্যাস হেতু দেহাভিমানী জীবের যে আত্মবিপর্য্যয় হয়, বাসুদেব চরণে সকল ধর্ম্ম, সকল কর্ম্ম, সমর্পণ করিয়া কামনাশূন্য প্রাণে নিবৃত্তি-ধর্ম্ম সাধন করিলে বাসুদেবেরই কৃপায় ভগবানে যে ঐকান্তিক ভক্তি লাভ হয়, সেই ভক্তিযোগ-প্রভাবে ইহজীবনেই তাহা (সেই আত্মবিপর্য্যয়) ক্রমশঃ (সাধনায় উত্তরোত্তর উন্নতির সহিত) সম্পূর্ণ তিরোহিত হয় ।৪৭।

যদেন্দ্রিয়োপরামোঽথ দ্রষ্ট্রাত্মনি পরে হরৌ।
বিলীয়ন্তে তদা ক্লেশাঃ সংসুপ্তস্যেব কৃৎস্নশঃ ॥৪৮॥

৩, ৭, ১৩ মৈত্রেয়ঃ।

যদা (যস্মিন্নেব ক্ষণে) পরে (প্রকৃতেঃ পরে ইন্দ্রিয়াতীতে পরব্রহ্মণি) দ্রষ্ট্রাত্মনি (সর্ব্বসাক্ষিস্বরূপে পরমাত্মনি) হরৌ (সর্ব্বদুঃখদুর্গতিহরণশীলে ভগবতি বাসুদেবে) ইন্দ্রিয়োপরামঃ (ইন্দ্রিয়াণাং চক্ষুঃশ্রোত্রাদীনাং মনসশ্চ উপরামঃ লয়ো ভবতি) অথ তদা (অনন্তরং তৎক্ষণাদেব) সংসুপ্তস্য (সুষুপ্তিং প্রাপ্তস্য গাঢ়-নিদ্রাভিভূতস্য জনস্য) ক্লেশাঃ (ধনপুত্রাদিনাশজনিতদুঃখানি) ইব কৃৎস্নশঃ (সাকল্যেন সম্পূর্ণরূপেণ চ সর্ব্বে অবিদ্যাস্মিতারাগদ্বেষাভি-নিবেশাত্মকাঃ ক্লেশা ইত্যর্থঃ) বিলীয়ন্তে (সমূলং বিনশ্যন্তি ইতি) ।৪৮।

এইরূপে ভক্তিযোগ সাধনদ্বারা (শ্রবণ-কীর্ত্তন-চিন্তনে সর্ব্বদা সমাহিত থাকিয়া) যখন সর্ব্বসাক্ষী সর্ব্বান্তর্যামী সেই পরাৎপর ভগবান্ শ্রীহরির স্বরূপসত্তায় সাধকের সর্ব্বেন্দ্রিয়মনোবুদ্ধি সম্পূর্ণ লয়প্রাপ্ত হয়, তখন সুষুপ্ত (গাঢ়নিদ্রাভিভূত) ব্যক্তির দুঃখ-কষ্ট ও শোক সন্তাপের অনুভূতিলোপের ন্যায় তাহার (দেহে আত্মবুদ্ধিজনিত) সমস্ত ক্লেশতাপ সম্পূর্ণ বিলীন হইয়া থাকে।৪৮।

তাবদ্ভয়ং দ্রবিণদেহসুহৃন্নিমিত্তং
শোকঃ স্পৃহা পরিভবো বিপুলশ্চ লোভঃ।
তাবন্মমেত্যসদবগ্রহ আর্ত্তিমূলং
যাবন্ন তেঽঙ্ঘ্রিমভয়ং প্রবৃণীত লোকঃ ॥৪৯॥

৩, ৯, ৬ ব্রহ্মা।

(হে ভগবন্) লোকঃ (মানবঃ) যাবৎ তে (তব) অভয়ং (সর্ব্বভয়প্রশমনম্) অঙ্ঘ্রিং (পাদকমলং) ন প্রবৃণীতে (অনন্য-শরণজ্ঞানেন ন আশ্রয়েত) তাবৎ দ্রবিণদেহসুহৃন্নিমিত্তং (দ্রবিণং ধনৈশ্বর্য্যং দেহঃ শরীরং সুহৃদঃ পুত্রমিত্রকলত্রাদয়ঃ প্রিয়পরিজনাঃ তেষাং নিমিত্তং তদাসক্তিহেতুকং) ভয়ং (তেষু বিদ্যমানেষু বিবিধরূপা অনিষ্টাশঙ্কা) শোকঃ স্পৃহা পরিভবঃ (শোকঃ তদ্বিয়োগ-জনিতঃ সন্তাপঃ স্পৃহা তৎপ্রাপ্তয়ে প্রবলা আকাঙ্ক্ষা পরিভবঃ তৎপ্রাপ্তৌ বহুলঃ প্রতিবন্ধকঃ তদভাবে চ নৈরাশ্যম্ অপমানঞ্চ) বিপুলশ্চ লোভঃ (তথাপি মহতী বলবতী বাসনা তৃষ্ণা) তাবৎ আর্ত্তিমুলং (ভয়শোকাদেঃ কারণং) মম ইতি অসৎ অবগ্রহঃ (মিথ্যা-জ্ঞানম্ অবিদ্যা ভ্রমঃ) জায়তে ইতি শেষঃ ।৪৯।

(হে ভগবন্) তোমার অভয়চরণে মানব যতক্ষণ না অনন্যশরণজ্ঞানে আশ্রয় গ্রহণ করে ততক্ষণ তাহার ধন সম্পদ্ দেহ গেহ পুত্র মিত্র কলত্রাদি সুহৃজ্জনে আসক্তি, তাহাদের বিয়োগে শোক, ও তাহাদের প্রাপ্তির জন্য লোভ হেতু, বিবিধ অনর্থের ভয় হইয়া থাকে ; তোমার চরণে শরণ লইবামাত্র তাহার সকল দুঃখ তাপের মূল কারণ অসদ্বস্তুতে “আমার” বলিয়া যে ভ্রমজ্ঞান তাহা সম্পূর্ণ বিলুপ্ত হয় ।৪৯।

দৈবেন তে হতধিয়ো ভবতঃ প্রসঙ্গাৎ
সর্ব্বাশুভোপশমনাদ্বিমুখেন্দ্রিয়া যে।
কুর্ব্বন্তি কামসুখলেশলবায় দীনা
লোভাভিভূতমনসোঽকুশলানি শশ্বৎ ॥৫০॥

৩, ৯, ৭ ব্রহ্মা।

(হে বিভো) সর্ব্বাশুভোপশমনাৎ (সর্ব্বাণি অশুভানি অমঙ্গলানি অনিষ্টকরাণি পাপানি চ তেষাম্ উপশমনঃ প্রশমনকারী বিনাশকঃ ইত্যর্থঃ তস্মাৎ) ভবতঃ প্রসঙ্গাৎ (তব লীলাগুণমহিমাদি-শ্রবণকীর্ত্তনাৎ) বিমুখেন্দ্রিয়াঃ (বিমুখানি প্রতিনিবৃত্তানি ইন্দ্রিয়াণি শ্রোত্ররসনাদীনি যেষাং তে তৎকথাশ্রবণকীর্ত্তনাদিভ্যো বিরতাঃ) যে (জনাঃ) লোভাভিভূতমনসঃ (লোভেন বিষয়তৃষ্ণয়া অভি-ভূতানি আকুলানি মনাংসি যেষাং তে বিষয়বাসনাকুলচিত্তাঃ সন্তঃ) কামসুখলেশলবায় (কামসুখস্য কাম্যবস্তুপ্রাপ্তিজনিতা-নন্দস্য লেশলবায় স্বল্পস্য বিন্দুকণস্য হেতবে) শশ্বৎ (নিরন্তরং সর্ব্বদৈব) অকুশলানি (অশুভকরাণি কর্ম্মাণি কুর্ব্বন্তি তে দীনাঃ অতীবশোচ্যাঃ দুঃখভাগিনঃ ভবৎপ্রসঙ্গবিমুখেন্দ্রিয়ত্বাৎ ইত্যর্থঃ) দৈবেন (তদপরাধজনিতেন দুরদৃষ্টেন ইত্যর্থঃ) হতধিয়ঃ (বিনষ্টবুদ্ধয়ঃ বিমূঢ়বুদ্ধয় এব)।৫০।

(হে বিভো,) সকল অশুভনাশন সর্ব্বপাপপ্রশমন তোমার লীলা-গুণ-মহিমাদির প্রসঙ্গ হইতে যাহাদের শ্রোত্রবক্ত্রাদি ইন্দ্রিয় ও মন বিমুখ, যাহারা কাম্যবস্তু-প্রাপ্তিজনিত সুখলেশের কণামাত্র লাভের লোভে অভিভূত চিত্তে সর্ব্বদা বিবিধ অশুভ কর্ম্ম করিয়া থাকে তাহারা অতি দীন; দুর্দ্দৈববশতঃ তাহাদের বুদ্ধি নিশ্চয়ই নাশপ্রাপ্ত হইয়াছে।৫০।

ত্বং ভক্তিযোগপরিভাবিতহৃৎসরোজে
আস্সে শ্রুতেক্ষিতপথো ননু নাথ পুংসাম্ ।
যদ্‌যদ্ধিয়া ত উরুগায় বিভাবয়ন্তি
তত্তদ্বপুঃ প্রণয়সে সদনুগ্রহায় ॥৫১॥

৩,৯,১১ ব্রহ্মা ।

হে নাথ, পুংসাং (মানবানাং) ভক্তিযোগপরিভাবিত-হৃৎসরোজে (ভক্তিযোগেন পরয়া প্রীত্যা ত্বয়া সহ নিত্যযুক্তত্বেন পরিভাবিতম্ আনন্দবিহ্বলীকৃতং পরিতঃ সর্ব্বতোভাবেন ভাবিতং বিশুদ্ধিং প্রাপিতং বিমলীকৃতঞ্চ যৎ হৃদেব সরোজং তস্মিন্) শ্রুতেক্ষিতপথঃ (শ্রুতেন সাধুগুরুবৈষ্ণবমুখাৎ ভক্ত্যা শ্রদ্ধয়া চ শ্রবণেন ঈক্ষিতঃ সাক্ষাৎকৃতঃ পন্থা প্রাপ্তেঃ সাধনোপায়ঃ যস্য তাদৃশঃ সঃ) ত্বং ননু (নিশ্চিতং হি) আস্সে (উপবিশ্য তিষ্ঠসি স্বয়মেব সাগ্রহং ইতি যাবৎ কদাপি ততঃ ন নিঃসরসি) অপরঞ্চ তে (ত্বদ্ভক্তাঃ) ধিয়া (মনসা অন্যেভ্যঃ শ্রবণং বিনাপি স্বকল্পনয়া স্বেচ্ছয়া ইতি যাবৎ) যদ্ যদ্ বপুঃ (তব যদ্ যদ্ রূপং) বিভাবয়ন্তি (সর্ব্বদৈব একাগ্রেণ চিত্তেন ধ্যায়ন্তি) হে উরুগায় (অনন্তগুণ-মহিমন্) (ত্বং) সদনুগ্রহায় (সতাং সাধুভক্তানাম্ অনুগ্রহায় কৃপায়ৈ) তৎ তদ্ বপুঃ প্রণয়সে (প্রকটয়সি তত্তদ্রূপেণ তেষাং হৃদয়ে প্রকটীভবসি ইত্যর্থঃ)। ৫১।

হে নাথ, (সাধুগুরুবৈষ্ণবের মুখে) তোমার কথা সর্ব্বদা শ্রবণ ও মনন দ্বারা মানবগণ তোমাকে পাইবার পথ দেখিতে পায়; তখন তাহাদের পরাভক্তি-পরিপ্লুত হৃদয়পদ্মে আসিয়া তুমি নিশ্চয়ই অচলপ্রতিষ্ঠ হইয়া উপবেশন কর! হে অনন্তকীর্ত্তিগুণমহিমন্! ঈদৃশ সাধকভক্তগণ স্ব স্ব বুদ্ধিমত মনে মনে তোমার যে যে রূপ ধ্যান করে, তুমি ভক্তের প্রতি অনুকম্পাহেতু তাহাদের হৃদয়ে তোমার সেই সেই রূপ প্রকাশ কর।৫১।

নাতি প্রসীদতি তথোপচিতোপচারৈ—
রারাধিতঃ সুরগণৈ হৃ´দিবদ্ধকামৈঃ ।
যৎ সর্ব্বভূতদয়য়াসদলভ্যয়ৈকো
নানাজনেষ্ববহিতঃ সুহৃদন্তরাত্মা ॥৫২॥

৩,৯,১২ ব্রহ্মা ।

হে নাথ, নানাজনেষু (বিভিন্নপ্রকৃতিষু জগজ্জনেষু) অবহিতঃ (সর্ব্বদা সর্ব্বথা চ নিবিষ্টচিত্তঃ একান্তপ্রীতিভাবাপন্নঃ) একঃ (একমাত্রঃ অদ্বিতীয়ঃ) সুহৃৎ (সর্ব্বেষামেব সদৈবানুমতঃ হিতকারী প্রেষ্ঠঃ প্রাণসখঃ) অন্তরাত্মা (প্রাণস্য প্রাণঃ) (তথাপি ভবান্) অসদলভ্যয়া (অসতাম্ অসাধূনাম্ অভক্তানাম্ ইত্যর্থঃ অলভ্যয়া প্রাপ্তেরতীতয়া সুদুর্লভয়া ইত্যর্থঃ) সর্ব্বভূতদয়য়া (ভবৎপ্রতিমেষু সর্ব্বেষু ভূতেষু চেতনাচেতনেষু দয়য়া নিষ্কামপ্রীত্যা) যৎ (যাদৃশম্) অতিপ্রসীদতি (অত্যন্তং প্রসন্নো ভবতি অতিমাত্রং প্রীতো ভবতি) হৃদিবদ্ধকামৈঃ (হৃদি হৃদয়ে বদ্ধঃ গাঢ়নিহিতঃ গূঢ়াবস্থিতো বা কামঃ বাসনা যেষাং তৈঃ সকামৈঃ স্বার্থান্ধৈঃ অতএব পরার্থবিমুখৈঃ) সুরগণৈঃ (দেবগণৈঃ) উপচিতোপচারৈঃ (সংগৃহীতগন্ধপুষ্পধূপদীপাদিপূজোপহারৈঃ) আরাধিতঃ (অর্চ্চিতঃ অপি) তথা ন (তাদৃশং নাতিপ্রসীদতি)। ৫২ ।

হে নাথ, বিভিন্নপ্রকৃতি সমস্ত জগজ্জনের তুমি একমাত্র প্রিয়তম প্রাণের প্রাণ (অন্তরাত্মা) প্রাণসখা, সকলের প্রতি তোমার সর্ব্বদা সমভাবে কৃপাদৃষ্টি, তথাপি অসাধুগণের (অভক্তগণের) সুদুর্লভ সর্ব্বজীবে নিঃস্বার্থ ও নিষ্কাম প্রীতিতে (সাধুভক্তগণের প্রতি) তুমি যেমন অতিমাত্র প্রসন্ন হও, সকাম হৃদয়ে দেবগণও যদি বহুবিধ উপচারে তোমার আরাধনা করে, তাহাদের প্রতি তুমি তাদৃশ প্রসন্ন হও না ।৫২।

যস্যাবতারগুণকর্ম্মবিড়ম্বনানি
নামানি যেঽসুবিগমে বিবশা গৃণন্তি।
তেঽনেকজন্মশমলং সহসৈব হিত্বা
সংযান্ত্যপাবৃতমৃতং তমজং প্রপদ্যে ॥৫৩॥

৩,৯,১৫ ব্রহ্মা।

(হে ভগবন্) যে (যে জনাঃ) যস্য (পরমাত্মনস্তব) অবতারগুণকর্ম্মবিড়ম্বনানি (কৃষ্ণরাম-প্রভৃতীনি অবতারসূচকানি পতিতপাবন-ভক্তবৎসলাদীনি গুণবিড়ম্বনানি গিরিধারি-রাবণারি-মধুসূদনাদীনি কর্ম্মসূচকানি) নামানি (অজামিলাদয় ইব) অসুবিগমে (প্রাণপ্রয়াণকালে) বিবশাঃ (অবশেন্দ্রিয়াঃ অপি) (কেবলং) গৃণন্তি (উচ্চারণমাত্রবিষয়ং কুর্ব্বন্তি) তে অনেকজন্মশমলং (বহুজন্মার্জ্জিতং পুঞ্জীকৃতং দুরিতং) সহসৈব (তৎক্ষণাদেব) হিত্বা (পরিত্যজ্য তস্মান্মুক্তা ভূত্বা ইত্যর্থঃ) অপাবৃতং (নিরস্তাবরণং স্বতেজসা পূর্ণপ্রকাশমানমিত্যর্থঃ) (যম্) ঋতং (সত্যং সচ্চিদানন্দস্বরূপং ভগবন্তং) যান্তি (প্রাপ্নুবন্তি তেন সহ মিলিতাঃ ভবন্তি) তম্ অজং (জন্মাদিরহিতং সত্যস্বরূপং ত্বাং) প্রপদ্যে (শরণং ব্রজাম্যহম্ ইতি শেষঃ)। ৫৩।

হে ভগবন্! যাহারা প্রাণবিয়োগকালে বিবশেন্দ্রিয় হইয়াও তোমার অবতার, গুণমহিমা ও লীলানুরূপ নাম (কৃষ্ণ, রাম, নারায়ণ, হরি, দীননাথ, পতিতপাবন, মুরারি, গোবিন্দ, মধুসূদন প্রভৃতি) উচ্চারণমাত্র করে, তাহারা বহুজন্মের পুঞ্জীকৃত পাপরাশি হইতে তৎক্ষণাৎ পরিত্রাণ পাইয়া উন্মুক্তাবরণ (পূর্ণপ্রকাশমান) সচ্চিদানন্দ পরব্রহ্মকে প্রাপ্ত হয়, আমি সেই জন্মরহিত নিত্য নিরঞ্জন সত্যস্বরূপ তোমার শরণাপন্ন হইলাম।৫৩।

ভূয়স্ত্বং তপ আতিষ্ঠ বিদ্যাঞ্চৈব মদাশ্রয়াম্ ।
তাভ্যামন্তর্হৃদি ব্রহ্মন্ লোকান্ দ্রক্ষ্যস্যপাবৃতান্॥৫৪॥

৩,৯,২৯ শ্রীভগবান্ ।

হে ব্রহ্মন্, ভূয়ঃ (পুনরপি) ত্বং তপঃ (চিত্তৈকাগ্র্যং ময়ি মনসোঽভিনিবেশং) মদাশ্রয়াম্ (অহমেব আশ্রয়ঃ অবলম্বনং যস্যাঃ তাং মৎপ্রাপ্তিচরমফলাং) বিদ্যাং (কুশলাং সাধনাং অনুকূলাম্ আরাধনাম্) আতিষ্ঠ (সাধয়) তাভ্যাং (মৎপ্রাপ্তি-সাধনীভূতাভ্যাং তপোবিদ্যাভ্যাম্) অন্তর্হৃদি (হৃদয়াভ্যন্তরে এব) (বহিঃস্থিতানপি) লোকান্ (ভুবনানি ভূর্ভুবঃস্বরাদীনি সর্ব্বাণি তত্রস্থান্ পশুমনুষ্যদেবসমূহানপি) অপাবৃতান্ (উন্মুক্তাবরণান্ সুস্পষ্টং প্রকাশমানান্) দ্রক্ষ্যসি (দ্রষ্টুম্ সমর্থো ভবিষ্যসি) । ৫৪ ।

হে ব্রহ্মন্, তুমি পুনরায় একাগ্রচিত্তে তপস্যা ও মদ্বিষয়িণী বিদ্যা (যে উপাসনা দ্বারা আমাকে প্রাপ্ত হওয়া যায়) সাধনা কর, সেই তপস্যা ও ব্রহ্মবিদ্যা সাধন দ্বারা তুমি হৃদয়াভ্যন্তরে নিখিল ভুবন সমস্তই সম্পূর্ণ উদ্ভাসিত ও সুস্পষ্ট দেখিতে পাইবে ।৫৪।

ততো আত্মনি লোকে চ ভক্তিযুক্তঃ সমাহিতঃ ।
দ্রষ্টাসি মাং ততং ব্রহ্মন্ ময়ি লোকাংস্ত্বমাত্মনঃ॥৫৫॥

৩,৯,৩০ শ্রীভগবান্ ।

ততঃ (তদনন্তরং হৃন্মধ্যে নিরাবরণান্ সর্ব্বান্ লোকান্ দৃষ্ট্বা ইত্যর্থঃ) ভক্তিযুক্তঃ (ভক্ত্যা ময়া সহ নিত্যযুক্তঃ) সমাহিতঃ (ময়ি সম্যঙ্ নিহিতচিত্তঃ সন্) হে ব্রহ্মন্, ত্বম্ আত্মনি (স্বস্মিন্) লোকে চ (চেতনাচেতনাত্মনি বিশ্বে চ) মাং ততং (পরিব্যাপ্তং) তথা লোকান্ (ভূরাদীনি সর্ব্বাণি বিশ্বানি) আত্মনঃ (জীবাংশ্চ) ময়ি (স্থিতান্) দ্রষ্টাসি (দ্রক্ষ্যসি দ্রষ্টুং সমর্থো ভবিষ্যসীত্যর্থঃ) । ৫৫ ।

অনন্তর একান্ত ভক্তিযুক্তপ্রাণে আমাতে সমাহিত হইলে তুমি নিজের ও চেতনাচেতন সমগ্র বিশ্বের অন্তরে বাহিরে আমাকে পরিব্যাপ্ত দেখিবে ; হে ব্রহ্মন্, তখন অনন্ত ব্রহ্মাণ্ড ও যাবতীয় জীবসমূহ আমাতেই অবস্থিত বুঝিতে পারিবে ।৫৫।

যদা তু সর্ব্বভূতেষু দারুষ্বগ্নিমিব স্থিতম্ ।
প্রতিচক্ষীত মাং লোকো জহ্যাত্তর্হ্যেব কশ্মলম্ ॥৫৬॥

৩,৯,৩১ শ্রীভগবান্ ।

যদা তু লোকঃ (জনঃ) দারুষু (কাষ্ঠেষু) (অন্তর্নিহিতম্) অগ্নিমিব মাং সর্ব্বভূতেষু (চেতনাচেতনেষু সর্ব্বেষু) স্থিতং (সদৈব সম্পূর্ণং বর্ত্তমানম্ অগ্নিমিব প্রতিচক্ষীত (পশ্যেৎ অবধারয়েৎ উপলব্ধং কুর্য্যাৎ) তর্হি এব (তদৈব সর্ব্বভূতান্তরাত্মানং মাং দৃষ্ট্বা এব মদ্-দর্শনাদেব) কশ্মলং (পাপং মনসো মালিন্যম্ অহঙ্কারমোহাদিরূপং) জহ্যাৎ (ত্যক্তুং সমর্থো ভবেৎ)। ৫৬।

আর যখন মানব কাষ্ঠাভ্যন্তরে নিত্যনিহিত অগ্নির ন্যায় জীবে জড়ে সর্ব্বভূতে আমাকে নিত্য বিদ্যমান্ উপলব্ধি করিতে পারে, তখনই সে পাপহীন ও মোহমুক্ত হয় ।৫৬।

যদা রহিতমাত্মানং ভূতেন্দ্রিয়গুণাশয়ৈঃ।
স্বরূপেণ ময়োপেতং পশ্যন স্বারাজ্যমৃচ্ছতি ॥৫৭॥

৩,৯,৩২ শ্রীভগবান্।

ভূতেন্দ্রিয়গুণাশয়ৈঃ (ভূতানি ক্ষিত্যপ্তেজোমরুদ্ব্যোমানি ইন্দ্রিয়াণি চক্ষুঃশ্রোত্রাদীনি গুণাঃ সত্ত্বাদয়ঃ আশয়ঃ অন্তঃকরণং তৈঃ) রহিতং (বিরহিতং তেভ্যঃ সম্পূর্ণং বিভিন্নম্) আত্মানং (জীবাত্মানং) যদা ময়া (পরমাত্মনা সহ) স্বরূপেণ (স্বরূপতঃ) উপেতং (নিত্যমিলিতম্ একীভূতম্ অভিন্নমিত্যর্থঃ) পশ্যন্ (সম্যগ্ জানন্ অনুভবন্ চাস্তে) তদা (মত্তত্ত্বজ্ঞো জনঃ) স্বারাজ্যং (স্বরূপসিদ্ধিং জীবন্মুক্তিরূপাম্ আনন্দঘনাবস্থাম্) ঋচ্ছতি (অধিগচ্ছতি প্রাপ্নোতীত্যর্থঃ)। ৫৭।

পঞ্চভূত, দশেন্দ্রিয়, সত্ত্বাদিগুণত্রয় ও মনের অতীত ও ইহাদের হইতে সম্পূর্ণ বিভিন্ন জীবাত্মাকে মানব যখন আমার (পরমাত্মার) সহিত স্বরূপতঃ অভিন্ন ও নিত্যমিলিত বুঝিতে পারে, তখনই সে স্বারাজ্যসিদ্ধি (জীবন্মুক্তি) লাভ করে।৫৭।

পূর্ত্তেন তপসা যজ্ঞৈ দানৈ র্যোগৈঃ সমাধিনা।
রাদ্ধং নিঃশ্রেয়সং পুংসাং মৎপ্রীতিস্তত্ত্ববিন্মতম্ ॥৫৮॥

৩,৯,৪০ শ্রীভগবান্।

পূর্ত্তেন (জলাশয়বৃক্ষাদিপ্রতিষ্ঠানেন) তপসা (কৃচ্ছ্রাদি-সাধনেন) যজ্ঞৈঃ (শ্রুত্যুক্তযাগানুষ্ঠানাদিভিঃ) দানৈঃ (স্মৃত্যুক্তান্ন-দানাদিভিঃ) যোগৈঃ (অষ্টাঙ্গসাধনেন চিত্তবৃত্তিনিরোধাদিভিঃ) সমাধিনা (ধ্যানযোগেন মনসো গাঢ়াভিনিবেশেন) চ রাদ্ধং (সাধিতং সিদ্ধং বা) পুংসাং (মানবানাং) (যৎ) নিঃশ্রেয়সম্ (অভীষ্টং বা প্রাপ্তং শুভফলং) (তৎ) মৎপ্রীতিরেব (মৎপ্রীত্যর্থং মৎপ্রীত্যুৎপন্নং বা) ইতি তত্ত্ববিন্মতং (তত্ত্ববিদাম্ আত্মতত্ত্বজ্ঞানাং মতম্ উদ্দিষ্টং সম্মতং বা)। ৫৮।

মানবগণ জলাশয়বৃক্ষাদিপ্রতিষ্ঠা জনহিতকর পূর্ত্তকর্ম্ম, তপস্যাদি কৃচ্ছ্রসাধন, বেদোক্ত যাগযজ্ঞাদি অনুষ্ঠান, দীন দরিদ্রকে অন্নবস্ত্রগাভীহিরণ্যাদি দান, যমনিয়মাদি অষ্টাঙ্গযোগ ও সমাধি প্রভৃতি যে সকল শুভ কর্ম্ম সাধন করে, তত্ত্বজ্ঞানী সাধুভক্তগণের বিশ্বাস যে আমার প্রীতিলাভই সেই সমস্ত কর্ম্মের চরম লক্ষ্য, পরমা সিদ্ধি ও অভীষ্ট পূর্ণফল। ৫৮।

অহমাত্মাত্মনাং ধাতঃ প্রেষ্ঠঃ সন্ প্রেয়সামপি।
অতো ময়ি রতিং কুর্য্যাদ্দেহাদি র্যৎকৃতে প্রিয়ঃ ॥৫৯॥

৩,৯,৪১ শ্রীভগবান্।

হে ধাতঃ (হে ব্রহ্মন্) অহম্ আত্মনাম্ (অহঙ্কারোপাধীনাং জীবানাম্) আত্মা (পরমাত্মা) প্রেয়সামপি প্রেষ্ঠঃ (অতি-প্রিয়াণামপি প্রিয়তমঃ "প্রেয়ঃ পুত্রাৎ প্রেয়ো বিত্তাৎ প্রেয়ঃ সর্ব্বস্মাৎ" ইতি শ্রুতেঃ) সন্ (নিত্যঃ নিরবদ্যশ্চ কদাচিদপি বিরহাভাবাৎ নিত্যপ্রিয়ত্বাচ্চ) যৎকৃতে (যস্যার্থং) দেহাদিঃ (দেহঃ শরীরং দেহসম্বন্ধিনশ্চ পুত্রকলত্রাদয়ঃ) প্রিয়ঃ (প্রীতিকরঃ ভবতীত্যর্থঃ) অতঃ (অতএব) ময়ি রতিং (স্বাভাবিকীং পরাং প্রীতিং) কুর্য্যাৎ। যদ্বা অতঃ (অস্মাৎ হেতোঃ) ময়ি রতিং কুর্য্যাৎ যৎকৃতে (যস্যা রতেঃ কৃতে) দেহাদিঃ (দেহেন্দ্রিয়াণি) প্রিয়ো ভবতি (ভক্তানাং ভগবৎসাধনানুকূলত্বাৎ শ্রবণকীর্ত্তন-পূজাপরিচর্য্যাদিভিরিতি যাবৎ)। ৫৯।

হে বিধাতঃ, দেহাভিমানী জগজ্জীবের দেহ ও দেহসম্বন্ধীয় যাবতীয় বস্তু যাহার জন্য প্রিয়, তাহাদের সেই প্রিয় হইতেও প্রিয়তম প্রাণের প্রাণ পরমাত্মাই আমি; অতএব আমাতে ঐকান্তিক প্রীতি করাই কর্ত্তব্য। ৫৯।

য এবমেতাং হরিমেধসো হরেঃ
কথাং সুভদ্রাং কথনীয়মায়িনঃ।
শৃণ্বীত ভক্ত্যা শ্রবয়েত বোশতীং
জনার্দ্দনোঽস্যাশু হৃদি প্রসীদতি ॥৬০॥

৩, ১৩, ৪৭ মৈত্রেয়ঃ।

যঃ (যো জনঃ) এবং (পূর্ব্বোক্তরূপম্) এতাম্ (ঈদৃশীং) হরিমেধসঃ (হরন্তী সর্ব্বদুঃখহারিণী মেধা অবিচলিতা বুদ্ধির্যস্য তস্য সর্ব্বদুঃখহরণনিবিষ্টবুদ্ধেঃ) কথনীয়মায়িনঃ (কথনীয়া বর্ণনীয়া মায়া মায়াশক্তিঃ মায়িকলীলাপ্রকাশিনী কৃপা অস্যাস্তি ইতি তস্য কৃপয়া মধুরমঙ্গলমহনীয়লীলাময়স্য) হরেঃ (শ্রীহরেঃ ভগবতঃ বাসুদেবস্য) সুভদ্রাং (সুমঙ্গলাং সর্ব্বপ্রিয়শুভঙ্করীম্) উশতীং (কমনীয়াং শ্রুতিমধুরাং) কথাং (লীলাগুণবর্ণনরূপাম্ ইত্যর্থঃ) ভক্ত্যা শৃণ্বীত (ভক্তিশ্রদ্ধাপূর্ব্বকং শৃণুয়াৎ) শ্রবয়েত বা (অথবা অন্যান্ শ্রাবয়েৎ) অস্য হৃদি (হৃদয়াভ্যন্তরে নিত্যবিরাজিতঃ সন্) জনার্দ্দনঃ (ভগবান্ শ্রীহরিঃ) আশু (অচিরেণৈব শীঘ্রং) প্রসীদতি (প্রসন্নঃ পূর্ণপ্রকাশিতশ্চ ভবতি)। ৬০।

সর্ব্বজনের সর্ব্বদুঃখহরণে সর্ব্বদা অবিচলিতবুদ্ধি শ্রীহরির ঈদৃশ এই সর্ব্বসুমঙ্গল মধুর মনোরম মায়াময়ী লীলাকাহিনী ভক্তিপূর্ণ প্রাণে যে ব্যক্তি স্বয়ং শ্রবণ অথবা অন্যের নিকট বর্ণন করে, ভগবান্ জনার্দ্দন তাহার উপর প্রসন্ন হইয়া শীঘ্রই তাহার হৃদয়ে প্রকাশিত হন। ৬০।

তস্মিন্ প্রসন্নে সকলাশিষাং প্রভৌ
কিং দুর্ল্লভং তাভিরলং লবাত্মভিঃ ।
অনন্যদৃষ্ট্যা ভজতাং গুহাশয়ঃ
স্বয়ং বিধত্তে স্বগতিং পরঃ পরাম্ ॥৬১॥

৩, ১৩, ৪৮ মৈত্রেয়ঃ ।

সকলাশিষাং প্রভৌ (সকলশুভাভীষ্টফলপ্রদাতরি সর্ব্বমঙ্গলময়ে সর্ব্বেশ্বরে) তস্মিন্ (ভগবতি বাসুদেবে) প্রসন্নে সতি কিং দুর্ল্লভং (ধর্ম্মার্থকামমোক্ষেষু কিং দুষ্প্রাপং সর্ব্বমেব সুলভমিতি যাবৎ) তথাপি তাভিঃ লবাত্মভিঃ (ক্ষুদ্রাভিস্তুচ্ছাভিরিত্যর্থঃ আশীভিঃ) অলং (নিষ্প্রয়োজনম্ অকিঞ্চিৎকরত্বাৎ) অনন্যদৃষ্ট্যা (ভগবৎ-প্রীতিসাধনং বিনা ফলান্তরপ্রাপ্ত্যভিসন্ধিবর্জ্জিতেনান্তরাত্মনা) ভজতাম্ (অনন্যশরণানাং ভক্তানাং) গুহাশয়ঃ (হৃৎকন্দরে স্থিতঃ সন্ অন্তর্য্যামিতয়া তেষাম্ অহৈতুকীং ভক্তিং জানন্নিতি) পরঃ (পরাৎপরঃ চিদানন্দস্বরূপঃ ভগবান্ স্বয়ম্ (অপ্রার্থিতঃ এব নিজকৃপাগুণেন) পরাং (সর্ব্বোত্তমাং) স্বগতিং (স্বপদপ্রাপ্তিম্ অথবা স্বস্মিন্ আত্মনি গতিং স্বারূপ্যলয়ং) বিধত্তে (বিদধাতি) ।৬১।

সেই হৃদয়নাথ প্রসন্ন হইলে সমস্ত অভীষ্ট বস্তু সুলভ হয়, পরন্তু তদ্গত-প্রাণ একান্তভক্তের ভগবদ্-ভজন ভিন্ন অন্য কোন লক্ষ্য বা ফলাভিসন্ধি না থাকায় চতুর্ব্বর্গও তাঁহার অতি তুচ্ছ ও অকিঞ্চিৎকর বোধ হয়, তখন সেই হৃদয়গুহাবিহারী অন্তর্যামী পরাৎপর ভগবান্ স্বয়ং (অযাচিত হইয়াও) তাঁহাকে স্বপদপ্রাপ্তি রূপ পরাগতি প্রদান করেন। ৬১।

চেতঃ খল্বস্য বন্ধায় মুক্তয়ে চাত্মনো মতম্ ।
গুণেষু সক্তং বন্ধায় রতং বা পুংসি মুক্তয়ে ॥৬২॥

৩,২৫,১৪ কপিলঃ ।

অস্য (পুরুষস্য জীবস্য ইত্যর্থঃ) আত্মনঃ (স্বস্য) চেতঃ (চিত্তং মনঃ এব) খলু (নিশ্চিতং) বন্ধায় মুক্তয়ে চ (বন্ধন-মোচনয়োঃ হেতুত্বেন) মতম্ (অবধারিতং সর্ব্বজনসম্মতম্ ইত্যর্থঃ "মন এব মনুষ্যানাং কারণং বন্ধমোক্ষয়োঃ") গুণেষু (বন্ধন-সাধকরজ্জুষু ইব বিষয়েষু) সক্তম্ (আসক্তম্ অস্য চেতঃ) বন্ধায় (বন্ধনকারণং ভবতি) পুংসি (পরমপুরুষে নির্গুণে ভগবতি পুরুষোত্তমে) রতং বা (রতিমত্ সানন্দং সংসক্তং তু "বা" ইত্যত্র পক্ষান্তরবাচকং) মুক্তয়ে (সংসারবন্ধনমোচনায় ভবতীতি শেষঃ) । ৬২ ।

প্রকৃতপক্ষে মনই এই জীবের বন্ধন ও মুক্তির কারণ ; বিষয়ে আসক্ত হইলেই তাহা বন্ধনের, আর সেই পরমপুরুষে (পরমাত্মায়) রমিত থাকিলে মুক্তির কারণ হয় ।৬২।

অহং মমাভিমানোত্থৈঃ কামলোভাদিভির্ম্মলৈঃ।
বীতং যদা মনঃ শুদ্ধমদুঃখমসুখং সমম্ ॥৬৩॥

৩,২৫,১৫ কপিলঃ।

যদা অহংমমাভিমানোত্থৈঃ (অনাত্মনি দেহাদৌ অহমিতি দেহসম্বন্ধিষু পুত্রকলত্রগৃহবিত্তাদিষু চ মমেতি অভিমানঃ প্রতীতিঃ ভ্রমবুদ্ধিঃ তাভ্যাম্ উত্থৈঃ উত্থিতৈঃ উৎপন্নৈরিতি যাবৎ) কামলোভাদিভিঃ (প্রাপ্তিকামনা-ভোগবাসনাদিভিঃ) মলৈঃ (কলুষৈঃ) মনঃ (চিত্তং) বীতং (সর্ব্বতোভাবেন রহিতং ভবতি তদা তৎ) শুদ্ধং (বিকারবিকল্পবিমুক্তং নির্ম্মলম্) অদুঃখম্ অসুখং (দুঃখ-সুখাদ্যনুভূতেরতীতং) সমং (সাম্যে প্রতিষ্ঠিতং দ্বন্দ্বহীনং সর্ব্বত্র সমভাবাপন্নং) ভবতীতিশেষঃ। ৬৩।

(দেহাদিতে) "আমি" ও (পুত্রমিত্রকলত্রাদি দেহ-সম্বন্ধীয় যাবতীয় বস্তুতে) "আমার" অভিমান হইতে উৎপন্ন কামলোভাদি (প্রাপ্তিবাসনা ও ভোগস্পৃহাদি) মলিনতামুক্ত হইলে মন বিশুদ্ধ এবং সুখদুঃখদ্বন্দ্বাতীত ও সর্ব্বত্র সমভাবাপন্ন হয়।৬৩।

তদা পুরুষ আত্মানং কেবলং প্রকৃতেঃ পরম্।
নিরন্তরং স্বয়ং জ্যোতিরণিমানমখণ্ডিতম্ ॥৬৪॥
জ্ঞানবৈরাগ্যযুক্তেন ভক্তিযুক্তেন চাত্মনা।
পরিপশ্যত্যুদাসীনং প্রকৃতিঞ্চ হতৌজসম্ ॥৬৫॥

৩,২৫,১৬-১৭ কপিলঃ।

তদা (মনসি শুদ্ধসত্ত্বে প্রতিষ্ঠিতে সতি) পুরুষঃ (জীবঃ) জ্ঞানবৈরাগ্যযুক্তেন (জাতপ্রজ্ঞেন অতএব বিষয়বিতৃষ্ণেন) ভক্তিযুক্তেন চ (ভগবতি বাসুদেবে পরাপ্রীতিপ্রবণেন চ) আত্মনা (মনসা) নিরন্তরং (ব্যবধানশূন্যং নিরবচ্ছিন্নং নিত্যম্) অখণ্ডিতম্ (অখণ্ডম্ অপরিচ্ছিন্নম্) অণিমানং (সূক্ষ্মাদপ্যতিসূক্ষ্মং) স্বয়ংজ্যোতিঃ (স্বপ্রকাশং জ্যোতির্ম্ময়ম্) উদাসীনম্ (অনাসক্তং নিষ্ক্রিয়ঞ্চ) প্রকৃতেঃ পরং (নির্গুণং মায়াতীতং) কেবলং (বিশুদ্ধস্বরূপম্) আত্মানম্ (পরমাত্মানম্) পরিপশ্যতি (পূর্ণম্ পরিস্ফুটঞ্চ পশ্যতি) প্রকৃতিঞ্চ (স্বস্য অবিদ্যাঞ্চ) হতৌজসং (ক্ষীণবলাং স্বস্মিন্ প্রভাবহীনাং) পরিপশ্যতি (সম্যক্ অনুভবতি উপলব্ধুং শক্নোতি ইত্যর্থঃ) (পরিপশ্যতীতি দ্বয়োরন্বয়ঃ) । ৬৪-৬৫ ।

তখন জীব জ্ঞান (প্রজ্ঞা), বৈরাগ্য (বিষয়বিতৃষ্ণা) ও ভক্তি (পরাপ্রীতি) যুক্ত সেই মনের দ্বারা প্রকৃতির পরস্থিত (মায়াতীত) নিরবচ্ছিন্ন, স্বতঃপ্রকাশ জ্যোতির্ম্ময় সূক্ষ্ম হইতেও অতি সূক্ষ্ম, অপরিচ্ছিন্ন (অখণ্ড সচ্চিদানন্দ) উদাসীন (অনাসক্ত ও নিষ্ক্রিয়) বিশুদ্ধ-স্বরূপ পরমাত্মাকে পূর্ণরূপে পরিস্ফুরিত দেখে ; তখন আর সে প্রকৃতির (অবিদ্যার) প্রভাব অণুমাত্র অনুভব করে না। ৬৪-৬৫ ।

ন যুজ্যমানয়া ভক্ত্যা ভগবত্যখিলাত্মনি ।
সদৃশোঽস্তি শিবঃ পন্থা যোগিনাং ব্রহ্মসিদ্ধয়ে ॥৬৬॥
প্রসঙ্গমজরং পাশমাত্মনঃ কবয়ো বিদুঃ ।
স এব সাধুষু কৃতো মোক্ষদ্বারমপাবৃতম্ ॥৬৭॥

৩,২৫,১৮-১৯ কপিলঃ ।

যোগিনাং (ভগবতা সহ নিত্যযুক্তত্বাকাঙ্ক্ষিণাং সাধকানাং) ব্রহ্মসিদ্ধয়ে (ব্রহ্মলাভায় পরব্রহ্মণি নিত্যযুক্তত্বসিদ্ধয়ে) অখিলাত্মনি (চেতনাচেতননিখিলভূতাত্মকে) ভগবতি (বাসুদেবে পরব্রহ্মণি) যুজ্যমানয়া (সমুচিতয়া ক্রিয়মাণয়া চ) ভক্ত্যা (পরয়া প্রীত্যা) সদৃশঃ (তুল্যঃ) শিবঃ (সুমঙ্গলঃ সুখকরশ্চ) পন্থাঃ (সাধনোপায়ঃ) নাস্তি । ৬৬ ।

প্রসঙ্গং (প্রকৃষ্টাম্ আসক্তিম্) আত্মনঃ (জীবাত্মনঃ) অজরম্ (অক্ষয়ং সুদৃঢ়ং) পাশং (বন্ধনরজ্জুং) কবয়ঃ (তত্ত্ববিদঃ) বিদুঃ (জানন্তি) স (প্রসঙ্গঃ) সাধুষু কৃতঃ (সাধুসঙ্গঃ ইত্যর্থঃ) অপাবৃতম্ (অনাবৃতম্ উন্মুক্তং) মোক্ষদ্বারম্ এব (মুক্তেঃ সুগমোপায়ঃ ইতি যাবৎ) । ৬৭ ।

সর্ব্বভূতাত্মক ভগবানে ভক্তিযোগসদৃশ যোগিগণের (ভগবানের সহিত নিত্যযুক্ত হইবার সাধনাবলম্বিগণের) ব্রহ্মসিদ্ধিলাভের (পরব্রহ্মে নিত্য নিহিত থাকিবার) সহজ সুমঙ্গল উপায় আর নাই । ৬৬ ।

সর্ব্বদর্শী বিবেকিগণ প্রবল আসক্তিকেই জীবের অক্ষয্য বন্ধন বলিয়া জানেন ; পরন্তু তাহাই (সেই প্রগাঢ় অনুরাগই) আবার সাধুগণের প্রতি হইলে মুক্তির উন্মুক্ত দ্বারস্বরূপ হইয়া থাকে । ৬৭ ।

তিতিক্ষবঃ কারুণিকাঃ সুহৃদঃ সর্ব্বদেহিনাম্ ।
অজাতশত্রবঃ শান্তাঃ সাধবঃ সাধুভূষণাঃ ॥ ৬৮ ॥
ময্যনন্যেন ভাবেন ভক্তিং কুর্ব্বন্তি যে দৃঢ়াম্ ।
মৎকৃতে ত্যক্তকর্ম্মাণস্ত্যক্তস্বজনবান্ধবাঃ ॥৬৯॥

৩, ২৫, ২০ কপিলঃ ।

যে (জনাঃ) সাধবঃ (সাধুচরিত্রাঃ সততং সাধনশীলাঃ) তিতিক্ষবঃ (ক্ষমাশীলাঃ পরাপরাধসহিষ্ণবঃ) কারুণিকাঃ (করুণা-পরায়ণাঃ নিঃস্বার্থদয়ার্দ্রহৃদয়াঃ নিসর্গসিদ্ধপরদুঃখাপনোদনবৃত্তয়ঃ) সর্ব্বদেহিনাং (দেহধারিণাং সর্ব্বেষাং জীবানাং) সুহৃদঃ (শুভা-কাঙ্ক্ষিণঃ সদৈবানুমতাঃ প্রিয়বান্ধবাঃ) অজাতশত্রবঃ (নির্বৈরাঃ সর্ব্বজনপ্রিয়াঃ সর্ব্বজনহিতৈষিণঃ) শান্তাঃ (শান্তপ্রকৃতয়ঃ শমগুণ-প্রধানাঃ প্রশান্তচিত্তাঃ) সাধুভূষণাঃ (সর্ব্বসদ্‌গুণবিভূষিতাঃ সাধু-সঙ্গপ্রিয়াঃ) (ভবন্তি) (তে) অনন্যেন (একাগ্রেণ) ভাবেন (অনু-রাগেণ) ময়ি দৃঢ়াম্ (অচলাং) ভক্তিং কুর্ব্বন্তি (স্থাপয়ন্তি) (তথা) মৎকৃতে (মৎপ্রেমবিহ্বলাঃ সন্তঃ মদর্থে) ত্যক্তকর্ম্মাণঃ (সর্ব্বকর্ম্ম-বিবর্জ্জিতাঃ সদৈব মচ্চিন্তনপরাঃ মন্নিহিতচিত্তাঃ ইত্যর্থঃ) ত্যক্ত-স্বজনবান্ধবাঃ (প্রিয়পরিজনেষু বন্ধুবান্ধবেষু চ ত্যক্তানুরাগাঃ) (ভবন্তীতি শেষঃ) [মামেব তে প্রিয়াদপি প্রিয়তমং জানন্তি মৎ-প্রেমাকুলাশ্চ মৎপ্রীতয়ে এব সর্ব্বাণি কর্ম্মাণি কুর্ব্বন্তি ইত্যর্থঃ]। ৬৮-৬৯ ।

সাধুগণ ক্ষমাগুণশালী, সহিষ্ণু, করুণহৃদয়, সর্ব্বজীবের প্রতি সুহৃদ্ভাবাপন্ন, অজাতশত্রু, প্রশান্তচিত্ত ও সর্ব্ব-সদ্‌গুণভূষিত হইয়া অনন্যভাবে আমাতে অচলা ভক্তি স্থাপন পূর্ব্বক আমার প্রেমে আত্মহারা হইয়া সমস্ত কর্ম্ম (সকল কর্ম্মে কর্ত্তৃত্বাভিমান) ও আত্মীয় স্বজন বন্ধুবান্ধব (প্রিয় পরিজনবর্গের প্রতি প্রীতি মমতা) পরিত্যাগ করেন। ৬৮—৬৯ ।

মদাশ্রয়কথা মৃষ্টাঃ শৃণ্বন্তি কথয়ন্তি চ।

তপন্তি বিবিধাস্তাপা নৈতান্মদ্গতচেতসঃ ॥৭০॥

৩, ২৫, ২১ কপিলঃ।

মৃষ্টাঃ (বিশুদ্ধাঃ অমায়িকীঃ অমৃতরসাশ্চ) মদাশ্রয়কথাঃ (মদ্গুণলীলামহিমাদিপ্রসঙ্গান্) তে শৃণ্বন্তি (সাধু-গুরু-বৈষ্ণব-মুখেভ্যঃ শ্রুত্বা তৃপ্তাঃ ভবন্তি) কথয়ন্তি চ (অন্তরঙ্গভক্তবৃন্দ-সমীপে কীর্ত্তয়ন্তি তৈঃ সহ মৎপ্রসঙ্গম্ আলাপয়ন্তস্তান্ পরিতৃপ্তান্ কুর্ব্বন্তি চ) এতান্ (ঈদৃশান্) মদ্গতচেতসঃ (মন্নিহিতচিত্তান্ সদৈব মচ্চিন্তানিরতান্ মদ্ধ্যানসমাহিতান্ জনান্) বিবিধাঃ (আধ্যাত্মিকাধিভৌতিকাদয়ঃ বহুবিধাঃ) তাপাঃ (সন্তাপাঃ) ন তপন্তি (ন ব্যথয়ন্তি অভিভূতান্ কর্ত্তুং ন শক্লুবন্তি ইত্যর্থঃ)। ৭০।

তাঁহারা সর্ব্বদা আমার বিমল মধুর লীলাগুণ-শ্রবণকীর্ত্তনে বিভোর থাকেন; মদ্গতচিত্ত ঈদৃশ সাধুগণকে সংসারের বিবিধ (আধ্যাত্মিক ও আধি-ভৌতিকাদি) সন্তাপে অভিভূত করিতে পারে না। ৭০।

ত এতে সাধবঃ সাধ্বি সর্ব্বসঙ্গবিবর্জ্জিতাঃ ।
সঙ্গস্তেষ্বথ তে প্রার্থ্যঃ সঙ্গদোষহরা হি তে ॥৭১॥

৩, ২৫, ২১ কপিলঃ ।

হে সাধ্বি, (অয়ি সাধুচরিতে) তে এতে (ঈদৃশাস্তে) সাধবঃ (সাধুভক্তাঃ) সর্ব্বসঙ্গবিবর্জ্জিতাঃ (সর্ব্বেষু মদ্ব্যতিরিক্তেষু বিষয়েষু অথবা সর্ব্বেষু পুরুষার্থেষু ধর্ম্মার্থকামমোক্ষেষু ইতি যাবৎ সম্পূর্ণ-রূপেণ আসক্তিশূন্যাঃ) অথ (অতএব) তেষু সঙ্গঃ (তান্ প্রতি প্রগাঢ়ানুরাগঃ তৈঃ সহ সঙ্গপ্রসঙ্গানুরক্তিরিতি যাবৎ) তে (তব) প্রার্থ্যঃ (প্রার্থনীয়ঃ) হি (যস্মাৎ) তে (সাধবঃ) সঙ্গদোষহরাঃ (বিষয়াসক্তিজনিতসর্ব্বদোষনিবর্ত্তকাঃ তৈঃ সহ সঙ্গেন সর্ব্বে আসঙ্গদোষবিনির্ম্মুক্তাঃ ভবন্তি ইত্যর্থঃ)। ৭১ ।

হে সাধ্বি, ঈদৃশ সাধুগণ (মদ্ভিন্ন) সর্ব্ববিষয়ে আসক্তিবর্জ্জিত ; অতএব তাঁহাদের প্রতি প্রগাঢ় অনুরাগই (আগ্রহ ও ভক্তি সহকারে তাঁহাদের সঙ্গ করাই) তোমার প্রার্থনীয় ; কারণ তাঁহারা (তাঁহাদের সঙ্গগুণে) সর্ব্ববিষয়ে (সকলের) আসঙ্গদোষ হরণ করেন। ৭১ ।

সতাং প্রসঙ্গান্মমবীর্য্যসংবিদো
ভবন্তি হৃৎকর্ণরসায়নাঃ কথাঃ।
তজ্জোষণাদাশ্বপবর্গবর্ত্মনি
শ্রদ্ধারতির্ভক্তিরনুক্রমিষ্যতি ॥ ৭২ ॥

৩, ২৫, ২২ কপিলঃ।

সতাং (সাধুভক্তানাং) প্রসঙ্গাৎ (প্রকৃষ্টাৎ সঙ্গাৎ সানুরাগং তেষাং সঙ্গসেবনাৎ) মম বীর্য্যসংবিদঃ (অনন্তমায়াশক্তিলীলা-মহিমানুভূতেঃ সম্যক্‌সহায়কাঃ) হৃৎকর্ণরসায়নাঃ (মনসঃ সর্ব্ব-ব্যাধিবিধ্বংসিন্যঃ প্রমোদবিধায়িন্যঃ শ্রবণপুটয়োশ্চ অমৃতনিষ্যন্দিন্যঃ যুগপদেব চিত্তশ্রুতিসুখকরাঃ ইত্যর্থঃ) কথাঃ (প্রসঙ্গাঃ) ভবন্তি (প্রবর্ত্তন্তে) তজ্জোষণাৎ (তাসাং কথানাং জোষণাৎ সাগ্রহং সানন্দঞ্চ সততম্ আস্বাদনাৎ) অপবর্গবর্ত্মনি (অপবর্গঃ মুক্তিঃ বর্ত্মনি সাধনপথে এব যস্য তস্মিন্ ভগবতি বাসুদেবে মুক্তিম্ অতিক্রম্য তাং পশ্চাৎ পরিত্যজ্য বহুদূরং গচ্ছন্ সাধকো ভক্তঃ যং লভতে তস্মিন্ ইতি ভাবঃ) শ্রদ্ধা (ঐকান্তিকানুরাগঃ) রতিঃ (আত্মবিস্মরণকারিণী আনন্দানুভূতিঃ) ভক্তিঃ (তনুমনঃপ্রাণসমর্পণরূপা পরা প্রীতিঃ) আশু (ক্ষিপ্রম্) অনুক্রমিষ্যতি (অনুক্রমেণ ভবিষ্যতি একস্যাঃ অনন্তরম্ অন্যা ক্রমান্বয়েন জাতা বর্দ্ধিতা চ ভবিষ্যতীত্যর্থঃ)। ৭২।

অনুরাগের সহিত সাধুসঙ্গ করিলে চিত্ত ও শ্রুতির সুখকর আমার বিচিত্র লীলা ও মায়াশক্তির মহিমা সম্যক্ উপলব্ধি করিবার অনুকূল ও সহায়ক কথা-প্রসঙ্গের প্রবর্ত্তন হয়, এবং সেই রসময়ী কথা আগ্রহ ও প্রীতির সহিত সানন্দে অনুক্ষণ আস্বাদন করিতে করিতে মুক্তির অতীত (অর্থাৎ যাঁহাকে পাইবার সাধনপথে মুক্তিকে অতিক্রম করিতে হয় সেই) শ্রীভগবানে শ্রদ্ধা, (ঐকান্তিক অনুরাগ) প্রেম ও ভক্তি ক্রমান্বয়ে শীঘ্র শীঘ্র জন্মিতে ও বর্দ্ধিত হইতে থাকে। ৭২।

ভক্ত্যা পুমান্ জাতবিরাগ ঐন্দ্রিয়াৎ
দৃষ্টশ্রুতান্মদ্রচনানুচিন্তয়া ।
চিত্তস্য যত্তো গ্রহণে যোগযুক্তো
যতিষ্যতে ঋজুভির্যোগমার্গৈঃ ॥ ৭৩ ॥

৩, ২৫, ২৩ কপিলঃ ।

ভক্ত্যা (ভক্তিপূর্ব্বকম্ ঐকান্তিকপ্রীতিপূর্ণান্তরাত্মনা মদ্রচনানুচিন্তয়া (মম রচনায়াঃ বিশ্বসৃষ্টেঃ লীলাবিভূতের্বা অনুচিন্তয়া অনুক্ষণং চিন্তনেন অনুশীলনেন চ) দৃষ্টশ্রুতাৎ (ঐহিকপারত্রিকাৎ প্রত্যক্ষকল্পিতাৎ ইত্যর্থঃ) ঐন্দ্রিয়াৎ (ইন্দ্রিয়ভোগ্যাৎ সুখাৎ) জাতবিরাগঃ (বীতরাগঃ) সন্ যত্তঃ (একাগ্রযত্নোদ্যমশীলঃ) যোগযুক্তঃ (ভক্তিযোগেন ভগবতা সহ নিত্যযুক্তঃ) পুমান্ (মানবঃ) ঋজুভিঃ (ভক্তিযুক্তত্বেন সরলৈঃ সুগমৈশ্চ) যোগমার্গৈঃ যোগসাধনোপায়ৈঃ) চিত্তস্য গ্রহণে (মনসো নিগ্রহে নিরোধে) যতিষ্যতে (যত্নং করিষ্যতি) । ৭৩ ।

আমার সৃষ্টিলীলাদির অনন্ত বৈচিত্র্য ও অসীম মহিমা অনুক্ষণ ভক্তিপূর্ণ প্রাণে চিন্তা ও অনুশীলন করিতে করিতে ঐহিক পারত্রিক (প্রত্যক্ষ ও কল্পিত) যাবতীয় ইন্দ্রিয়ভোগ্য বিষয়সুখে বৈরাগ্য জন্মিলে, একান্ত যত্ন ও উদ্যমশীল যোগযুক্ত মানব সরল ও সুগম যোগমার্গ (ভক্তিপথ) অবলম্বন করিয়া অনায়াসে চিত্তবৃত্তিনিরোধ করিতে সক্ষম হয় । ৭৩ ।

অসেবয়ায়ং প্রকৃতেগু´ণানাং
জ্ঞানেন বৈরাগ্যবিজৃম্ভিতেন ।
যোগেন ময্যর্পিতয়া চ ভক্ত্যা
মাং প্রত্যগাত্মানমিহাবরুন্ধে ॥ ৭৪ ॥

৩, ২৫, ২৪ কপিলঃ ।

অয়ং (তদা ঈদৃশভক্তিসাধকো যোগযুক্তো মানবঃ) প্রকৃতেগু´ণানাম্ (ইন্দ্রিয়ভোগ্যানাং রূপরসাদিপ্রাকৃতবিষয়াণাম্) অসেবয়া (অনাসঙ্গেন ভোগত্যাগেন সংস্পর্শরাহিত্যেন) বৈরাগ্যবিজৃম্ভিতেন জ্ঞানেন (বৈরাগ্যোদ্দীপ্তেন বিবেকেন) যোগেন (ভক্তিপ্রধানেন জ্ঞানযোগেন চ) ময্যর্পিতয়া (ময়ি সংন্যস্তয়া) ভক্ত্যা (অহৈতুক্যা পরয়া প্রীত্যা) ইহৈব (অস্মিন্নেব দেহে) প্রত্যগাত্মানম্ (প্রত্যক্ষং পরমাত্মানম্) মাং অবরুন্ধে (প্রাপ্নোতি সম্যক্ হৃদয়ঙ্গমং করোতি কর্ত্তুং শক্নোতীত্যর্থঃ ।) ৭৪ ।

তখন সে (ঈদৃশ যোগযুক্ত মানব) প্রকৃতির গুণ-গ্রামে অনাসঙ্গ (রূপ-রস-গন্ধ-স্পর্শ-শব্দাদি ইন্দ্রিয়-ভোগ্য বিষয়ে বিতৃষ্ণা) বৈরাগ্যোদ্দীপ্ত বিবেকবুদ্ধি, জ্ঞানযোগ এবং আমাতে সমর্পিতা অহৈতুকী ও ঐকা-ন্তিকী ভক্তি দ্বারা এই দেহেই প্রত্যক্ষ পরমাত্মস্বরূপ আমাকে প্রাপ্ত হয় (সম্যক্ হৃদয়ঙ্গম করিতে সমর্থ হয়)। ৭৪ ।

দেবানাং গুণলিঙ্গানামানুশ্রবিককর্ম্মণাং ।
সত্ত্ব এবৈকমনসো বৃত্তিঃ স্বাভাবিকী তু যা ॥৭৫॥

৩, ২৫, ২৯ কপিলঃ ।

সত্ত্বে এব (শুদ্ধসত্ত্বস্বরূপে কেবলে এব ভগবতি শ্রীহরৌ) একমনসঃ (একাগ্রচিত্তেন নিত্যসমাহিতস্য জনস্য) গুণলিঙ্গানাং (রূপরসাদেঃ জ্ঞানোদ্বোধকানাং) দেবানাং (দ্যোতমানানাং ইন্দ্রিয়াধিষ্ঠাতৄণাম্) আনুশ্রবিককর্ম্মণাং (শ্রুতিস্মৃত্যুক্তেন গুরূপদিষ্টেন চ কৃতানাং সর্ব্বেষাম্ নিষ্কামকর্ম্মণাম্) যা স্বাভাবিকী (নৈসর্গিকী অযত্নসিদ্ধা) বৃত্তিঃ (নৈষ্ঠিকী প্রবণতা) (সা এব) সিদ্ধেরপি (সর্ব্ববিধানাং সাধনানাং চরমসিদ্ধেঃ মুক্তেরপি) গরীয়সী (অধিকতরং প্রার্থনীয়া) ।৭৫ ।

বিশুদ্ধসত্ত্বস্বরূপ একমাত্র ভগবান্ শ্রীহরিতে একাগ্র চিত্তে নিত্য-সমাহিত ব্যক্তির রূপরসগন্ধস্পর্শশব্দাদি জ্ঞানের উদ্বোধক সমস্ত ইন্দ্রিয়গণের এবং গুরূপদিষ্ট ও শ্রুতিস্মৃতিবিহিত যাবতীয় নিষ্কাম কর্ম্মের যে নৈসর্গিকী নৈষ্ঠিকী বৃত্তি, সকল সাধনার চরম সিদ্ধি মুক্তি হইতেও গরীয়সী, তাহাই অহৈতুকী ভাগবতী ভক্তি বলিয়া জানিবে ।৭৫।

অনিমিত্তা ভাগবতী ভক্তিঃ সিদ্ধে র্গরীয়সী।
জরয়ত্যাশু যা কোশং নিগীর্ণমনলো যথা ॥৭৬॥

৩, ২৫, ৩০ কপিলঃ।

অনিমিত্তা (অহৈতুকী নিষ্কামা ইত্যর্থঃ) ভাগবতী (ভগবৎপ্রেমপ্রদায়িনী) ভক্তিঃ যা (রাগানুগা ভক্তিঃ) অনলঃ (সন্ধুক্ষিতঃ জঠরানলঃ) নিগীর্ণং (ভুক্তমন্নং) যথা (প্রযত্নং বিনৈব অজ্ঞাতসারেণ জীর্ণং করোতি তথা) আশু (অচিরেণ অতিশীঘ্রমেব) কোশম্ (অতীতবহুজন্মসঞ্চিতকর্ম্ম-বাসনাজনিতং সংসারপ্রবর্ত্তকং সূক্ষ্মশরীরং) জরয়তি (ক্ষপয়তি বিনষ্টং করোতীত্যর্থঃ)। ৭৬।

(সন্ধুক্ষিত) জঠরানল যেমন স্বল্পক্ষণে (মানবের অজ্ঞাতসারে ও নিজপ্রযত্ন বিনা) ভুক্তান্ন জীর্ণ করিয়া ফেলে, এই স্বাভাবিকী (অহৈতুকী) ভক্তিবৃত্তিও সেইরূপ (হৃদয়ে প্রদীপ্ত হইলেই) মানবের অতীত বহুজন্মার্জ্জিত কর্ম্ম ও বাসনাজনিত সংসার-প্রবর্ত্তক সূক্ষ্ম শরীরকে দেখিতে দেখিতে ক্ষয় করিয়া থাকে। ৭৬।

নৈকাত্মতাং মে স্পৃহয়ন্তি কেচিন্
মৎপাদসেবাভিরতা মদীহাঃ ।
যেঽন্যোন্যতো ভাগবতাঃ প্রসজ্য
সভাজয়ন্তে মম পৌরুষাণি ॥ ৭৭ ॥

৩,২৫,৩১ কপিলঃ ।

যে কেচিৎ ভাগবতাঃ (মদেকশরণাঃ একান্তভক্তাঃ) মৎপাদ-সেবাভিরতাঃ (সর্ব্বেন্দ্রিয়মনোবুদ্ধিভিঃ মচ্চরণসেবাপরায়ণাঃ) মদীহাঃ (মদর্পিতসর্ব্বকর্ম্মবাসনাঃ) অন্যোন্যতঃ (পরস্পরং) প্রসজ্য (সাগ্রহং সানুরাগম্ একত্র মিলিত্বা) মম পৌরুষাণি (অনন্তশক্তিপরাক্রমান্) সভাজয়ন্তে (সানন্দং সগৌরবঞ্চ কীর্ত্তয়ন্তি) তে মে (মম) একাত্মতাম্ (অভেদাত্মতাং ব্রহ্মৈকরূপাং সাযুজ্যমুক্তিমপি) ন স্পৃহয়ন্তি (ন কাময়ন্তে)। ৭৭।

আমার ঐকান্তিক ও অহৈতুক ভক্তগণ যাঁহারা সর্ব্বেন্দ্রিয়বৃত্তি ও সর্ব্বান্তঃকরণের সহিত সর্ব্বদা আমার চরণসেবায় সাতিশয় অনুরক্ত, যাঁহাদের সকল বাসনা সকল চেষ্টা, সকল কর্ম্ম আমাতেই পর্য্যবসিত, যাঁহারা একত্র মিলিত হইয়া আগ্রহে ও আনন্দপূর্ণ চিত্তে আমারই অপূর্ব্ব লীলামাধুরী ও অসীম শক্তির মহিম-গৌরবের প্রসঙ্গালাপ করিয়া সতত প্রফুল্ল প্রাণে অবস্থান করেন, তাঁহারা আমার সহিত অভেদাত্মতাও কামনা করেন না (অর্থাৎ ব্রহ্মৈকরূপা সাযুজ্যমুক্তিও স্পৃহা করেন না)। ৭৭।

পশ্যন্তি তে মে রুচিরাণ্যম্ব সন্তঃ
প্রসন্নবক্ত্রারুণলোচনানি।
রূপাণি দিব্যানি বরপ্রদানি
সাকং বাচং স্পৃহণীয়াং বদন্তি ॥ ৭৮ ॥

৩,২৫,৩২ কপিলঃ।

হে অম্ব (অয়ি জননি) তে সন্তঃ (তাদৃশাঃ সাধবঃ সাধুভক্তাঃ) মম প্রসন্নবক্ত্রারুণলোচনানি (প্রসন্নানি প্রীতিব্যঞ্জকানি বক্ত্রাণি বদনানি অরুণানি প্রেমারুণজ্যোতিঃপূর্ণানি লোচনানি নয়নানি যেষু তানি) বরপ্রদানি (সর্ব্বাভীষ্টপূরকাণি) দিব্যানি (অপ্রাকৃতানি চিন্ময়জ্যোতির্ম্ময়াণি) রুচিরাণি (অতিসুন্দরাণি মাধুর্য্যরসপূরিতানি নয়নমনোমোহনানি) রূপাণি (চক্ষুরাদীন্দ্রিয়গ্রাহ্যাণি প্রত্যক্ষাণি স্বস্ববাঞ্ছিতানি বহুবিধানি ইত্যর্থঃ) পশ্যন্তি (নেত্রশ্রোত্রাদিভিঃ যথাকামং ভুঞ্জতে ইত্যর্থঃ) ময়া সাকং (সহ) স্পৃহণীয়াং (স্বেচ্ছানুরূপাং স্বাভীষ্টাং) বাচং বদন্তি (মনোঽভিলাষং প্রকাশয়ন্তি প্রার্থনাং কুর্ব্বন্তি, প্রাণেশ্বরং মাং সর্ব্বান্ মর্ম্মনিহিতান্ ভাবান্ নিঃশেষং নিঃসঙ্কোচঞ্চ নিবেদয়ন্তীত্যর্থঃ)। ৭৮।

হে জননি, তাদৃশ সাধুভক্তগণ আমার প্রসন্ন বদন ও প্রেমারুণনয়ন-সমন্বিত প্রাণাভিরাম দিব্য-জ্যোতির্ম্ময় সর্ব্বাভীষ্টবরপ্রদ মধুর মোহন বিবিধ মূর্ত্তি দর্শন করেন, এবং আমার সহিত প্রাণ ভরিয়া তাঁহাদের প্রাণের কথা কহিয়া পরমা প্রীতি লাভ করিয়া থাকেন। ৭৮।

তৈর্দর্শনীয়াবয়বৈরুদার-
বিলাসহাসেক্ষিতবামসূক্তৈঃ ।
হৃতাত্মনো হৃতপ্রাণাংশ্চ ভক্তি-
রনিচ্ছতো গতিমণ্বীং প্রযুঙ্‌ক্তে ॥ ৭৯ ॥

৩,২৫,৩৩ কপিলঃ ।

দর্শনীয়াবয়বৈঃ (দর্শনীয়াঃ সৌন্দর্য্যমাধুর্য্যময়াঃ নয়নপ্রাণ-মনোরমাঃ অবয়বাঃ মুখনেত্রাদয়ঃ যেষু তৈঃ মদ্রূপৈঃ) উদারবিলাস-হাসেক্ষিতবামসূক্তৈঃ (উদারাঃ ভক্তমনঃপ্রাণহরাঃ বিলাসাঃ লীলাদয় স্তথা হাসেক্ষিতানি স্মিতবিলোকনানি বামসূক্তানি স্নিগ্ধ-মধুরভাষণানি তৈঃ) হৃতাত্মনঃ (হৃতঃ অজ্ঞাতসারেণ আকৃষ্টঃ আত্মা চিত্তং যেষাং তান্) হৃতপ্রাণাংশ্চ (হৃতাঃ সম্যক্ তিরোহিতাঃ প্রাণাঃ প্রাণশক্তের্ব্যাপারাঃ জ্ঞানকর্ম্মেন্দ্রিয়চেষ্টিতানি যেষাং তান্ চ) অনিচ্ছতঃ (নিস্পৃহান্ মদ্ভক্তান্) (সা) ভক্তিঃ (শুদ্ধা ভক্তিঃ) অণ্বীং গতিং (প্রকৃতেরতীতাম্ অতিসূক্ষ্মাম্ অন্যৈঃ দুর্জ্ঞেয়াম্ অবস্থাং ময়া সহ অবিচ্ছিন্নমেলনানন্দনিমজ্জনরূপামিত্যর্থঃ) প্রযুংক্তে (প্রাপয়তি)। ৭৯।

আমার সেই সকল রমণীয়-দর্শন অতীব সুন্দর মুখনেত্রাদি-অঙ্গপ্রত্যঙ্গসমন্বিত মূর্ত্তি ও ভক্তবাঞ্ছাপূর্ণ-কারী লীলাবিলাস, মধুর হাস্য, প্রেমপূর্ণ দৃষ্টি ও মনোহর প্রীতি-সম্ভাষণ, যাঁহাদের সর্ব্বেন্দ্রিয়মনঃপ্রাণ হরণ করিয়া সম্পূর্ণ আত্মহারা করিয়াছে, তাদৃশ ভক্তগণের আদৌ স্পৃহা না থাকিলেও ভক্তি স্বতঃপ্রবৃত্ত হইয়া তাঁহাদিগকে ব্রহ্মপদবী (প্রকৃতির অতীত অতিসূক্ষ্মা গতি অর্থাৎ সারূপ্য মুক্তি) প্রদান করিবার জন্য সর্ব্বদাই উদ্যুক্তা থাকেন। ৭৯।

অথো বিভূতিং মম মায়য়া চিতা
মৈশ্বর্য্যমষ্টাঙ্গমনুপ্রবৃত্তম্ ।
শ্রিয়ং ভাগবতীং বা স্পৃহয়ন্তি ভদ্রাং
পরস্য মে তেঽশ্নুবতে নু লোকে ॥ ৮০ ॥

৩,২৫,৩৪ কপিলঃ ।

অথো (পূর্ব্বোক্তরূপায়াঃ ভক্তেরুদয়াৎ পরং) তে (মদ্ভক্তাঃ) মম মায়য়া (মৎকৃপয়া এব) চিতাং (সঞ্চিতাং) বিভূতিং (সপ্তানাং লোকানাং সুখশান্তিশুভসমষ্টিভূতাং ভোগসম্পত্তিম্) অনুপ্রবৃত্তম্ (স্বতঃ এব প্রাপ্তং কর্ম্মজ্ঞানযোগাদিসাধনং বিনৈব ইত্যর্থঃ) অষ্টাঙ্গম্ ঐশ্বর্য্যম্ (অণিমাদ্যষ্টবিধং যোগৈশ্বর্য্যং) ভদ্রাং (সর্ব্বসুমঙ্গলময়ীং) ভাগবতীং শ্রিয়ং বা (সার্ষ্টিসংজ্ঞাং সম্পত্তিং মদেকরূপতামপীতি যাবৎ) অস্পৃহয়ন্তি (ন কাময়ন্তে) (তথাপি তে) নু (নিশ্চিতমেব) পরস্য (পরাৎপরস্য পরব্রহ্মণঃ) মে (মম) লোকে (বৈকুণ্ঠে ইত্যর্থঃ) অশ্নুবতে (প্রাপ্নুবন্তি ভুঞ্জতে ইত্যর্থঃ) । ৮০ ।

অনন্তর (ঈদৃশী ভক্তির উদয়ে) তাঁহারা (আমার ভক্তগণ) আমারই কৃপায় সপ্তলোকের সমস্ত বিভূতি (সুখ-শান্তি-শুভসমষ্টি) ও অষ্টাঙ্গযোগের অণিমাদি যাবতীয় ঐশ্বর্য্য সিদ্ধি স্বতঃই (কর্ম্মযোগ, জ্ঞানযোগ ও তপস্যাদি সাধন না করিয়াই) প্রাপ্ত হন, এবং তাঁহাদের বাসনা না থাকিলেও (এই ভক্তির দ্বারাই তাঁহারা) বৈকুণ্ঠধামে পরাৎপর (পরব্রহ্ম) আমার সর্ব্বসুমঙ্গলময়ী ভাগবতী সম্পত্তি (সার্ষ্টিসংজ্ঞা অর্থাৎ মদেকরূপতা বা আমাতে আত্মহারা অবস্থায় আনন্দ) সম্ভোগ করাইয়া থাকেন । ৮০ ।

ন কর্হিচিন্মৎপরা শান্তরূপে
নঙ্‌ক্ষ্যন্তি নো মেঽনিমিষো লেঢ়ি হেতিঃ।
যেষামহং প্রিয় আত্মা সুতশ্চ
সখা গুরুঃ সুহৃদো দৈবমিষ্টম্ ॥ ৮১ ॥

৩,২৫,৩৫ কপিলঃ।

যেষাং (মদর্পিতমনঃপ্রাণানাং মদেকশরণানাং ভক্তানাম্) অহং প্রিয়ঃ (প্রিয়তমঃ প্রাণকান্তঃ) আত্মা (প্রাণস্য প্রাণঃ) সুতঃ (প্রাণাদপ্যধিকঃ পুত্রঃ) সখা (প্রাণসমঃ প্রেমময়ো বন্ধুঃ প্রেমাস্পদং মিত্রং) গুরুঃ (পরমারাধ্যঃ পূজ্যতমঃ) সুহৃদঃ (সর্ব্বে এব প্রীতিভাবাপন্নাঃ হিতকারিণঃ স্বজনবান্ধবা স্তেষাং সমষ্টীভূতঃ ইত্যর্থঃ) ইষ্টং দৈবং (পরমদৈবতং পরমেষ্টদেবতা) মৎপরাঃ (যে মৎপরায়ণাঃ মদেকশরণাঃ) (ক্রমেণ শান্ত-দাস্য-সখ্য-বাৎসল্য-কান্ত-ভাবসাধকাঃ সমুদ্দিষ্টাঃ) (তে) শান্তরূপে (শুদ্ধসত্ত্বস্বরূপে ময্যেব অবস্থিতাঃ সন্তঃ ইতি শেষঃ) কর্হিচিৎ (কদাচিদেব) ন নংক্ষ্যন্তি (নাশং গচ্ছন্তি সদৈব মল্লোকে ময়া সহ রমন্তে ইত্যর্থঃ) অনিমিষঃ (নিমিষহীনঃ নিরবচ্ছিন্নং সর্ব্বতো ভ্রাম্যমাণঃ) মে হেতিঃ (মদীয়ং বিশ্বগ্রসনশীলম্ অস্ত্রং কালচক্রম্ ইতি যাবৎ) (তান্) নো লেঢ়ি (ন গ্রসতি) (তে দুরতিক্রমং কালচক্রম্ অতিক্রামন্তি মাং প্রাপ্য ময়াসহ বর্ত্তন্তে ইত্যর্থঃ)। ৮১।

যাহাদের আমি প্রাণের প্রাণ প্রিয়তম প্রাণকান্ত, যাহাদের আমিই প্রাণাধিক পুত্র, প্রাণসম সখা ও সুহৃৎ স্বজন, পরমারাধ্য গুরু ও প্রাণের ইষ্টদেবতা, যাহারা আমাকে ভিন্ন আর কাহাকেও আপন বলিয়া জানে না, আমার বিশুদ্ধসত্ত্ব স্বরূপে যাহারা নিত্য অবস্থিত, তাহারা কখনই বিনাশপ্রাপ্ত হয় না; আমার সতত সঞ্চরণশীল কালচক্র তাহাদিগকে স্পর্শ করিতে পারে না। ৮১।

ইমং লোকং তথৈবামুমাত্মানমুভযায়িনম্।
আত্মানমনু যে চেহ যে রাযঃ পশবো গৃহাঃ ॥৮২॥

৩, ২৫, ৩৬ কপিলঃ।

যে (জনাঃ) ইমং (পরিদৃশ্যমানং প্রত্যক্ষং) লোকং (ভুবনং বিশ্বজগৎ) তথৈব অমুম্ (লোকান্তরঞ্চ) বিসৃজ্য (পরিত্যজ্য) (ঐহিকপারত্রিকবাসনাকল্পনাদীনি সম্পূর্ণং বিহায় বিস্মৃত্য চ ইতি ভাবঃ) উভযায়িনম্ (উভয়গামিনং লোকদ্বয়ানুসঙ্গিনম্) আত্মানম্ (উপাধিযুক্তং দেহাভিমানিনম্ আত্মানং দেহমিত্যর্থঃ) বিসৃজ্য (তস্মিন্ আত্মবুদ্ধিং সর্ব্বতোভাবেন পরিত্যজ্য ইত্যর্থঃ) ইহ (অস্মিন্নেব জন্মনি) আত্মানম্ অনু যে (দেহসম্বন্ধিনঃ পুত্র-কলত্রাদয়ঃ দেহানুবন্ধিনঃ মিত্রপরিজনাশ্চ) রায়ঃ (ধনানি মণিমুক্তা-হিরণ্যাদীনি বিবিধানি ঐহিকসুখসাধনানি) পশবঃ (গোমহিষাদয়ঃ সংসারধর্ম্মসাধনসম্পত্তয়ঃ) গৃহাশ্চ (গৃহভূম্যাদয়শ্চ)। ৮২।

যাহারা ইহলোক পরলোক ও ঐহিক পারত্রিক যাবতীয় বাসনা কল্পনা বিসর্জ্জন দিয়া, ইহপরকাল-স্থায়ী দেহে আত্মাভিমান একেবারে ভুলিয়া গিয়া, এই দেহের অনুবন্ধী পুত্রকলত্রাদি প্রিয় পরিজন, ধনসম্পদ্, পশু গৃহাদি বিসর্জ্জন করে। ৮২।

বিসৃজ্য সর্ব্বানন্যাংশ্চ মামেব বিশ্বতোমুখম্ ।
ভজন্ত্যনন্যয়া ভক্ত্যা তান্ মৃত্যোরতিপারয়ে ॥৮৩॥
৩, ২৫, ৩৭ কপিলঃ।

(তান্) সর্ব্বান্ অন্যাংশ্চ (মৎসম্বন্ধরহিতান্ সর্ব্বান্ বিষয়াংশ্চ বিসৃজ্য) অনন্যয়া ভক্ত্যা (ঐকান্তিক্যা শুদ্ধভক্ত্যা) বিশ্বতোমুখং (চরাচরবিশ্বব্যাপিনং সর্ব্বভূতাবস্থিতত্বেন সর্ব্বত্র নিত্যপ্রকাশমানং) মামেব (কেবলং হি মাং) ভজন্তি (অহৈতুক্যা অপ্রতিহতয়া ভক্ত্যা উপাসতে মদর্পিতমনঃপ্রাণসর্ব্বস্বাঃ সততং শ্রবণমননধ্যানাদিভিঃ আরাধয়ন্তি) তান্ (তাদৃশান্ ভক্তান্) (অহং) মৃত্যোঃ (পুনঃপুনঃ মরণাৎ অনন্তভবসিন্ধোরিত্যর্থঃ) অতিপারয়ে (অতিতারয়ামি নিঃশেষং পারং নয়ামি) (ন তে পুনরাবর্ত্তন্তে ইতি ভাবঃ) । ৮৩ ।

আমা-ভিন্ন সমস্ত বিষয় পরিত্যাগ করিয়া রাগানুগা শুদ্ধা ঐকান্তিকী ভক্তির সহিত বিশ্ব-ব্রহ্মাণ্ডের সর্ব্বত্র নিত্য-বিরাজমান কেবল একমাত্র আমাকেই ভজনা করে, তাহাদিগকে আমি অনন্তকালের জন্য মৃত্যুর পরপারে লইয়া যাই (অর্থাৎ তাহাদের মৃত্যুর অত্যন্তনিবৃত্তি হইয়া থাকে)। ৮৩ ।

নান্যত্র মদ্ভগবতঃ প্রধানপুরুষেশ্বরাৎ।
আত্মনঃ সর্ব্বভূতানাং ভয়ং তীব্রং নিবর্ত্ততে ॥৮৪॥
৩,২৫,৩৮ কপিলঃ।

ভগবতঃ (অনন্তৈশ্বর্য্যশালিনঃ) সর্ব্বভূতানাম্ (অস্তিত্ববতাং সর্ব্বেষাম্) আত্মনঃ (অন্তরাত্মনঃ অন্তর্যামিণঃ) প্রধানপুরুষেশ্বরাৎ (ত্রিগুণাত্মিকায়াঃ প্রকৃতেঃ অধিষ্ঠাতৃদেবাৎ প্রকৃতিপুরুষ-সংযোগোৎপন্নস্থাবরজঙ্গমাত্মকবিশ্বনিয়ন্তুঃ) মৎ (মত্তঃ) অন্যত্র (অন্যশরণাৎ মদ্বিনা ইত্যর্থঃ) তীব্রং ভয়ম্ (অতি প্রবলং ভয়ং (মৃত্যোর্মহদ্ভয়ম্ ইত্যর্থঃ) ন নিবর্ত্ততে (নিবৃত্তং ন ভবতি) (অহমেব কেবলং সর্ব্বেষাং জীবানাং মৃত্যুভয়ং সম্যক্ দূরীকর্ত্তুং সমর্থো নান্যঃ কোঽপীত্যর্থঃ)। ৮৪।

সর্ব্বৈশ্বর্য্যশালী, সর্ব্বভূতের অন্তরাত্মা, প্রকৃতি পুরুষের অধীশ্বর (সৃষ্টির আদি কারণ মূল। প্রকৃতির অতীত ও অধিদেবতা এবং প্রকৃতিপুরুষের সংযোগোৎ-পন্ন স্থাবরজঙ্গমাত্মক বিশ্বের নিয়ন্তা) আমাভিন্ন অন্য কাহারও নিকট হইতে এই তীব্র মৃত্যুভয় নিবৃত্ত হয় না। ৮৪।

মদ্ভয়াদ্বাতি বাতোঽয়ং সূর্য্যস্তপতি মদ্ভয়াৎ।
বর্ষতীন্দ্রো দহত্যগ্নি র্মৃত্যুশ্চরতি মদ্ভয়াৎ ॥৮৫॥

৩,২৫,৩৯ কপিলঃ।

অয়ং (সর্ব্বৈরনুভূতঃ সততং সর্ব্বত্র সঞ্চরণশীলঃ) বাতঃ (প্রবহন্ পবনঃ) মদ্ভয়াৎ (মমৈব ভয়াৎ) বাতি (সর্ব্বদা ইতস্ততঃ প্রবহতি) সূর্য্যঃ (তপনঃ) মদ্ভয়াদেব তপতি (উদেতি আলোকম্ উত্তাপঞ্চ বিকিরতি) ইন্দ্রঃ (দেবরাজঃ) বর্ষতি (বারিবর্ষণং করোতি) অগ্নিঃ (পাবকঃ) দহতি (জ্বলয়তি দগ্ধং করোতি) মদ্ভয়াৎ মৃত্যুঃ (কালঃ শমনঃ) চরতি (সর্ব্বত্র বিচরতি) (প্রাপ্তকালান্ সর্ব্বান্ আত্মসাৎ করোতি ইতি ভাবঃ) (তে সর্ব্বে এব মাং নিয়ন্তারং সদৈব সভয়ং স্মৃত্বা মদ্ভক্তান্ কদাচিদপি ন দ্রুহ্যন্তি ইতি বিশদার্থঃ)। ৮৫।

আমারই ভয়ে এই বায়ু সর্ব্বদা প্রবাহিত হইতেছে, আমারই ভয়ে সূর্য্য উত্তাপ দিতেছে, ইন্দ্র বারিবর্ষণ করিতেছে, অগ্নি দহন করিতেছে, আমারই ভয়ে মৃত্যু সর্ব্বত্র সঞ্চরণ করিতেছে। ৮৫।

জ্ঞানবৈরাগ্যযুক্তেন ভক্তিযোগেন যোগিনঃ।
ক্ষেমায় পাদমূলং মে প্রবিশন্ত্যকুতোভয়ম্ ॥৮৬॥

৩,২৫, ৪০ কপিলঃ।

(অতএব) যোগিনঃ (জ্ঞানযোগিনঃ) জ্ঞানবৈরাগ্যযুক্তেন (জ্ঞানেন সম্যগাত্মজ্ঞানেন যৎ বৈরাগ্যং বিবেকবুদ্ধ্যা বিষয়প্রীতি-রাহিত্যং ময়ি চ বিশিষ্টানুরাগঃ অবিচলিতং প্রেম তেন যুক্তেন) ভক্তিযোগেন (আত্মসমর্পণরূপেণ ময়া সহ অহৈতুক্যা ভক্ত্যা নিত্যযুক্তত্বেন) ক্ষেমায় (পরমকল্যাণায় সচ্চিদানন্দস্বরূপলাভায়) অকুতোভয়ং (সর্ব্বতোভাবেন সর্ব্বভয়বিহীনং) মে পাদমূলং প্রবিশন্তি (মচ্চরণম্ আশ্রয়ন্তে হৃদোপগুহ্য সর্ব্বদা সমাহিতাস্তিষ্ঠন্তি ইত্যর্থঃ)। ৮৬।

পরমকল্যাণ লাভের জন্য আত্মজ্ঞান ও বিবেক-বৈরাগ্যযুক্ত ভক্তিযোগের দ্বারা যোগিগণ আমারই অভয় চরণতলে আশ্রয় গ্রহণ করেন (আমার সহিত নিত্যযুক্ত হইয়া থাকেন)। ৮৬।

এতাবানেব লোকেঽস্মিন্ পুংসাং নিঃশ্রেয়সোদয়ঃ।
তীব্রেণ ভক্তিযোগেন মনো ময্যর্পিতং স্থিরম্ ॥৮৭॥

৩, ২৫, ৪১ কপিলঃ।

তীব্রেণ (একাগ্রেণ) ভক্তিযোগেন (পরয়া প্রীত্যা ময়া সহ নিত্যযুক্তভাবেন) ময়ি অর্পিতং (সমর্পিতং) মনঃ (যৎ) স্থিরং (নিশ্চলং ময়ি নিত্যপ্রতিষ্ঠিতং মন্নিহিতম্ ইতি ভাবঃ ভবতীতি শেষঃ) এতাবানেব (এতদেব এতদধিকো নাস্তীত্যর্থঃ) অস্মিন্ লোকে (ইহ জগতি অস্মিন্ দেহধারণে) পুংসাং (মানবানাং) নিঃশ্রেয়সস্য (পরমকল্যাণস্য পরমপুরুষার্থস্য) উদয়ঃ (চরমোৎকর্ষো ভবতীতি শেষঃ)। ৮৭।

একাগ্র ভক্তিযোগ দ্বারা চিত্ত আমাতে সমর্পিত, সমাহিত ও নিত্য-প্রতিষ্ঠিত হইলে ইহলোকেই মানবের পরমপুরুষার্থের চরম উৎকর্ষ লাভ হয়। ৮৭।

স্বধর্ম্মাচরণং শক্ত্যা বিধর্ম্মাচ্চ নিবর্ত্তনম্ ।
দৈবাল্লব্ধেন সন্তোষ আত্মবিচ্চরণার্চ্চনম্ ॥৮৮॥

৩, ২৮, ২ কপিলঃ ।

শক্ত্যা (নিজশক্ত্যনুরূপং শারীরিক-মানসিক-সামর্থ্যানুসারেণ যথাসম্ভবং) স্বধর্ম্মাচরণং (স্বকীয়বর্ণাশ্রমোচিতধর্ম্মকর্ম্মানুষ্ঠানং) বিধর্ম্মাৎ (স্বধর্ম্মবিরুদ্ধাচরণাৎ ধর্ম্মবিগর্হিতাৎ কর্ম্মণঃ) নিবর্ত্তনং (নিবৃত্তিঃ বিরতিঃ) দৈবাল্লব্ধেন (দৈবকৃপালব্ধেন অথবা দৈবাৎ ভাগ্যবশাৎ প্রাপ্তেন দ্রব্যেণ অশনবসনাদিনা) সন্তোষঃ (সম্যক্ পরিতোষঃ পরিতৃপ্তিঃ) আত্মবিচ্চরণার্চ্চনম্ (আত্মবিদাম্ আত্মতত্ত্বজ্ঞানাং সাধুভক্তানাং পাদসেবনং শ্রদ্ধাভক্তিপূর্ব্বকং শুশ্রূষণম্)। [এতৈরন্যৈশ্চ পথিভি র্মনো যুঞ্জীত ইতি সপ্তৈন অন্বয়ঃ] । ৮৮ ।

যথাশক্তি (সামর্থ্যানুযায়ী) স্বধর্ম্মের (স্ব স্ব বর্ণ ও আশ্রমোচিত কর্ত্তব্য কর্ম্মের) অনুষ্ঠান ও তদ্ধর্ম্মবিগর্হিত কর্ম্মে বিরতি, দৈবকৃপালব্ধ দ্রব্যেই সন্তোষ, আত্মতত্ত্ববিৎ সাধুভক্তগণের চরণসেবা, (ইহার ও পরবর্ত্তী চারিটী শ্লোকের অন্বয় ৯৩ সংখ্যক শ্লোকে দ্রষ্টব্য)। ৮৮ ।

গ্রাম্যধর্ম্মনিবৃত্তিশ্চ মোক্ষধর্ম্মরতিস্তথা।
মিতমেধ্যাদনং শশ্বদ্বিবিক্তক্ষেমসেবনম্ ॥৮৯॥

৩, ২৮, ৩ কপিলঃ।

গ্রাম্যধর্ম্মনিবৃত্তিশ্চ (ত্রিবর্গসাধকধর্ম্মানুষ্ঠানাৎ সাংসারিকসকাম-ধর্ম্মাচরণাৎ মোক্ষপ্রতিবন্ধকাৎ ঐহিককর্ম্মণঃ নিবৃত্তিঃ বিরতিশ্চ ধর্ম্মার্থকামসাধকসর্ব্বকর্ম্মপরিত্যাগঃ ইত্যর্থঃ) মোক্ষধর্ম্মরতিস্তথা (তথা মোক্ষধর্ম্মে সংসারবন্ধবিমুক্তিপ্রদে ধর্ম্মে সদৈব ভগবন্নাম-সাধনে তদ্রূপচিন্তনে চ রতিঃ প্রগাঢ়া আনুরক্তিঃ) মিতমেধ্যাদনং (মিতং পরিমিতং নিয়মিতঞ্চ মেধ্যং পবিত্রং সাত্ত্বিকভাব-পরিপোষকং বিশুদ্ধবীর্য্যকারকং ইত্যর্থঃ অদনং ভোজনং) শশ্বৎ (নিত্যং সর্ব্বদৈব) বিবিক্তক্ষেমসেবনং (বিবিক্তং বিবেকোদ্দীপকং নির্জ্জনং তথা ক্ষেমং মঙ্গলময়ং নির্বাধং নির্ভয়ঞ্চ যৎ স্থানং তস্য সেবনং তত্রাবস্থানম্)। ৮৯।

ত্রিবর্গসাধক (অর্থাৎ মুক্তি-প্রতিবন্ধক) সাংসারিক সকাম ধর্ম্মকর্ম্মে নিবৃত্তি, মোক্ষধর্ম্মসাধনে আনুরক্তি, পরিমিত পবিত্র খাদ্য ভোজন, সর্ব্বদা নির্জ্জন অথচ নিরাপদ্ স্থানে নির্ভয়ে অবস্থান ও সর্ব্বজীবের শুভচিন্তা,। ৮৯।

অহিংসাসত্যমস্তেয়ং যাবদর্থপরিগ্রহঃ।
ব্রহ্মচর্য্যং তপঃ শৌচং স্বাধ্যায়ঃ পুরুষার্চ্চনম্॥৯০॥

৩, ২৮, ৪ কপিলঃ।

অহিংসা (সর্ব্বজীবেষু সর্ব্বতোভাবেন দ্রোহবুদ্ধিপরিত্যাগঃ) সত্যং (সত্যনিষ্ঠা কায়েন বাচা মনসেন্দ্রিয়ৈশ্চ সত্যপ্রতিষ্ঠা অকৈতবাচরণঞ্চ) অস্তেয়ং (পরস্বাপহরণপ্রবৃত্তিপরিত্যাগঃ) যাবদর্থপরিগ্রহঃ (যাবতা বস্তুনা অর্থঃ প্রয়োজনং দেহধারণায় ইত্যর্থঃ তাবন্মাত্রমেব নতু তদধিকস্য বস্তুনঃ পরিগ্রহঃ গ্রহণং) ব্রহ্মচর্য্যম্ (ইন্দ্রিয়সংযমঃ বীর্য্যধারণং) তপঃ (কৃচ্ছ্রব্রতাদি-সাধনং) শৌচং (কায়বাঙ্‌মনসাম্ পরিশোধনং পবিত্রতারক্ষণঞ্চ) স্বাধ্যায়ঃ (নিত্যং নিয়মিতং বেদোপনিষদাদিপরমাত্মতত্ত্ববিষয়ক-গ্রন্থাধ্যয়নং) পুরুষার্চ্চনং (পুরুষস্য সর্ব্বজীবহৃদ্‌গুহাবাসিনঃ পরম-পুরুষস্য সর্ব্বভূতান্তরাত্মনঃ পুরুষোত্তমস্য ভগবতো মম ইত্যর্থঃ অর্চ্চনং পূজারাধনম্)। ৯০।

অহিংসা (সর্ব্বতোভাবে জীবহিংসা পরিত্যাগ), সত্যভাষণ (অনৃত ও অযথা বচন পরিহার), অস্তেয় (পরস্বাপহরণ-পরিবর্জ্জন), দেহধারণার্থ প্রয়োজনীয় বস্তুমাত্র গ্রহণ ও তাহাতেই পরিতৃপ্তি, ব্রহ্মচর্য্য (ইন্দ্রিয়-সংযম), তপস্যা (কৃচ্ছ্রব্রতাদি সাধন) শৌচ (কায়মনো-বাক্যের পরিশুদ্ধি ও পবিত্রতারক্ষণ), নিত্য নিয়মিত বেদ উপনিষদাদি ব্রহ্মতত্ত্ব বিষয়ক ধর্ম্মগ্রন্থ অধ্যয়ন, পরমেষ্টদেবতা পুরুষোত্তমের পূজা ও আরাধনা, ।৯০।

মৌনং সদাসনজয়স্থৈর্য্যং প্রাণজয়ঃ শনৈঃ ।

প্রত্যাহারশ্চেন্দ্রিয়াণাং বিষয়ান্মনসা হৃদি ॥৯১॥

৩, ২৮, ৫ কপিলঃ।

মৌনং (মৌনাবলম্বনং বাক্যসংযমঃ প্রলাপ-পরিবর্জ্জনম্ ইতি ভাবঃ) সদাসনজয়ঃ (সৎ সুসাধ্যং সুখকরঞ্চ যৎ আসনম্ উপবেশনম্ অবস্থানং বা তস্য স্বস্তিকাদেরিত্যর্থঃ আসনস্য জয়ঃ অভ্যাসেন আয়ত্তীকরণং তেন স্থৈর্য্যং বপুষঃ মনসশ্চ চাঞ্চল্য-রাহিত্যং) শনৈঃ প্রাণজয়ঃ (মন্দং মন্দম্ অভ্যাসেন ক্রমেণ অল্পশঃ কুম্ভকবর্দ্ধনেন ইত্যর্থঃ প্রাণজয়ঃ প্রাণায়ামেন যথাকামং প্রাণবায়ু-নিরোধে সামর্থ্যং) বিষয়াৎ (রূপরসাদেঃ) মনসা (আকৃষ্য ইতি শেষঃ) হৃদি (হৃৎপদ্মে) ইন্দ্রিয়াণাং (চক্ষুঃশ্রোত্রাদীনাং বহির্ম্মুখাণামিন্দ্রিয়াণাং) প্রত্যাহারঃ (প্রত্যাহরণম্ অন্তর্মুখানি কৃত্বা তেষাং পুনঃ সংস্থাপনম্)। ৯১।

মৌনাবলম্বন (বাক্যসংযম), অক্লেশকর স্বস্তিকাদি উপযুক্ত আসনে সর্ব্বদা উপবেশন অভ্যাস দ্বারা দেহের স্থৈর্য্যসাধন, ধীরে ধীরে প্রাণবায়ুনিরোধ (প্রাণায়াম অভ্যাস), বাহ্যবিষয় হইতে মনের দ্বারা সমস্ত ইন্দ্রিয়-গণকে অন্তর্ম্মুখীন করিয়া হৃদয়ে পুনঃ সংস্থাপন, । ৯১ ।

স্বধিষ্ণ্যানামেকদেশে মনসা প্রাণধারণা।
বৈকুণ্ঠলীলাভিধ্যানং সমাধানং তথাত্মনঃ ॥৯২॥

৩, ২৮, ৬ কপিলঃ।

স্বধিষ্ণ্যানাম্ (স্বাধিষ্ঠানাদীনাং ষণ্ণাং প্রাণস্থানানাম্) একদেশে (অন্যতমে উত্তরোত্তরম্ উচ্চস্থানে ইতি ভাবঃ) মনসা (সহ ইতি শেষঃ) প্রাণধারণা (প্রাণস্য প্রাণবায়োর্ধারণা নিরোধেন স্থৈর্য্য-সাধনং) বৈকুণ্ঠলীলাভিধ্যানং (বৈকুণ্ঠস্য কুণ্ঠাবিবর্জ্জিতস্য অব্যাহত-শক্তেঃ নিত্যানন্দময়স্য ভগবতঃ লীলানাম্ আনন্দবিলাসানাম্ অভিধ্যানং পুনঃ পুনঃ সম্যক্ সাভিনিবেশঞ্চ চিন্তনং) তথা আত্মনঃ (মনসশ্চ) সমাধানং (সমাধিঃ ভগবতি সর্ব্বদা সম্যগ্ অবস্থাপনং তস্মিন্ সম্পূর্ণং বিলয়প্রাপণম্ ইতি ভাবঃ)। ৯২।

স্বাধিষ্ঠানাদি কোন এক নির্দ্দিষ্ট প্রাণস্থানে (ক্রমান্বয়ে ষট্চক্রের এক এক চক্রে) মনের সহিত প্রাণকে ধারণ, আনন্দময় ভগবানের অপূর্ব্ব আনন্দলীলা সর্ব্বক্ষণ স্মরণ চিন্তন ও তাহাতেই চিত্তসমাধান (সতত চিত্ত সমাহিত রাখা)। ৯২।

এতৈরন্যৈশ্চ পথিভির্মনো দুষ্টমসৎপথম্ ।

বুদ্ধ্যা যুঞ্জীত শনকৈর্জ্জিতপ্রাণো হ্যতন্দ্রিতঃ ॥৯৩॥

৩, ২৮, ৭ কপিলঃ ।

এতৈঃ (পূর্ব্বোক্তৈঃ স্বধর্ম্মাচরণৈঃ) অন্যৈশ্চ পথিভিঃ (ব্রতদানাদিভিঃ শমদমতপঃশৌচেন্দ্রিয়সংযম-প্রাণায়ামপ্রত্যাহারসমাধিভিঃ যোগসাধনৈশ্চ স্বশক্তিসাধ্যৈঃ স্বভাবানুকূলৈঃ উপায়ান্তরৈঃ) অসৎপথম্ (ইন্দ্রিয়প্রদর্শিতপথাবলম্বিনং অতএব বিপথগামিনং ভগবদ্বিমুখং ভোগবাসনাকুলং ভ্রান্তং) দুষ্টম্ (অনিত্যবিষয়সুখসেবনপ্রবণং সততচঞ্চলং দুর্দ্দমনীয়ঞ্চ) মনঃ (চিত্তং) জিতপ্রাণঃ (বশীকৃতপ্রাণবায়ুঃ প্রাণায়ামসিদ্ধঃ অতএব নিগৃহীতবাহ্যব্যাপারঃ) অতন্দ্রিতো হি (সর্ব্বতোভাবেন আলস্যহীনঃ সদৈব উদ্যমশীলঃ উৎসাহান্বিতঃ সন্ ইতি ভাবঃ) বুদ্ধ্যা (নিশ্চয়াত্মিকয়া ব্যবসায়াত্মিকয়া চ বুদ্ধ্যা জ্ঞানযোগেন) শনকৈঃ (শনৈঃ শনৈঃ ক্রমেণ) যুঞ্জীত (ময়া সহ নিত্যযুক্তং কুর্য্যাৎ)। ৯৩।

এই সকল এবং এতদ্ভিন্ন অন্যান্য (দান উপবাসাদি) উপায় দ্বারা অনিত্যবিষয়াসক্তি বশতঃ ইন্দ্রিয়বশীভূত কুপথগামী দুষ্ট মনকে জিতপ্রাণ (প্রাণায়ামসিদ্ধ অর্থাৎ ইচ্ছামত প্রাণবায়ু-নিরোধক্ষম) ও আলস্যহীন হইয়া ব্যবসায়াত্মিকা বুদ্ধির সহিত ভগবানে নিত্যযুক্ত রাখিবে (ভক্তিযোগ দ্বারা তদ্ভাবভাবিত করিবে)। ৯৩।

ভক্তিযোগো বহুবিধো মার্গৈর্ভাবিনি ভাব্যতে।
স্বভাবগুণমার্গেণ পুংসাং ভাবো বিভিদ্যতে ॥৯৪॥

৩, ২৯, ৬ কপিলঃ।

ভাবিনি, (ভাবঃ ভক্তিঃ অস্যাঃ অস্তীতি ভাবিনী ভক্তিমতী অথবা ভাবয়তি অস্তিত্বং প্রাপয়তি জনয়তি যা সা ভাবিনী জননী তৎসম্বোধনে অয়ি ভক্তিমতি জননি,) মার্গৈঃ (ভগবৎপ্রাপ্ত্যৈ অবলম্বিতপথভেদৈঃ সাধনোপায়বিশেষৈঃ) ভক্তিযোগঃ (ভক্ত্যা ময়া সহ নিত্যযুক্তত্বং) বহুবিধঃ (বিবিধপ্রকারঃ) ভাব্যতে (নিরূপ্যতে) (যতঃ) স্বভাবগুণমার্গেণ (নিসর্গসিদ্ধাঃ যে সত্ত্বাদয়ঃ গুণাঃ তেষাং মার্গেণ প্রবৃত্তিভেদেন) পুংসাং (মানবানাং) ভাবঃ (মনোগতিঃ মাং প্রতি অহৈতুকপ্রীতিপ্রবণতা) বিভিদ্যতে (বিবিধবিভিন্নরূপো ভবতি ইতি শেষঃ)। ৯৪।

হে জননি, এই একই ভক্তিযোগ মার্গভেদে (অবলম্বিত পথ বা উপায় বিশেষে) বিভিন্ন ভাবের (অভিপ্রায় বা সঙ্কল্পের) মানবে বিবিধপ্রকার পরিকল্পিত হয়; সেই ভাবের বিভিন্নতা মানবের প্রকৃতি ও প্রবৃত্তির গত্যনুসারেই হইয়া থাকে। ৯৪।

মদ্‌গুণশ্রুতিমাত্রেণ ময়ি সর্ব্বগুহাশয়ে।
মনোগতিরবিচ্ছিন্না যথা গঙ্গাম্ভসোঽম্বুধৌ ॥৯৫॥
লক্ষণং ভক্তিযোগস্য নির্গুণস্য হ্যুদাহৃতম্।
অহৈতুক্যব্যবহিতা যা ভক্তিঃ পুরুষোত্তমে ॥৯৬॥

৩, ২৯, ১০ কপিলঃ।

মদ্‌গুণশ্রুতিমাত্রেণ (মদ্‌গুণানাম্ অনন্তপ্রেমকরুণাদীনাং শ্রবণমাত্রেণ শ্রবণক্ষণে এব) সর্ব্বগুহাশয়ে (সর্ব্বেষাং হৃদভ্যন্তরে বিদ্যমানে অতএব নিত্যসন্নিহিতে) পুরুষোত্তমে (মধুরমোহনমূর্ত্তৌ দেবাদিদেবে) ময়ি (ভগবতি) গঙ্গাম্ভসঃ (গঙ্গায়াঃ নিরন্তরপ্রবহণ-শীলায়াঃ পূতসলিলায়াঃ জাহ্নব্যাঃ অম্ভসঃ জলরাশেঃ) অম্বুধৌ যথা (জলনিধৌ সমুদ্রে ইব) অবিচ্ছিন্না (নিরবচ্ছিন্না অপ্রতিহতা অবিরামা) (যা) মনোগতিঃ (মনসো নৈসর্গিকী প্রবণতা নিরন্তরঃ প্রবাহঃ চরমা স্থিতিশ্চ) (সৈব) অহৈতুকী (হেতুহীনা স্বত্যাভিসন্ধি-বর্জ্জিতা) অব্যবহিতা (ব্যবধানরহিতা বিলুপ্তভাবান্তরাবকাশা) ভক্তির্হি (পরা প্রীতিরেব) নির্গুণস্য (ত্রিগুণাতীতস্য বিশুদ্ধস্য) ভক্তিযোগস্য (ময়া সহ ভক্ত্যা নিত্যযুক্তত্বস্য) লক্ষণং (স্বরূপলক্ষণম্) উদাহৃতং (উল্লিখিতং নিরূপিতং সর্ব্বশাস্ত্রেষু ইতি শেষঃ)। ৯৫-৯৬।

আমার গুণমহিমা শ্রবণমাত্রেই সমুদ্রাভিমুখে পূতসলিলা জাহ্নবীর জলরাশি-প্রবাহের ন্যায় সর্ব্বজীবের অন্তর্যামী পুরুষোত্তম আমাতে মনের অপ্রতিহতা নিরবচ্ছিন্না গতিরূপা অহৈতুকী ভক্তির উদয়ই নির্গুণ ভক্তিযোগের স্বরূপ-লক্ষণ বলিয়া নির্ণীত হয়। ৯৫-৯৬।

স এব ভক্তিযোগাখ্য আত্যন্তিক উদাহৃতঃ ।

যেনাতিব্রজ্য ত্রিগুণং মদ্ভাবায়োপপদ্যতে ।।৯৭।।

৩, ২৯, ১২ কপিলঃ ।

স এব (পূর্ব্বোক্তরূপঃ এব) ভক্তিযোগাখ্যঃ (ভক্তিযোগাভিধেয়ঃ) আত্যন্তিকঃ (অতিক্রান্তান্তঃ চরমঃ পরাং কাষ্ঠাং গতঃ ভক্তিযোগঃ ভগবতি ময়ি ঐকান্তিকপ্রীতিযোগসিদ্ধিরিতি) উদাহৃতঃ (উল্লিখিতঃ কথিতঃ বুধৈঃ নিরূপিতঃ সর্ব্বৈঃ স্বীকৃতশ্চ) যেন (ভক্তিযোগেন) (মানবঃ) ত্রিগুণং (সত্ত্বাদিগুণত্রয়ং তেষাং কার্য্যং ত্রিতাপময়ং সংসারমিতিযাবৎ) অতিব্রজ্য (অতিক্রম্য উল্লঙ্ঘ্য) মদ্ভাবায় (ময়ি ভাবঃ ভক্তিঃ পরা প্রীতিঃ তস্যৈ মৎপ্রেমস্বরূপলাভায় ইত্যর্থঃ) উপপদ্যতে (যোগ্যো ভবতি) । ৯৭ ।

তাদৃশ ভক্তিযোগই ভক্তিসাধনের চরম সিদ্ধি, যাহার দ্বারা মানব ত্রিগুণ অতিক্রম করিয়া আমার প্রেমে আত্মহারা হইয়া আমার স্বরূপলাভে সমর্থ হয় । ৯৭ ।

মষ্যর্পিতাত্মনঃ পুংসো ময়ি সংন্যস্তকর্ম্মণঃ।
ন পশ্যামি পরং ভূতমকর্ত্তুঃ সমদর্শনাৎ ॥৯৮॥

৩, ২৯, ২৮ কপিলঃ।

মষ্যর্পিতাত্মনঃ (ময়ি অর্পিতঃ সংন্যস্তঃ আত্মা দেহো মনশ্চ প্রাণশ্চ যেন তস্মাৎ মৎসমর্পিতদেহমনঃপ্রাণাৎ) ময়ি সংন্যস্তকর্ম্মণঃ (ময়ি সংন্যস্তঃ সম্যক্ সমর্পিতঃ দেহেন্দ্রিয়মনোবুদ্ধীনাম্ কর্ম্মসমূহো যেন তস্মাৎ লব্ধজীবন্মুক্তিস্থিতেঃ) (অতএব) অকর্ত্তুঃ (কর্ত্তৃত্বাভিমানহীনাৎ ("কায়েন বাচা মনসেন্দ্রিয়ৈশ্চ বুদ্ধ্যাত্মনা বানুস্মৃতিপ্রমাদাৎ করোমি যদ্ যৎ সকলং পরস্মৈ নারায়ণায়ৈব সমর্পয়ামি" তথাহি "যৎকৃতং যৎ করিষ্যামি তৎ সর্ব্বং ন ময়া কৃতং ত্বয়া কৃতং তু ফলভুক্ ত্বমেব মধুসূদন" ইত্যেবম্ অবধারয়তঃ ময়ি উৎসর্গীকৃতদেহমনোবুদ্ধিকর্ম্মণঃ ইত্যর্থঃ) সমদর্শনাৎ (সমং ভেদরহিতং দর্শনং দৃষ্টির্যস্য তস্মাৎ সদৈব মদ্ভাবভাবিতত্বাৎ সুখদুঃখয়োঃ শুভাশুভয়োঃ প্রিয়াপ্রিয়য়োঃ দ্বন্দ্বজ্ঞানরহিতাৎ অথবা সর্ব্বভূতেষু মদুপলব্ধেঃ জীবজড়য়োঃ আত্মজ্ঞানবতঃ) পুংসঃ (মানবাৎ) পরম্ (অধিকং প্রশস্ততরং) ভূতম্ (অন্যং কমপি জীবং) ন পশ্যামি (ন জানামি ন মন্যে ইত্যর্থঃ) (সহি মে প্রিয়তমঃ শ্রেষ্ঠঃ ভক্তঃ ইতি যাবৎ)। ৯৮।

দেহেন্দ্রিয়-মনোবুদ্ধি আমাতে সমর্পণ করিয়া কর্ত্তৃত্বাভিমানশূন্য প্রাণে যে ব্যক্তি সকল কর্ম্মফল আমাতে সম্পূর্ণ ন্যস্ত করিয়াছে ও সর্ব্বত্র (অর্থাৎ জীবে জড়ে সর্ব্বভূতে, সুখে দুঃখে সকল অবস্থায় এবং শুভাশুভ সমস্ত বস্তুতে) যাহার সমদৃষ্টি হইয়াছে, তাহা অপেক্ষা শ্রেষ্ঠ (ভক্ত) আর কাহাকেও দেখি না। ৯৮।

যদাস্য চিত্তমর্থেষু সমেষ্বিন্দ্রিয়বৃত্তিভিঃ ।
ন বিগৃহ্ণাতি বৈষম্যং প্রিয়মপ্রিয়মিত্যুত ॥৯৯॥

৩, ৩২, ১৯ কপিলঃ ।

যদা অস্য (মৎপ্রেমবিহ্বলস্য একান্তভক্তস্য) চিত্তং (মনঃ) অর্থেষু (রূপরসগন্ধস্পর্শশব্দাত্মকেষু সর্ব্বেষু প্রাকৃতেষু বিষয়েষু) ইন্দ্রিয়বৃত্তিভিঃ (চক্ষুঃকর্ণাদিসর্ব্বেন্দ্রিয়ব্যাপারৈঃ) সমেষু (সম-তুল্যেষু একরসেষু সর্ব্বত্র মম মধুময়সত্তানুভবাৎ ইত্যর্থঃ) প্রিয়ং (প্রীতিকরম্) উত (অথবা) অপ্রিয়ম্ (অপ্রীতিকরম্) ইতি (ঈদৃশং বিকল্পাত্মকং) বৈষম্যং (প্রভেদং) ন গৃহ্ণাতি (ন অনু-ভবতি ইত্যর্থঃ) মন্নিহিতচিত্তত্বাৎ সর্ব্বং মন্ময়ং পশ্যতি মৎপ্রেমামৃত-প্লাবিতচিত্তত্বেন চ সর্ব্বম্ আনন্দময়ং পশ্যতি সর্ব্বাবস্থাসু সর্ব্ববস্তুষু সর্ব্বেষু জীবেষু চ সমভাবাপন্নো ভবতি ইতি বিশদার্থঃ । ৯৯ ।

ঈদৃশ (মৎপ্রেমে নিত্যবিভোরচিত্ত) ভক্তের যখন রূপ-রস-গন্ধ-স্পর্শ-শব্দাত্মক সমস্ত ইন্দ্রিয়গ্রাহ্য বস্তুতে (আমার অমৃতময়ী সত্তা অনুভব করিয়া) সমভাবাপন্ন হয়, তখন তিনি ইহা প্রিয় বা উহা অপ্রিয় এইরূপ বৈষম্যবুদ্ধি একেবারে পরিত্যাগ করেন, অর্থাৎ লোষ্ট্র-কাঞ্চনে স্তুতি-নিন্দায় উষ্ণ-শীতলে পঙ্ক-পঙ্কজাদিতে তাঁহার প্রভেদজ্ঞান সম্পূর্ণ বিলুপ্ত হয় । ৯৯ ।

স তদৈবাত্মনাত্মানং নিঃসঙ্গং সমদর্শনম্ ।
হেয়োপাদেয়রহিতমারূঢ়ং পদমীক্ষতে ॥১০০॥

৩, ৩২, ২০ কপিলঃ ।

স (তাদৃশোভক্তঃ) তদা এব আত্মনা (আত্মজ্ঞানপ্রভাবেণ সর্ব্বত্র আত্মবুদ্ধ্যা ইত্যর্থঃ) আত্মানং (স্বং স্বকীয়ং জীবাত্মানম্ ইতি ভাবঃ). নিঃসঙ্গং (আসঙ্গরহিতং নির্লিপ্তং) সমদর্শনং (বৈষম্যবুদ্ধিহীনম্ অদ্বন্দ্বমিতি যাবৎ) হেয়োপাদেয়রহিতং পদম্ আরূঢ়ং (দ্বেষ্যপ্রিয়জ্ঞানবর্জ্জিতাং দ্বন্দ্বাতীতাম্ অবস্থাং প্রাপ্তং পরমাত্মস্বরূপম্) ঈক্ষতে (পশ্যতি মন্যতে অনুভবতীত্যর্থঃ) । ১০০ ।

তখনই তিনি সর্ব্বভূতে আত্মজ্ঞান-প্রভাবে আপনাকে আসঙ্গরহিত (নির্লিপ্ত), বৈষম্যবিহীন (সর্ব্বত্র সমদর্শী), হেয়োপাদেয়জ্ঞান-বিবর্জ্জিত (দ্বেষ্যপ্রিয়হীন) অদ্বন্দ্বাবস্থা-প্রাপ্ত পরমাত্মস্বরূপ দেখেন (অনুভব করেন)। ১০০ ।

সুধিয়ঃ সাধবো লোকে নরদেব নরোত্তমাঃ।
নাভিদ্রুহ্যন্তি ভূতেভ্যো যর্হি নাত্মা কলেবরম্॥১০১॥

৪, ২০, ৩ ভগবান্।

হে নরদেব, (হে রাজন্) লোকে (ইহ জগতি) নরোত্তমাঃ (পুরুষপ্রবরাঃ) সুধিয়ঃ (পবিত্রবিমলবুদ্ধয়ঃ) সাধবঃ (সাধুভক্তাঃ) যর্হি (যস্মাৎ) কলেবরং (শরীরম্) আত্মা (পরমাত্মা) ন (ভবতীতি শেষঃ) (দেহে আত্মবুদ্ধিঃ ভ্রান্তিরেব ইতি জ্ঞাত্বা) ভূতেভ্যঃ (জীবেভ্যঃ জীবান্ প্রতি) ন অভিদ্রুহ্যন্তি (ন কদাপি দ্রোহম্ আচরন্তি মনসাঽপি তেষাম্ অনিষ্টং ন চিন্তয়ন্তি) (সর্ব্বেষাম্ অভ্যন্তরে তং প্রাণস্য প্রাণং নিজপ্রিয়তমং বিদ্যমানং জ্ঞাত্বা প্রেম-পূর্ণান্তরাত্মনা সর্ব্বান্ আত্মীয়বুদ্ধ্যা সাদরং বক্ষসি ধারয়ন্তি তেষাং হৃদয়ে ভূতদ্রোহো ন কদাপি সম্ভবেৎ ইত্যর্থঃ)। ১০১।

হে নরদেব (পৃথু), পৃথিবীতে পুরুষপ্রবর পবিত্র-বুদ্ধি সাধুগণ বিশেষরূপে বুঝিয়াছেন যে এই দেহ কখনই আত্মা নয়, অতএব তাঁহারা কখনও কোন জীবের অনিষ্টচিন্তা অথবা কাহারও প্রতি অনিষ্ট আচরণ করেন না (অর্থাৎ সকলের ভিতর সেই প্রাণের প্রাণ প্রাণকান্তকে দেখিয়া আপন জ্ঞানে সকলকে আলিঙ্গন করেন)। ১০১।

একঃ শুদ্ধঃ স্বয়ংজ্যোতি র্নিগুণোঽসৌ গুণাশ্রয়ঃ।
সর্ব্বগোঽনাবৃতঃ সাক্ষী নিরাত্মাত্মাত্মনঃ পরঃ॥১০২॥

৪, ২০, ৬ ভগবান্।

অসৌ আত্মা (পরমাত্মা) নিরাত্মা (দেহাবরণহীনঃ অন্তর্বহিশ্চ অখণ্ডরূপেণ নিরন্তরং বিদ্যমানঃ) আত্মনঃ (দেহাদেঃ মনসশ্চ) পরঃ (অতিরিক্তঃ ভিন্নঃ) একঃ (একরসঃ অদ্বিতীয়ঃ) শুদ্ধঃ (নিত্যশুদ্ধঃ নির্লিপ্তঃ অবিকারী) স্বয়ংজ্যোতিঃ (স্বপ্রকাশস্বরূপঃ) নির্গুণঃ (গুণহীনঃ ত্রিগুণাতীতঃ) গুণাশ্রয়ঃ (গুণানাং গুণকার্য্যাণাঞ্চ আশ্রয়ঃ অবলম্বনং) সর্ব্বগঃ (সর্ব্বতোগামী সর্ব্বব্যাপী) অনাবৃতঃ (আবরণহীনঃ নিত্যমুক্তঃ) সাক্ষী (সর্ব্বদর্শী অন্তর্যামী উদাসীনো দ্রষ্টা চ)। ১০২।

দেহাদি হইতে আত্মা সম্পূর্ণ পৃথক্, সকল (সত্ত্বরজস্তমঃ) গুণের (ও গুণময় দেহাদির) আশ্রয় হইয়াও স্বয়ং নির্গুণ ও গুণাতীত, নিঃসঙ্গ শুদ্ধ, স্বপ্রকাশ, সর্ব্বভূতের অন্তর্যামী হইয়াও সতত সর্ব্বব্যাপিরূপে সর্ব্বত্র বিরাজমান ও অনাবৃত, অপরিচ্ছিন্ন, অশরীরী, সর্ব্বসাক্ষী, এক ও অদ্বিতীয়। ১০২।

য এবং সন্তমাত্মানমাত্মস্থং বেদ পুরুষঃ।
নাজ্যতে প্রকৃতিস্থোঽপি তদ্‌গুণৈঃ স ময়ি স্থিতঃ ॥১০৩।
৪, ২০, ৭ ভগবান্‌।

এবং (পূর্ব্বোক্তস্বরূপং) সন্তং (নিত্যবিদ্যমানম্‌ আত্মানম্‌) (পরমাত্মানং) যঃ পুরুষঃ (যো জনঃ) আত্মস্থং (নিজদেহে সদৈব নির্লিপ্তভাবেন অবস্থিতং) বেদ (জানাতি) স (ময়ি পরব্রহ্মণি এব) স্থিতঃ (সর্ব্বদা নিহিতসত্ত্বঃ নিত্যপ্রতিষ্ঠিতঃ ইত্যর্থঃ) (অতএব) প্রকৃতিস্থোঽপি (প্রাকৃতদেহধারী সন্নপি) তদ্‌গুণৈঃ (প্রকৃতিজৈঃ গুণৈঃ দেহমনসোঃ বিকারৈঃ ক্ষয়বৃদ্ধিসুখদুঃখাদিভিঃ) ন অজ্যতে (অণুমাত্রমপি ন লিপ্যতে) (স দেহস্থোঽপি ন দেহ-বদ্ধঃ সর্ব্বথা স জীবন্মুক্তো ভবতি ইত্যর্থঃ)। ১০৩।

যিনি ঈদৃশ সৎস্বরূপ আত্মাকে নিজদেহেই সর্ব্বদা (দেহিরূপে) বিদ্যমান বলিয়া বুঝিয়াছেন, তিনি আমাতেই নিত্যপ্রতিষ্ঠিত থাকেন, প্রাকৃত দেহ ধারণ করিলেও দেহের গুণসমূহে (ক্ষয়বৃদ্ধি সুখদুঃখাদিতে) তিনি অণুমাত্র লিপ্ত হন না। ১০৩।

যঃ স্বধর্ম্মেণ মাং নিত্যং নিরাশীঃ শ্রদ্ধয়ান্বিতঃ।
ভজতে শনকৈস্তস্য মনো রাজন্ প্রসীদতি ॥১০৪॥
পরিত্যক্তগুণঃ সম্যগ্দর্শনো বিশদাশয়ঃ।
শান্তিং মে সমবস্থানং ব্রহ্মকৈবল্য মশ্নুতে ॥১০৫॥

৪, ২০, ৮-৯ ভগবান্।

রাজন্ (হে পৃথো), যঃ (যো জনঃ) নিরাশীঃ (ফলাকাঙ্ক্ষা-রহিতঃ) শ্রদ্ধয়ান্বিতঃ (শ্রদ্ধাবান্ দৃঢ়বিশ্বাসযুক্তঃ সন্) স্বধর্ম্মেণ (নিজবর্ণাশ্রম-বিহিতেন ধর্ম্মানুষ্ঠানেন তদনুশীলনেন চ) মাং নিত্যং ভজতে (সর্ব্বক্ষণং মাং ভক্তিপূর্ব্বকম্ আরাধয়তি) তস্য মনঃ (চিত্তং) শনকৈঃ (শনৈঃ শনৈঃ ক্রমশঃ উত্তরোত্তরং) প্রসীদতি (প্রসন্নং নির্ম্মলং প্রশান্তঞ্চ ভবতি)। ১০৪।

(এবম্প্রকারেণ) পরিত্যক্তগুণঃ (পরিত্যক্তাঃ মনসঃ সম্পূর্ণং বিদূরিতাঃ গুণাঃ সত্ত্বাদয়স্তেষাং বিষয়াশ্চ যেন সঃ নিস্ত্রৈগুণ্যে বর্ত্তমানঃ ইতি যাবৎ) (অতএব) বিশদাশয়ঃ (বিশুদ্ধচিত্তঃ নির্ম্মলমনাঃ) সম্যগ্দর্শনঃ (পূর্ণপ্রজ্ঞো জনঃ) মে (মম) সমবস্থানং

—যে ব্যক্তি ফলাকাঙ্ক্ষারহিত হইয়া পরম শ্রদ্ধাসহকারে স্বধর্ম্মের অনুষ্ঠান ও অনুশীলনে নিত্য ভক্তিপূর্ব্বক আমার আরাধনা করেন, হে রাজন্ (পৃথু), তাঁহার মন ক্রমে প্রসন্ন (নির্ম্মল ও প্রশান্ত) হইয়া আইসে। ১০৪।

এইরূপে গুণসমূহ (ত্রৈগুণ্যবিষয়াদি) পরিহার পূর্ব্বক চিত্ত নির্ম্মল হইলে আমাকে তিনি সম্যক্ উপলব্ধি করেন, এবং (আমার ন্যায়) সর্ব্ববিষয়ে উদাসীন

ভিন্নস্য লিঙ্গস্য গুণপ্রবাহো
দ্রব্য-ক্রিয়া-কারক-চেতনাত্মনঃ ।
দৃষ্টাসু সম্পৎসু বিপৎসু সূরয়ো
ন বিক্রিয়ন্তে ময়ি বদ্ধসৌহৃদাঃ ॥১০৬॥

৪, ২০, ১১ ভগবান্ ।

(সম্যক্ ঔদাসীন্যেন অবস্থানং বৈষম্যরহিতং বিদ্যমানত্বং) ব্রহ্ম-কৈবল্যম্ (আনন্দঘনৈকরসং ব্রহ্মস্বরূপং) শান্তিং (নিরবচ্ছিন্নাং পরাং শান্তিং সুখদুঃখাদিদ্বন্দ্বাতীতাং প্রশান্তাবস্থাম্) অশ্নুতে (প্রাপ্নোতি নিত্যম্ অনুভবতীত্যর্থঃ) । ১০৫ ।

দ্রব্য-ক্রিয়া-কারক-চেতনাত্মনঃ (দ্রব্যাণি রূপরসাদীনাং বিষয়-ভূতানি সর্ব্বাণি বস্তূনি ক্রিয়াঃ চক্ষুঃকর্ণাদীনাম্ ইন্দ্রিয়াণাং কার্য্যাণি কারকাঃ ইন্দ্রিয়াণাম্ অধিষ্ঠাতৃদেবাঃ তেষাং প্রবর্ত্তকাঃ ইত্যর্থঃ চেতনা চৈতন্যবৃদ্ধিঃ তদাত্মনঃ তদাত্মকস্য তৎসংহতিসিদ্ধস্য তৎসমষ্টিভূতস্য তদধ্যক্ষস্য চ আত্মনঃ) ভিন্নস্য (জীবাত্মনঃ অন্যস্য)

থাকিয়া ব্রহ্মকৈবল্য (আনন্দঘনৈকরস অবস্থা) লাভ করিয়া পরা শান্তি প্রাপ্ত হন । ১০৫ ।

দ্রব্য (রূপরসগন্ধস্পর্শশব্দাদির বিষয়ীভূত সমস্ত বস্তু), ক্রিয়া (চক্ষুঃকর্ণনাসিকাজিহ্বাত্বগাদি ইন্দ্রিয়-নিচয়ের বৃত্তি ও কার্য্য), কারক (ইন্দ্রিয়গণের অধি-ষ্ঠাতৃদেবগণ অর্থাৎ তাহাদের স্ব স্ব কার্য্যে প্রবর্ত্তক শক্তি-সমূহ) এবং চেতনা (চিদভিব্যক্তির সংজ্ঞা অর্থাৎ চৈতন্যবুদ্ধি) এই সমস্তের সমষ্টি ও সংহতিসিদ্ধ যে সূক্ষ্মদেহ তাহা আত্মা হইতে সম্পূর্ণ বিভিন্ন ; তাহাতেই

শাস্ত্রেষ্বিয়ানেব সুনিশ্চিতো নৃণাং
ক্ষেমস্য সধ্র্যগ্বিমৃশেষু হেতুঃ ।
অসঙ্গ আত্মব্যতিরিক্ত আত্মনি
দৃঢ়া রতি ব্র্ঁহ্মণি নির্গু্ণে চ যা ॥ ১০৭ ॥

৪, ২২, ১৯ সনৎকুমারঃ ।

লিঙ্গস্য(লিঙ্গদেহস্য সূক্ষ্মশরীরস্য এব) গুণপ্রবাহঃ (সত্ত্বাদীনাং গুণানাং তরঙ্গঃ ন তু আত্মনঃ ইতি পশ্যন্তঃ) সূরয়ঃ (আত্মানাত্মবিবেকিনঃ সাধুভক্তাঃ) ময়ি (আনন্দময়ে) বদ্ধসৌহৃদাঃ (বদ্ধং চিরপ্রতিষ্ঠিতং সৌহৃদং কেবলয়া ভক্ত্যা পরয়া প্রীত্যা ইতি ভাবঃ যৈস্তে) দৃষ্টাসু (সমাগতাসু) সম্পৎসু বিপৎসু (হর্ষশোকাদীনাং মনোবৈক্লব্যানাং কারণভূতাসু) ন বিক্রিয়ন্তে (ন বিকৃতচেতসো ভবন্তি সম্পদি হর্ষং বিপদি বিষাদং ন গচ্ছন্তি আসক্ত্যভাবাৎ উদাসীনাঃ দ্রষ্টারঃ ইব তিষ্ঠন্তি ইতি ভাবঃ)। ১০৬।

(হে রাজন্) আত্মব্যতিরিক্তে (অনাত্মনি সর্ব্বস্মিন্ বিষয়-প্রপঞ্চে) অসঙ্গঃ (অনাসক্তিঃ অনুরাগাভাবঃ ঔদাসীন্যমিতিভাবঃ)

সত্ত্বরজস্তমোগুণাদির তরঙ্গ হয়, আত্মাকে তাহা আদৌ স্পর্শ করিতে পারে না। যে সকল আত্মতত্ত্বদর্শী আত্মানাত্মবিবেকী সাধুভক্ত ইহা সম্যক্ উপলব্ধি করিয়া আমাতে অহৈতুকী পরা প্রীতি চির-প্রতিষ্ঠিত করিয়াছেন তাঁহারা সমাগত সম্পদে বা বিপদে অণুমাত্র বিকৃত হন না (অর্থাৎ সুখে হর্ষযুক্ত বা দুঃখে বিষাদপ্রাপ্ত হন না)। ১০৬।

হে রাজন্ (পৃথু), আত্মব্যতিরিক্ত যাবতীয় বিষয়-প্রপঞ্চে অসঙ্গ (অনাসক্তি অর্থাৎ অনুরাগের সম্পূর্ণ

সা শ্রদ্ধয়া ভগবদ্ধর্ম্মচর্য্যয়া
জিজ্ঞাসয়াধ্যাত্মিকযোগনিষ্ঠয়া।
যোগেশ্বরোপাসনয়া চ নিত্যং
পুণ্যশ্রবঃকথয়া পুণ্যয়া চ ॥ ১০৮ ॥

৪, ২২, ২০ সনৎকুমারঃ।

নির্গুণে (গুণাতীতে প্রকৃতেঃ পরে) ব্রহ্মণি (বিশ্বব্যাপিনি) আত্মনি (পরমাত্মনি) যা চ দৃঢ়া (অবিচলিতা নৈষ্ঠিকী অবিচ্ছিন্না ইতি যাবৎ) রতিঃ (প্রবলা প্রীতিঃ) (সা এব) নৃণাং (মানবানাং) ক্ষেমস্য (পরমকল্যাণস্য পুনরাবৃত্তিনিবৃত্তেঃ ভগবৎপ্রাপ্তেরিত্যর্থঃ) হেতুঃ (একমাত্রং নিদানম্) ইয়ান্ এব (এতন্মাত্রম্ এব সারতত্ত্বং) সধ্র্যগ্ বিমৃশেষু (সম্যগ্ বিচারবিতর্কবৎসু তত্ত্বানুসন্ধিষু সমস্তেষু) শাস্ত্রেষু (তত্ত্বজ্ঞানোপদেশ-সাধনপথনির্দ্দেশাত্মকেষু ধর্ম্মগ্রন্থেষু) সুনিশ্চিতঃ (অবিসংবাদিতয়া চরমসিদ্ধান্তরূপেণ নির্ণীতঃ) (ভগবতি দৃঢ়া রতিরেব তৎপ্রাপ্তেরেকমাত্রং নিদানম্ ইতি সর্ব্বশাস্ত্রসম্মতং ন কস্যাপি অত্র বিপ্রতিপত্তিরিতিভাবঃ)। ১০৭।

অভাব) হইলে নির্গুণ (গুণাতীত) ব্রহ্মে (বিশ্বব্যাপক পরমাত্মায়) মানবের যে দৃঢ়া (অবিচলিতা নৈষ্ঠিকী) রতি (পরা প্রীতি) জন্মে, তাহাই তাহার পরমকল্যাণের (পুনরাবৃত্তিনিবৃত্তির অর্থাৎ মোক্ষপ্রাপ্তির) একমাত্র হেতু (নিদান কারণ) বলিয়া তত্ত্বানুসন্ধানকারী সমস্ত শাস্ত্রেই সম্যক্ বিচার বিতর্কের পর নিশ্চিতসিদ্ধান্তরূপে নিরূপিত হইয়াছে। ১০৭।

শ্রদ্ধা (ভগবানে ও ভগবদ্ধর্ম্মে দৃঢ়বিশ্বাস), ভগবদ্ধর্ম্মচর্য্যা (যে ধর্ম্ম দ্বারা ভগবান্‌কে পাওয়া যায় তাহার

অর্থেন্দ্রিয়ারামসগোষ্ঠ্যতৃষ্ণয়া
তৎসম্মতানামপরিগ্রহেণ চ ।
বিবিক্তরুচ্যা পরিতোষ আত্মনি
বিনা হরেগু´ণপীযূষপানাৎ ॥ ১০৯ ॥

৪, ২২, ২১ সনৎকুমারঃ ।

সা (সা রতিঃ স্যাদিতি চতুর্থেনান্বয়ঃ) শ্রদ্ধয়া (অবিচলিতয়া আস্তিক্যবুদ্ধ্যা ভগবতি ভগবদ্ধর্ম্মে চ দৃঢ়ানুরক্ত্যা আপ্তবাক্যে স্থির-বিশ্বাসেন ইতি যাবৎ) ভগবদ্ধর্ম্মচর্য্যয়া (ভগবৎপ্রাপ্ত্যনুকূলা যা ধর্ম্মচর্য্যা তয়া অথবা ভগবৎসমর্পিতয়া ধর্ম্মকৃত্যয়া) জিজ্ঞাসয়া (ভগবৎস্বরূপপূর্ণোপলব্ধয়ে তৃষিতান্তরাত্মনা সাধুগুরুবৈষ্ণব-সকাশাৎ ভগবত্তত্ত্বং জ্ঞাতুং প্রবলেচ্ছয়া প্রশ্নেন চ) আধ্যাত্মিকযোগ-নিষ্ঠয়া (শমদমতপঃশৌচাদিভিঃ দেহেন্দ্রিয়মনোবৃত্তিসংযমেন ধ্যানধারণাসমাধিভিঃ পরমাত্মনা সহ নিত্যযুক্তত্বলাভানুকূলো যো যোগস্তস্মিন্ নিষ্ঠা ঐকান্তিকী স্থিতি স্তয়া) ·যোগেশ্বরোপাসনয়া চ (যোগেশ্বরাণাং ভক্তোত্তমানাং মহাযোগিনাম্ উপাসনয়া নিত্য-সাহচর্য্যেণ সেবাপরিচর্য্যয়া চ) নিত্যং (সর্ব্বদৈব) পুণ্যয়া

অনুষ্ঠান), জিজ্ঞাসা (ভগবান্‌কে জানিবার জন্য প্রবল পিপাসা অর্থাৎ ভগবানের স্বরূপসত্তার উপলব্ধির জন্য ব্যাকুল প্রাণে সাধু-গুরু-বৈষ্ণবের নিকট আন্তরিক আগ্রহপূর্ণ প্রশ্ন), আধ্যাত্মিক যোগনিষ্ঠা (যাহার দ্বারা পরমাত্মার সহিত নিত্যযুক্ত হইতে পারা যায় তাদৃশ যোগসাধনে ঐকান্তিকী নিষ্ঠা), ভক্তচূড়ামণি মহাযোগি-গণের নিত্যসাহচর্য্য ও সেবা-পরিচর্য্যা, পুণ্যশ্লোক ভগবানের পবিত্র লীলাকথা সর্ব্বদা শ্রবণকীর্ত্তনাদি, ।১০৮।

অর্থলিপ্সু ইন্দ্রিয়সুখকামী বিষয়ভোগাভিলাষী

অহিংসয়া পারমহংস্যচর্য্যয়া
স্মৃত্যা মুকুন্দাচরিতাগ্রশীধুনা।
যমৈরকামৈ র্নিয়মৈরনিন্দয়া
নিরীহয়া দ্বন্দ্বতিতিক্ষয়া চ ॥ ১১০ ॥

৪, ২২, ২২ সনৎকুমারঃ।

শ্রবণাৎ (শুদ্ধভক্ত্যা মল্লীলাগুণমহিমাদেঃ সর্ব্বক্ষণং শ্রবণাৎ সাধুগুরুভক্তমুখেভ্যঃ ইত্যর্থঃ) দর্শনাৎ (অন্তর্বহিঃ সর্ব্বত্র সর্ব্বদৈব মম প্রত্যক্ষদর্শনানুভূতেঃ) ধ্যানাৎ (হৃদধিষ্ঠিতং মাম্ অহর্নিশং স্মৃত্বা চিন্তনাৎ) অনুকীর্ত্তনাৎ (অনুক্ষণম্ অন্তরঙ্গভক্তৈঃ সহ সানন্দং সাগ্রহঞ্চ মৎকথাপ্রসঙ্গাৎ) ময়ি ভাবঃ (প্রগাঢ়ানুরাগঃ প্রেমাতিশয়েন মন্ময়ত্বং যথা ভবতি ইতি শেষঃ) তথা (তাদৃশঃ) সন্নিকর্ষেণ (সান্নিধ্যেন সাক্ষাদ্দর্শনেন সাহচর্য্যেণ বা) (ন ভবতি) ততঃ (তস্মাৎ অতএব) গৃহান্ প্রতিযাত (যূয়ং স্বগৃহান্ প্রতিগচ্ছত) (তত্রৈব ময়া সহ নিত্যযুক্তেন মনসা মৎসঙ্গলাভানুভূতেরবিচ্ছিন্নং বিমলানন্দম্ অনুভবত ইতি ভাবঃ) ।১৫৮।

অয়ি গোপললনাগণ, "শুদ্ধা"ভক্তি সহকারে সাধু-গুরু-ভক্তমুখে আমার লীলাগুণমহিমাদি সর্ব্বক্ষণ শ্রবণ, অন্তরে বাহিরে সর্ব্বত্র সর্ব্বদা আমার প্রত্যক্ষ দর্শনানুভূতি, দিবানিশি হৃদয়ে আমাকে ধ্যান, ও অন্তরঙ্গ ভক্তগণের সহিত অনুক্ষণ আমারই কথাপ্রসঙ্গ দ্বারা আমাতে যেমন প্রগাঢ় প্রেম জন্মে, সর্ব্বদা আমার সান্নিধ্যে বা সাক্ষাৎ দর্শনে তেমন কখনই হয় না, অতএব তোমরা এক্ষণে স্ব স্ব গৃহে প্রত্যাগমন কর ।১৫৮।

নাহন্তু সখ্যো ভজতোঽপি জন্তূন্
ভজাম্যমীষামনুবৃত্তিবৃত্তয়ে।
যথাঽধনো লব্ধধনে বিনষ্টে
তচ্চিন্তয়ান্যন্নিভৃতো ন বেদ ॥ ১৫৯ ॥

১০, ৩২, ১৯ শ্রীভগবান্।

হে সখ্যঃ, অহং ভজতোঽপি জন্তূন্ (ময্যর্পিততনুমনঃপ্রাণান্ জীবান্ মমৈকান্তভক্তানপি) ন ভজামি (প্রত্যক্ষং নিরবচ্ছিন্নং ন অনুবর্ত্তে সর্ব্বদা সাক্ষাদ্দর্শনদানেন তেষাং তৃপ্তিং ন সাধয়ামি) তু (পরন্তু) যথা অধনঃ (নির্ধনো জনঃ) লব্ধধনে (লব্ধে বহুপ্রয়াসলব্ধে ধনে সুচিরপ্রার্থিতে অভীষ্টে প্রিয়বস্তুনি ইত্যর্থঃ) বিনষ্টে (সহসা হৃতে অন্তর্হিতে বা সতি) তচ্চিন্তয়া (তস্য পুনঃপ্রাপ্তি-চিন্তয়া) নিভৃতঃ (সর্ব্বদা পূর্ণরূপেণ অবহিতঃ আকুলঃ সন্) অন্যৎ (সর্ব্বম্ অন্যৎ ক্ষুৎপিপাসাদিকম্ আহারনিদ্রাদিকর্মাপি) ন বেদ (ন জানাতি ন অনুভবতি) তথা অমীষাম্ (ঈদৃশাং মদ্ভক্তানাম্) অনুবৃত্তিবৃত্তয়ে (অনুবৃত্তিঃ অনুক্ষণং মদ্ধ্যানং মচ্চিন্তনং মদনুসন্ধানং বা তস্য (বৃত্তয়ে প্রবৃত্ত্যর্থম্ অবিচ্ছিন্নপ্রবাহরক্ষণায় ইতি ভাবঃ)

হে সখীগণ, তনুমনঃপ্রাণ সমর্পণ করিয়া যাহারা আমার ভজনা করে, আমি প্রত্যক্ষ দর্শনদানে নিরন্তর তাহাদের প্রীতিসাধন করিনা, পরন্তু ধনহীন ব্যক্তি যেমন বহুকষ্টলব্ধ অভীষ্ট সম্পদের বিয়োগে ব্যথিত হইয়া সর্ব্বদা তাহারই চিন্তায় পূর্ণ পরিব্যাপ্ত থাকিয়া আকুল প্রাণে আত্মহারা হয় এবং আহারনিদ্রাদি যাবতীয় শারীরিক ক্রিয়া ও বাহ্যজগতের অস্তিত্ব একেবারে বিস্মৃত হয়, সেইরূপ আমাকে একবার পাইয়া হারাইলে তাহাদের প্রাণে আমাকে পাইবার জন্য প্রবৃত্তি থাকিবে এবং আমার প্রতি প্রবল অনুরাগ

ন তস্য কশ্চিদ্দয়িতঃ সুহৃত্তমো
ন চাপ্রিয়ো দ্বেষ্য উপেক্ষ্য এব বা ।
তথাপি ভক্তান্ ভজতে যথা তথা
সুরদ্রুমো যদ্বদুপাশ্রিতোঽর্থদঃ ॥ ১৬০ ॥

১০, ৩৮, ২১ অক্রূরঃ ।

(সকৃদেব প্রত্যক্ষদর্শনানন্তরং মম অদর্শনে তেষাং চেতাংসি নিরন্তরং মচ্চিন্তয়া এব যথা মন্ময়ানি ভূত্বা সর্ব্বমন্যৎ বিস্মরেয়ুঃ এতন্মাত্র এব মমাভিপ্রায়ঃ ইতি বিশদার্থঃ) ।১৫৯।

তস্য (সর্ব্বজন হিতকারিণঃ শ্রীহরেঃ) কশ্চিৎ (কোঽপি) দয়িতঃ (প্রিয়ঃ) সুহৃত্তমঃ (পরমসুহৃৎ) ন কশ্চিদেব অপ্রিয়ঃ (অপ্রীতিকরঃ) দ্বেষ্যঃ (বিদ্বেষার্হঃ) বা উপেক্ষ্যঃ (অনাদৃতঃ) (অস্তি ইতি সত্যং) তথাপি ভক্তান্ (সমর্পিততনুমনঃপ্রাণান্ শরণাপন্নান্) যথা তথা যাথাতথ্যেন যে যথা তং প্রপদ্যন্তে তাংস্তথৈব ইতি ভাবঃ) ভজতে (অনুবর্ত্ততে):যদ্বৎ (অত্র দৃষ্টান্তঃ যথা) সুরদ্রুমঃ (কল্পবৃক্ষঃ) উপাশ্রিতঃ (সমীপাগতৈঃ প্রার্থিতঃ এব) অর্থদঃ (ফলপ্রদঃ) ভবতি (নঃ তু

বশতঃ তাহারা অনুক্ষণ ব্যাকুল প্রাণে আমারই ধ্যানে নিমগ্ন থাকিবে ; ইহাই আমার অভিপ্রায় জানিও ।১৫৯।

সর্ব্বজনহিতকারী সেই ভগবান্ শ্রীহরি সকলকেই সমান করুণা করিয়া থাকেন, কেহ তাঁহার প্রিয় পরম সুহৃৎ বা কেহ অপ্রিয় বিদ্বেষভাজন বা অনাদৃত নাই ; তথাপি কল্পবৃক্ষ যেমন আশ্রিত যাচকেরই অভীষ্ট ফল প্রদানে কামনা পূর্ণ করে, সেইরূপ সেই ভক্তবাঞ্ছাকল্পতরু ভগবান্, তাঁহার চরণে যাঁহারা আত্মসমর্পণ করিয়া

যস্যাহমনুগৃহ্লামি হরিষ্যে তদ্ধনং শনৈঃ।
ততঃ এনং ত্যজন্ত্যস্য স্বজনা দুঃখদুঃখিতম্॥ ১৬১॥
১০, ৮৮, ৫ শ্রীভগবান্।

দূরস্থিতানাম্ অযাচকানাম্ অভীষ্টানি পূরয়তি ইতি ভাবঃ) (ভগবানপি সর্ব্বভূতেষু সমভাবাপন্নোঽপি তচ্চরণাশ্রিতানাং তৎ-কৃপার্থিনাম্ একান্তভক্তানামেব সর্ব্বাভীষ্টানি পূরয়তি ইতি বিশদার্থঃ)।১৬০।

হে যুধিষ্ঠির, যস্য (যস্য উপরি যং প্রতি) অহম্ অনুগৃহ্লামি (প্রসাদং প্রকাশয়ামি) তদ্ধনং (তস্য ধনং সম্পদং) শনৈঃ (ক্রমশঃ) হরিষ্যে (হরিষ্যামি অপসারয়ামি) (ততঃ) দুঃখদুঃখিতং (ভৃশম্ অভি-ভূতং ধনাপগমেন ধনাভাবেন চ সাতিশয়ং কাতরত্বম্ আপন্নম্) এনং (নির্ধনং মদ্ভক্তম্) অস্য স্বজনাঃ (আত্মীয়পরিজনাঃ) স্বতঃ এব (স্বভাবতঃ এব তস্য অপরাধং বিনৈব অকারণমিত্যর্থঃ) ত্যজন্তি পরিত্যজ্য গচ্ছন্তি তস্য সমীপং ন আগচ্ছন্তি ইত্যর্থঃ)।১৬১।

তাঁহাকে ভজনা করে, তাদৃশ শরণাগত ভক্তগণেরই স্ব স্ব ভজনের অনুরূপ যথাযথ সকল প্রার্থনা পূরণ করিয়া থাকেন।১৬০।

(হে যুধিষ্ঠির) যাহার প্রতি আমি যথার্থ অনুগ্রহ প্রকাশ করি তাহার ধন ঐশ্বর্য্যাদি আমি ক্রমে ক্রমে হরণ করি: ধনবিয়োগে দুঃখাভিভূত আমার সেই নির্ধন ভক্তকে তখন তাহার আত্মীয় পরিজনবর্গ পরিত্যাগ করে।১৬১।

স যদা বিতথোদ্‌যোগো নির্বিণ্ণঃ স্যাদ্ধনেহয়া ।
মৎপরৈঃ কৃতমৈত্রস্য করিষ্যে মদনুগ্রহম্‌ ॥ ১৬২ ॥

১০, ৮৮, ৬ শ্রীভগবান্‌ ।

(তদনন্তরং) সঃ ধনেহয়া (ধনার্জ্জনপ্রয়াসেন) (পুনঃপুনরুদ্যুক্তোঽপি ইতি শেষঃ) যদা বিতথোদ্যোগো (বিফলপ্রযত্নঃ সন্‌) নির্ব্বিণ্ণঃ স্যাৎ (বিরক্তো বিষয়বিনিবৃত্তো ভবেৎ) (তদা) মৎপরৈঃ (মৎপরায়ণৈরেকান্তভক্তৈঃ সহ) কৃতমৈত্রস্য (কৃতসখ্যস্য স্বজনজ্ঞানেন স্থাপিতসৌহার্দ্দস্য ইত্যর্থঃ) (তস্যোপরি) মদনুগ্রহং (মম প্রকৃতমনুগ্রহং মহানুগ্রহম্‌ ইত্যর্থঃ) করিষ্যে (করিষ্যামি করোমি ইতি) ।১৬২।

পুনরায় ধনার্জ্জনের চেষ্টায় সে পুনঃ পুনঃ উদ্যম করিয়াও বিফলপ্রয়াস হইয়া বিষয়ে বিতৃষ্ণ হইলে আমার একান্ত ভক্তগণের সহিত সৌহার্দ্দ স্থাপন করে তখনই আমি তাহার উপর পরম অনুগ্রহ করিয়া থাকি জানিবে ।১৬২।

তদ্ব্রহ্ম পরমং সূক্ষ্মং চিন্মাত্রং সদনন্তকম্ ।
বিজ্ঞায়াত্মতয়া ধীরঃ সংসারাৎ পরিমুচ্যতে ॥ ১৬৩ ॥

১০, ৮৮, ৭ শ্রীভগবান্ ।

(ততঃ) স ধীরঃ (নিবৃত্তবিষয়স্পৃহঃ অতএব প্রশান্তচিত্তঃ সন্) তৎ (অব্যক্তং জ্ঞানাতীতং) পরমং (সাতিশয়ং) সূক্ষ্মং (স্থূলবুদ্ধের-গোচরং) চিন্মাত্রং (চিদাত্মকং চৈতন্যময়ম্) অনন্তকম্ (আদ্যন্তহীনং) ব্রহ্ম (পরব্রহ্ম মাম্) আত্মতয়া (আত্মভাবেন আত্মস্বরূপেণ) বিজ্ঞায় (সম্যগ্ বিদিত্বা) সংসারাৎ (ভববন্ধনাৎ) পরিমুচ্যতে (সম্পূর্ণং মুক্তো ভবতি) ।১৬৩।

অনন্তর বিষয় বিনিবৃত্ত অতএব প্রশান্ত-চিত্ত সেই ধীরবুদ্ধি ব্যক্তি পরম সূক্ষ্ম চিন্ময় অব্যক্ত নিত্য সত্য অনন্ত পরব্রহ্মস্বরূপ আমাকে আত্মরূপে সম্যক্ বুঝিতে পারিয়া সংসারবন্ধন হইতে সম্পূর্ণ মুক্ত হয় জানিও ।১৬৩।

শ্রুতোঽনুপঠিতো ধ্যাত আদৃতো বানুমোদিতঃ ।
সদ্যঃ পুনাতি সদ্ধর্ম্মো দেববিশ্বদ্রুহোঽপি হি ॥ ১৬৪ ॥

১১, ২, ১২ নারদঃ ।

সদ্ধর্ম্মঃ (সতাং সাধূনাং পরমভাগবতানাং ভগবতঃ প্রিয়-ভক্তানাম্ অবলম্বিতঃ ভক্তিসাধকঃ ধর্ম্মঃ) শ্রুতঃ (সাধুগুরুবৈষ্ণব-মুখেভ্যঃ একাগ্রেণ মনসা সাগ্রহং শ্রবণবিষয়ীকৃতঃ) অনুপঠিতঃ (অনু পশ্চাৎ শ্রবণান্তরমিত্যর্থঃ পঠিতঃ স্বমুখেন উচ্চারিতঃ যদ্বা অনু পুনঃপুনঃ অনুক্ষণং পঠিতঃ স্মরণার্থম্ আবৃত্তঃ) ধ্যাতঃ (সমাহিতেন চিত্তেন চিন্তিতঃ সর্ব্বদা সম্যক্ স্মৃতশ্চ) আদৃতঃ (আস্তিক্যবুদ্ধ্যা শ্রদ্ধয়া সাদরং গৃহীতঃ) বা অনুমোদিতঃ (অন্যৈরনুষ্ঠীয়মানঃ সম্মতঃ সন্) দেববিশ্বদ্রুহঃ (দেবেভ্যো বিশ্বেভ্যো বিশ্বজনেভ্যশ্চ যে দ্রুহ্যন্তি বিদ্রোহং কুর্ব্বন্তি তেষাং প্রতি বিদ্রোহভাবং হৃদি পোষয়ন্তি তান্) অপি হি (নিশ্চিতং) সদ্যঃ (তৎক্ষণমেব অবিলম্বেন ইত্যর্থঃ) পুনাতি (পবিত্রান্ করোতি বিশুদ্ধান্ পাপশূন্যান্ করোতীত্যর্থঃ) ।১৬৪।

ভবগানের প্রিয়ভক্ত সাধুগণের অবলম্বিত পরাভক্তি সাধক ধর্ম্ম, সাধুগুরুবৈষ্ণবের মুখ হইতে সাগ্রহে শ্রুত, শ্রবণান্তর নিজমুখে পুনঃ পুনঃ আবৃত্ত, সমাহিত চিত্তে সর্ব্বদা সম্যক্ চিন্তিত, শ্রদ্ধাপূর্ব্বক সাদরে গৃহীত অথবা অনুমোদিত হইলেও দেবদ্রোহী এমন কি বিশ্বদ্রোহী ব্যক্তিকেও তৎক্ষণাৎ নিশ্চয়ই পবিত্র করিয়া থাকে ।১৬৪।

দুর্লভো মানুষো দেহো দেহিনাং ক্ষণভঙ্গুরঃ।
তত্রাপি দুল্লর্ভং মন্যে বৈকুণ্ঠপ্রিয়দর্শনম্ ॥১৬৫॥

১১, ২, ২৯ বিদেহঃ।

দেহিনাং (দেহধারিণাং জীবানাং) মানুষঃ (মনুষ্যসম্বন্ধী) দেহঃ (শরীরং) দুর্লভঃ (দুষ্প্রাপ্যঃ বহুকষ্টলভ্যঃ) (সোঽপি) ক্ষণভঙ্গুরঃ (স্বল্পকালেন বিনাশশীলঃ নশ্বরঃ ইত্যর্থঃ) তত্রাপি (তস্মিন্ ক্ষণভঙ্গুরেঽপি মনুষ্যদেহে) বৈকুণ্ঠপ্রিয়দর্শনং (বৈকুণ্ঠস্য ভগবতঃ প্রিয়াঃ প্রিয়ভক্তাঃ তেষাং অথবা বৈকুণ্ঠঃ ভগবান্ শ্রীহরিঃ যেষাং প্রিয়ঃ প্রিয়তমঃ তেষাং ভগবৎপ্রাণানাং ভক্তানাং দর্শনং সাক্ষাৎকারঃ) দুর্লভং (সুদুষ্প্রাপম্ ইতি) মন্যে (অহম্ অবধারয়ামি)। ১৬৫।

দেহধারী জীবগণের পক্ষে মানবদেহ অতি দুর্লভ; তাহাও আবার ক্ষণভঙ্গুর। এই নশ্বর দেহে ভক্তবৎসল বৈকুণ্ঠনাথ ভগবানের প্রিয়ভক্তের দর্শনলাভ আরও সুদুর্লভ মনে করি। ১৬৫।

মন্যেঽকুতশ্চিদ্ভয়মচ্যুতস্য
পাদাম্বুজোপাসনমত্র নিত্যম্ ।
উদ্বিগ্নবুদ্ধেরসদাত্মভাবাৎ
বিশ্বাত্মনা যত্র নিবর্ত্ততে ভীঃ ॥১৬৬॥

১১, ২, ৩৩ কবিঃ ।

অত্র (অস্মিন্ সংসারে) অসদাত্মভাবাৎ (অসতি সদ্ভাবরহিতে অচিরস্থায়িনি অনিত্যে ইত্যর্থঃ দেহাদৌ আত্মভাবাৎ আত্মবুদ্ধেঃ আত্মভ্রমাদিত্যর্থঃ) নিত্যং (সর্ব্বদা এব) উদ্বিগ্নবুদ্ধেঃ (উদ্বিগ্না উদ্বেগ-যুক্তা শান্তিরহিতা বুদ্ধিঃ মতি র্যস্য তাদৃশস্য জনস্য) অচ্যুতস্য (চ্যুতিরহিতস্য অখণ্ডসচ্চিদানন্দস্বরূপস্য নিত্যপূর্ণস্য ইত্যর্থঃ ভগবতঃ শ্রীহরেঃ) পাদাম্বুজসেবনং (শ্রীচরণকমলসেবনং শ্রীপাদপদ্ম-ভজনমেব তৎপাদারবিন্দে সম্পূর্ণম্ আত্মসমর্পণমেব ইত্যর্থঃ) অকুতশ্চিদ্ভয়ং (ন কুতশ্চিদপি ভয়ং যস্মিন্ তৎ সর্ব্বভয়নিবর্ত্তকমিতি) (অহং) মন্যে (বিচারয়ামি) যত্র (যস্মিন্ অচ্যুতচরণারাধনে কৃতে সতি) বিশ্বাত্মনা (সর্ব্বাত্মনৈব সর্ব্বতোভাবেন নিঃশেষেণ ইত্যর্থঃ) ভীঃ (ভীতিঃ ত্রিতাপজ্বলনত্রাসঃ ইত্যথঃ) নিবর্ত্ততে (নিবৃত্তা ভবতি) ।১৬৬।

ইহসংসারে অনিত্য দেহাদিতে আত্মভ্রমবশতঃ সর্ব্বদা অশান্তি ও উদ্বেগে আকুলচিত্ত মনুষ্যের সেই অখণ্ড অচ্যুতানন্দ নিত্যপূর্ণ ভগবান্ শ্রীহরির পাদপদ্মে সম্পূর্ণ আত্মসমর্পণ পূর্ব্বক আরাধনই একমাত্র সর্ব্বভয়-বিনাশন বলিয়া মনে হয়, কারণ তাঁহার চরণে আত্ম-সমর্পণ করিলে ত্রিতাপজ্বলনত্রাস চিরদিনের জন্য সর্ব্বতোভাবে নিবৃত্ত হয় ।১৬৬।

কায়েন বাচা মনসেন্দ্রিয়ৈর্বা
বুদ্ধ্যাত্মনা বানুসৃতস্বভাবাৎ ।
করোতি যদ্‌যৎ সকলং পরস্মৈ
নারায়ণায়েতি সমর্পয়েৎ তৎ ॥১৬৭॥

১১, ২, ৩৬ কবিঃ ।

কায়েন (শরীরেণ হস্তপদাদ্যঙ্গপ্রত্যঙ্গব্যাপারৈঃ) বাচা (বাক্যেন উচ্চারিতৈঃ শব্দৈঃ) মনসা (অন্তঃকরণেন স্মরণচিন্তন-কল্পনাদিভিঃ) ইন্দ্রিয়ৈঃ (চক্ষুঃকর্ণনাসিকাজিহ্বাত্বগ্‌ভিঃ রূপরস-গন্ধস্পর্শশব্দগ্রহণরূপৈঃ ইন্দ্রিয়বৃত্তিভিঃ) বা (অথবা) বুদ্ধ্যা (অনুভূত্যা) আত্মনা (অহঙ্কারেণ চিত্তেন বা) বা (অথবা) অনুসৃত-স্বভাবাৎ (অনুসৃতঃ প্রাক্তনসংস্কারবশাৎ অনাদিকালাৎ নিরবচ্ছিন্নয়া দেহাত্মবুদ্ধ্যা অনুবৃত্তঃ যঃ স্বভাবঃ তস্মাৎ নিসর্গসিদ্ধাৎ সংস্কারাদিত্যর্থঃ) যৎ যৎ করোতি (ভগবদ্ভক্তিসাধকো জনঃ যৎ যৎ বিহিতমবিহিতং বিদিতমবিদিতং বা আচরতি) তৎ সকলং (তৎ সর্ব্বং) পরস্মৈ (পরাৎপরায়) নারায়ণায় ইতি (নারায়ণার্থমেব) সমর্পয়েৎ (তমুদ্দিশ্য বিসৃজেৎ তৎপ্রীতয়ে বিনিয়োজয়েৎ ইত্যর্থঃ)। ১৬৭।

হস্তপদাদি অঙ্গপ্রত্যঙ্গের দ্বারা, বাক্যের দ্বারা, মনে মনে স্মরণ চিন্তন কল্পনাদির দ্বারা, চক্ষুঃ কর্ণ নাসিকা জিহ্বা ত্বক্ পঞ্চ জ্ঞানেন্দ্রিয়ের রূপরসগন্ধস্পর্শশব্দগ্রহণ-বৃত্তি দ্বারা অথবা বুদ্ধি দ্বারা অথবা প্রাক্তন সংস্কারবশে অনাদিকাল হইতে নিরবচ্ছিন্ন দেহাত্মবুদ্ধিজনিত স্বভাবের অনুসরণে ভগবদ্ভক্তিসাধক মানব বিহিত অথবা অবিহিত যে যে কর্ম্ম জ্ঞানে বা অজ্ঞানে করিয়া থাকেন সে সমস্তই সেই পরাৎপর নারায়ণের প্রীতি-সাধনার্থ তাঁহারই উদ্দেশে সমর্পণ করিবেন। ১৬৭।

ভয়ং দ্বিতীয়াভিনিবেশতঃ স্যাদ্
ঈশাদপেতস্য বিপর্য্যয়োঽস্মৃতিঃ।
তন্মায়য়াতো বুধ আভজেৎ তং
ভক্ত্যৈকয়েশং গুরুদেবতাত্মা ॥১৬৮॥

১১, ২, ৩৭ কবিঃ।

ঈশাৎ (সর্ব্বেশ্বরাৎ ভগবতো বাসুদেবাৎ) অপেতস্য (বিচ্যুতস্য বিনিবৃত্তস্য জনস্য ইত্যর্থঃ) তন্মায়য়া (তস্য ভগবতঃ মায়য়া মায়া-প্রভাবেণ এব) অস্মৃতিঃ (বিস্মৃতিঃ স্বরূপচিন্তনাসামর্থ্যম্ আত্ম-স্বরূপস্য ভগবৎস্বরূপস্য চ অস্ফূর্ত্তিরিতি যাবৎ) (ততঃ) বিপর্য্যয়ঃ (বুদ্ধিভ্রংশঃ অনাত্মনি আত্মভ্রমো ভবতি) (ততশ্চ) দ্বিতীয়াভি-নিবেশতঃ (দ্বিতীয়ে আত্মব্যতিরিক্তে দেহেন্দ্রিয়াদৌ অভিনিবেশতঃ আত্মাভিমানাৎ মমত্ববশাচ্চ) ভয়ং স্যাৎ (সংসারবন্ধনরূপা ভীতি-র্ভবেৎ ইত্যর্থঃ) (অতঃ (অস্মাৎ কারণাদেব) বুধঃ (বিবেকী আত্মবিৎ জনঃ ইত্যর্থঃ) গুরুদেবতাত্মা (গুরুরেব দেবতা আরাধ্যতমো দেবঃ আত্মা চ প্রেষ্ঠশ্চ যস্য তথাভূতঃ গুরুদৈবতো গুরুগতপ্রাণঃ সন্ ইত্যর্থঃ) একয়া (অনন্যয়া অপ্রতিহতয়া অবিচ্ছিন্নয়া ইত্যর্থঃ) ভক্ত্যা (অহৈতুক্যা প্রীত্যা) তং (প্রাণেশ্বরম্) ঈশং (বাসুদেবং

সেই নিখিল বিশ্বাধীশ্বর ভগবান্ বাসুদেবেরই মায়া-প্রভাবে তাঁহা হইতে বিচ্যুত মানবের আত্মবিস্মরণ হয়, তজ্জন্য অনাত্মে আত্মভ্রমবশতঃ দেহাদিতে আত্মাভিমান ও মমত্ব জন্মে, এবং তাহার ফলে সংসারবন্ধনের ভয় উপস্থিত হয়, অতএব আত্মবিৎ বিবেকী ব্যক্তি গুরুকে আরাধ্যতম দেবতা ও প্রেষ্ঠজ্ঞানে তদুপদিষ্ট সাধনার দ্বারা অনন্যা ও অপ্রতিহতা অহৈতুকী ভক্তি লাভ করিয়া সেই প্রাণেশ্বর ভগবান্ বাসুদেব শ্রীহরির চরণে সম্পূর্ণ আত্মসমর্পণ করিবেন। ১৬৮।

শৃণ্বন্ সুভদ্রাণি রথাঙ্গপাণে
র্জন্মানি কর্ম্মাণি চ যানি লোকে।
গীতানি নামানি তদর্থকানি
গায়ন্ বিলজ্জো বিচরেদসঙ্গঃ ॥১৬৯॥

১১, ২, ৩৯ কবিঃ।

হরিম্) আভজেৎ (আ সম্যক্ সর্ব্বান্তঃকরণেন সর্ব্বতোভাবেন চ ভজেৎ আত্মসমর্পণেন প্রপদ্যেত ইতি ভাবঃ)। ১৬৮।

রথাঙ্গপাণেঃ (রথাঙ্গং চক্রং পাণৌ যস্য তস্য চক্রধারিণঃ ভগবতঃ শ্রীহরেঃ) যানি (সর্ব্বাণি) লোকে (নিখিলবিশ্বে) গীতানি (সানন্দং সুমধুরঞ্চ কীর্ত্তিতানি) (তানি) সুভদ্রাণি (সুমঙ্গলানি সর্ব্ব-শুভঙ্করাণি) জন্মানি (বিবিধানি অবতাররূপাণি) কর্ম্মাণি (বিচিত্র-লীলাদীনি চ) (তথা) তদর্থকানি (তানি জন্মানি কর্ম্মাণি চ অর্থঃ অভিধেয়ঃ যেষাং তানি অবতারলীলাদিবোধকানি) নামানি (ব্রজেন্দ্র-নন্দনকংসনিসূদনাদীনি) শৃণ্বন্ (সাগ্রহং সাভিনিবেশঞ্চ প্রেম-পূর্ণান্তরাত্মনা শৃণ্বন্ ভক্তমুখেভ্যঃ ইতি যাবৎ) গায়ন (সানন্দং সাবেশম্ উচ্চৈঃ কীর্ত্তয়ন্) অসঙ্গঃ (সর্ব্বসঙ্গবর্জ্জিতঃ একাকী এব বিষয়েষু নিঃসঙ্গঃ আসক্তিরহিতো বা) বিলজ্জঃ (বিগতসঙ্কোচঃ লোকলজ্জাবোধশূন্যঃ সন্) বিচরেৎ (সদৈব সর্ব্বত্র ভ্রমণং কুর্য্যাৎ) (ভগবদ্ভক্তিসাধকো জনঃ ইতি শেষঃ)। ১৬৯।

ভগবদ্ভক্তিসাধক মানব সেই চক্রধারী ভগবান্ শ্রীহরির নিখিল বিশ্বভুবনে সর্ব্বত্র কীর্ত্তিত সর্ব্বশুভঙ্কর যে সকল বিবিধ অবতার ও বিচিত্র লীলা এবং তত্তৎ-প্রতিবোধক যে সকল মধুর মঙ্গল নাম, সেই সমস্ত সর্ব্বদা আগ্রহে ও প্রেমপূর্ণান্তঃকরণে শ্রবণ এবং আবেশপূর্ণ ও লজ্জাসঙ্কোচশূন্য প্রাণে সানন্দে গান করিতে করিতে সর্ব্ববিষয়ে আসক্তিরহিত হইয়া সর্ব্বদা একাকী বিচরণ করিবেন। ১৬৯।

এবংব্রতঃ স্বপ্রিয়নামকীর্ত্ত্যা
জাতানুরাগো দ্রুতচিত্ত উচ্চৈঃ ।
হসত্যথো রোদিতি রৌতি গায়-
ত্যুন্মাদবন্নৃত্যতি লোকবাহ্যঃ ॥১৭০॥

১১, ২, ৪০ কবিঃ।

এবংব্রতঃ (এবং পূর্ব্বোক্তরূপং শ্রবণকীর্ত্তনাদিকং ব্রতং নিত্য-নিয়মিতং কর্ম্ম যস্য সঃ) স্বপ্রিয়নামকীর্ত্ত্যা (স্বস্য প্রিয়ঃ 'প্রেয়ঃ পুত্রাৎ প্রেয়ো বিত্তাৎ প্রেয়ঃ সর্ব্বস্মাৎ' তস্য স্বপ্রিয়তমস্য প্রাণ-বল্লভস্য ভগবতঃ বাসুদেবস্য শ্রীহরেঃ নামকীর্ত্ত্যা সদৈব সর্ব্বাবস্থাসু একাগ্রচিত্তেন নামকীর্ত্তনেন) জাতানুরাগঃ (জাতঃ সঞ্জাতঃ উদ্দীপ্তঃ ইত্যর্থঃ অনুরাগঃ তস্মিন্ প্রিয়তমে প্রাণেশ্বরে পরমং প্রেম ইত্যর্থঃ যস্য সঃ) দ্রুতচিত্তঃ (দ্রুতং প্রেম্ণা দ্রবীভূতং চিত্তং যস্য সঃ) (অতএব) লোকবাহ্যঃ (লোকানাং জগতাং বাহ্যঃ বহির্ভূতঃ অস্তিত্বানুভূতিশূন্যঃ ইত্যর্থঃ যদ্বা লোকানাং জনানাং বাহ্যঃ বহিঃ-স্থিতঃ তেষাং স্তুতিনিন্দাসু উদাসীনঃ সম্যঙ্ নিরপেক্ষঃ ইত্যর্থঃ) (ভগবৎপ্রেমবিহ্বলঃ সন্) উচ্চৈর্হসতি (উচ্চহাস্যং করোতি স্বপ্রিয়তমস্য মেলনানুভূত্যা আনন্দাকুলতয়া ইতি ভাবঃ) রোদিতি (নিমেষার্দ্ধমপি তস্য অদর্শনাৎ বিষীদন্ ইতি ভাবঃ) রৌতি (প্রিয়-

এইরূপ ভাবে নিত্য নিয়মিত ভক্তিসাধন করিতে করিতে সর্ব্বদা একাগ্রচিত্তে নিজপ্রিয়তম প্রাণবল্লভের নাম শ্রবণ কীর্ত্তনাদি-দ্বারা তাঁহাতে পরমপ্রেম জন্মে; তখন সাধক ভক্তের প্রাণ ভগবৎপ্রেমে বিগলিত হয় ও তিনি বাহ্যজগতের অস্তিত্বজ্ঞানশূন্য হন, এবং লোকনিন্দাভয় বিস্মৃত হইয়া আত্মহারা প্রাণে কখন উচ্চহাস্য, কখন রোদন, কখন বা অত্যন্ত আর্ত্তনাদ করিয়া থাকেন;

খং বায়ুমগ্নিং সলিলং মহীঞ্চ
জ্যোতীংষি সত্ত্বানি দিশো দ্রুমাদীন্ ।

বিরহজনিততীব্রবেদনাভিভূতঃ সন্ অব্যক্তম্ আর্ত্তনাদং করোতি) (অথো) (অনন্তরং) (পুনর্দর্শনলাভেন আনন্দোৎফুল্লঃ সন) গায়তি (প্রিয়তমলীলাগুণমহিমাদীন্ কীর্ত্তয়তি) উন্মাদবৎ (লুপ্তসংজ্ঞঃ উন্মত্ত ইব) নৃত্যতি (নৃত্যং করোতি মহোল্লাসেন ইতি শেষঃ)। ১৭০।

খং (সর্ব্বতঃ পরিদৃশ্যমানং বিশ্বব্যাপিনম্ আকাশং) বায়ুং (সর্ব্বত্র সদৈব সঞ্চরন্তং সর্ব্বভূতজীবনস্বরূপং পবনম্) অগ্নিং (সর্ব্বতঃ প্রকাশমানং সর্ব্বভূতপাবকম্ অনলং) সলিলং (সর্ব্বভূতাপ্যায়কং জলং) মহীঞ্চ (সর্ব্বভূতপালয়িত্রীং ধরিত্রীং) (ক্ষিত্যপ্তেজোমরুদ্ব্যোমাত্মকং নিখিলং বিশ্বম্ ইত্যর্থঃ) জ্যোতীংষি (সূর্য্যচন্দ্রগ্রহনক্ষত্রাদীনি) সত্ত্বানি (পশুপক্ষিকীটপতঙ্গমনুষ্যাদীন্ সর্ব্বান্ প্রাণিনঃ) দিশঃ (পূর্ব্বাদীন্ দিক্‌সমূহান্) দ্রুমাদীন্ (বৃক্ষলতাগুল্মাদীন্। সরিৎ-

---

আবার কখনও বা প্রিয়তমের লীলাগুণমহিমাদি কীর্ত্তন করিতে করিতে মহোল্লাসে লুপ্তসংজ্ঞ উন্মত্তের ন্যায় নৃত্য করিতে থাকেন।১৭০।

(তখন) সর্ব্বতঃ পরিদৃশ্যমান বিশ্বব্যাপী আকাশ, সর্ব্বদা সর্ব্বত্র সঞ্চরণশীল বায়ু, সর্ব্বত্র প্রকাশমান অনল, সর্ব্বজীবস্নিগ্ধকারী বারি, সর্ব্বভূতপালয়িত্রী ধরিত্রী (অর্থাৎ ক্ষিত্যপ্তেজোমরুদ্ব্যোমাত্মক নিখিল বিশ্বজগৎ) সূর্য্য চন্দ্র

সরিৎসমুদ্রাংশ্চ হরেঃ শরীরং
যৎ কিঞ্চ ভূতং প্রণমেদনন্যঃ ॥১৭১॥

১১, ২, ৪১ কবিঃ ।

সমুদ্রান্ (নদীজলনিধীন্) যৎ কিঞ্চ ভূতং (তথা সর্ব্বং স্থাবরজঙ্গমা-ত্মকং জগৎ) হরেঃ (ভগবতো বাসুদেবস্ত শ্রীহরেঃ তস্য প্রাণ-কৃষ্ণস্য ইত্যর্থঃ) শরীরম্ (অধিষ্ঠানং প্রত্যক্ষং স্ফুরিতং রূপম্ ইত্যর্থঃ) (ইত্যনুভূত্যা) অনন্যঃ (ন অন্যঃ বাসুদেবাৎ দ্বিতীয়ঃ যস্য সঃ সর্ব্বত্র কৃষ্ণস্ফুরণাৎ ইতি ভাবঃ) প্রণমেৎ (প্রণতো ভবেৎ নিজপ্রাণবল্লভজ্ঞানেন নতশিরসা প্রেমার্দ্রহৃদয়ঃ সন্ সর্ব্বান্ অভিবাদয়েৎ ইত্যর্থঃ)। ১৭১।

গ্রহনক্ষত্রাদি জ্যোতিষ্কমণ্ডলী, পশু-পক্ষি-কীটপতঙ্গ-যক্ষো-রক্ষো মানবাদি যাবতীয় প্রাণিবর্গ, পূর্ব্বাদি দশ দিক্, তরু-লতাগুল্মাদি. নদনদীসাগরাদি স্থাবর জঙ্গম যাহা কিছু দেখিবেন সমস্তই তাঁহার প্রাণবল্লভ ভগবান্ বাসুদেব শ্রীহরিরই প্রত্যক্ষস্ফুরিত রূপ জ্ঞান করিয়া কৃষ্ণগতপ্রাণ ভক্ত প্রেমার্দ্রহৃদয়ে সকলের চরণে নতশিরে প্রণাম করিবেন। ১৭১।

ভক্তিঃ পরেশানুভবো বিরক্তি
রন্যত্র চৈব ত্রিক এককালঃ।
প্রপদ্যমানস্য যথাশ্নতঃ স্যু-
স্তুষ্টিঃ পুষ্টিঃ ক্ষুদপায়োঽনুঘাসম্ ॥১৭২॥

১১. ২, ৪২ কবিঃ।

প্রপদ্যমানস্য (ভগবন্তং বাসুদেবম্ অনন্যশরণতয়া ভজতো জনস্য) ভক্তিঃ (প্রেমলক্ষণা অহৈতুকী পরা প্রীতিঃ) পরেশানুভবঃ (পরেশস্য পরমৈশ্বর্য্যমাধুর্য্যরসৈকসিন্ধোঃ প্রাণেশ্বরস্য ভগবতো বাসুদেবস্য অনুভবঃ সর্ব্বত্র প্রত্যক্ষস্ফুরণানুভূতিঃ) অন্যত্র (ভগবদ্ভজনপ্রতিকূলেষু সর্ব্বেষু বিষয়েষু) বিরক্তিশ্চ (অনুরাগাভাবশ্চ অনাসক্তিরিতি যাবৎ) এব ত্রিকঃ (এতত্ত্রিতয়ম্) এককাল এব (ভজনসমকাল এব যুগপৎ সমুৎপন্নঃ তথা ক্রমশো বর্দ্ধনশীলঃ স্যাৎ) যথা অশ্নতঃ (ভুঞ্জানস্য জনস্য ভোজনকালে এব) অনুঘাসং (প্রতিগ্রাসং) তুষ্টিঃ (মনসস্তৃপ্তিঃ) পুষ্টিঃ (উদরপূর্ত্তি স্তথা দেহপুষ্টিঃ) ক্ষুদপায়ঃ (ক্ষুন্নিবৃত্তিশ্চ) স্যুঃ (ভবেয়ুঃ) (তথা) (ভক্তিসাধকস্য জনস্য ভজনকালে এব পূর্ব্বোক্তঃ পরমপ্রেমাদিত্রিকঃ উত্তরোত্তরং নিরন্তরং বর্দ্ধতে ইতি ভাবঃ)। ১৭২।

ভোজনকালেই যেমন প্রতিগ্রাসে ভোক্তার প্রাণের তৃপ্তি, দেহের পুষ্টি ও ক্ষুধার নিবৃত্তি হইয়া থাকে, ভগবানের অনন্যশরণ ভক্তেরও তেমনি ভজন করিতে করিতে প্রতিমুহূর্ত্তেই প্রেমলক্ষণা অহৈতুকী পরা প্রীতি, সর্ব্বত্র সেই পরমৈশ্বর্য্যমাধুর্য্যরসৈকসিন্ধু প্রাণেশ্বর ভগবান্ বাসুদেবের প্রত্যক্ষস্ফুরণানুভূতি, ও ভগবদ্ভজনবিরোধী সকল বিষয়ে অত্যন্ত বিরক্তি এই তিনটীই সমকালে স্ফুরিত ও ক্রমশঃ বর্দ্ধিত হইয়া থাকে।১৭২।

ইত্যচ্যুতাঙ্ঘ্রিং ভজতোঽনুবৃত্ত্যা
ভক্তির্বিরক্তির্ভগবৎপ্রবোধঃ ।
ভবন্তি বৈ ভাগবতস্য রাজন্
ততঃ পরাং শান্তিমুপৈতি সাক্ষাৎ ॥১৭৩॥

১১, ২, ৪৩ কবিঃ ।

হে রাজন্ (হে পরীক্ষিৎ) ইতি (পূর্ব্বোক্তপ্রকারেণ) অনুবৃত্ত্যা (পুনঃ পুনঃ অভ্যাসেন) অচ্যুতাঙ্ঘ্রিম্ (অচ্যুতস্য অখণ্ডসচ্চিদানন্দস্বরূপস্য ভগবতো বাসুদেবস্য) অঙ্ঘ্রিং (চরণ-কমলং) ভজতঃ (সেবমানস্য অনন্যগতিত্বাৎ আশ্রয়ং কুর্ব্বতঃ) ভাগবতস্য (ভগবচ্চরণে সমর্পিতাত্মনঃ প্রপন্নস্য ভক্তস্য ইত্যর্থঃ) ভক্তিঃ (পরা প্রীতিঃ) বিরক্তিঃ (বিষয়বৈরাগ্যং) ভগবৎ-প্রবোধঃ (শ্রীকৃষ্ণস্ফূরণং) ভবন্তি (যথাক্রমেণ জায়ন্তে বর্দ্ধন্তেচ) বৈ (এব ইতি নিশ্চয়াবধারণে) ততঃ (তদনন্তরং ভগবৎপ্রসাদেন এব) (সঃ) সাক্ষাৎ (প্রত্যক্ষং) পরাং (পরমাম্ আত্যন্তিকীং নিরবচ্ছিন্নাম্ ইত্যর্থঃ) শান্তিং (সাংসারনিবৃত্তিরূপাং ভগবচ্চরণে অবিচলিতাং স্থিতিম্) উপৈতি (অধিগচ্ছতি প্রাপ্নোতি ইত্যর্থঃ)। ১৭৩।

হে পরীক্ষিৎ, পূর্ব্বোক্ত প্রকারে পুনঃ পুনঃ অভ্যাস দ্বারা ভগবচ্চরণে সম্পূর্ণ সমর্পিতাত্মা অনন্যশরণ সাধক-ভক্তের প্রাণ অখণ্ডসচ্চিদানন্দস্বরূপ ভগবান্ বাসুদেবের চরণকমলে নিরন্তর সমাহিত থাকিলে প্রেমভক্তি, বিষয়-বিরক্তি ও সর্ব্বত্র কৃষ্ণস্ফূরণ হয়, অনন্তর ভগবৎকৃপায় তিনি প্রত্যক্ষ পরাশান্তি লাভ করিয়া থাকেন। ১৭৩।

সর্ব্বভূতেষু যঃ পশ্যেদ্ভগবদ্ভাবমাত্মনঃ।
ভূতানি ভগবত্যাত্মন্যেষ ভাগবতোত্তমঃ ॥১৭৪॥

১১, ২, ৪৫ হবিঃ।

সর্ব্বভূতেষু (অস্তিত্ববৎসু চেতনাচেতনেষু সর্ব্বেষু পদার্থেষু) যঃ (যোজনঃ) আত্মনঃ (পরমাত্মরূপিণো ভগবতো বাসুদেবস্য) ভগবদ্ভাবং (ভগবতঃ পরমৈশ্বর্য্যশালিনো ভাবং পূর্ণসত্তাং নিরব-চ্ছিন্নাং মাধুর্য্যময়ীং স্থিতিং) পশ্যেৎ (প্রত্যক্ষম্ অনুভবতি) (তথা) আত্মনি (সর্ব্বভূতান্তরাত্মনি) ভগবতি (বাসুদেবে শ্রীহরৌ) ভূতানি স্থাবরজঙ্গমাত্মকানি নিখিলানি বস্তূনি পশ্যেৎ (নিরন্তরং পশ্যতীতিভাবঃ) এষঃ (স এব) ভাগবতোত্তমঃ (ভাগবতেষু ভগবদ্ভক্তেষু উত্তমঃ সর্ব্বশ্রেষ্ঠঃ) [ঈশ্বরং সর্ব্বভূতেষু সর্ব্বভূতানি চেশ্বরে যঃ পশ্যতি স এব প্রধানো ভক্তঃ ইত্যর্থঃ]। ১৭৪।

অস্তিত্ববৎ চেতনাচেতন সকল বস্তুতে যিনি পরমাত্মরূপী শ্রীভগবানের পরমৈশ্বর্য্যমাধুর্য্যময়ী স্বরূপসত্তার সম্যক্ উপলব্ধি করেন, এবং সর্ব্বভূতান্তরাত্মা ভগবান বাসুদেবে স্থাবরজঙ্গমাত্মক নিখিল জগতের যাবতীয় বস্তুর নিত্য-স্থিতি প্রত্যক্ষদর্শনানুভব করেন, তিনিই ভগবানের উত্তম ভক্ত। ১৭৪।

ঈশ্বরে তদধীনেষু বালিশেষু দ্বিষৎসু বা।
প্রেমমৈত্রীকৃপোপেক্ষা যঃ করোতি স মধ্যমঃ ॥১৭৫॥

১১, ২, ৪৬ হবিঃ।

যঃ ঈশ্বরে (বিশ্বনিয়ন্তরি স্বপ্রাণেশ্বরে ভগবতি বাসুদেবে) প্রেম (পরামুরক্তিং পরাং প্রীতিং) তদধীনেষু (তস্য ভগবতঃ অধীনেষু শরণং প্রপন্নেষু তচ্চরণে সমর্পিতদেহেন্দ্রিয়মনঃপ্রাণেষু তস্য একান্তভক্তেষু ইত্যর্থঃ) মৈত্রীং (সৌহার্দ্দ্যং সখ্যভাবং) বালিশেষু (অজ্ঞেষু ভক্তিতত্ত্বানভিজ্ঞেষু) কৃপাম্ (অনুকম্পাং তেষাং কাগতির্ভবিষ্যতীতি চিন্তয়ন্ উপদেশপ্রদানেন ভক্তিভাবোদ্দীপনস্পৃহাং) দ্বিষৎসু (শত্রুষু ভগবদ্দ্বেষিষু তদ্ভক্তবিদ্বেষিষু বা) উপেক্ষাং (ঔদাসীন্যম্ অপরাধসহিষ্ণুতাং) প্রেমমৈত্রীকৃপোপেক্ষাঃ ঈশ্বরাদিষু চতুর্ষু ক্রমান্বয়েন করোতি সঃ (তাদৃশো জনঃ) মধ্যমঃ (ভগবতো মধ্যমো ভক্তঃ সর্ব্বত্র সমদর্শনাভাবাদিত্যর্থঃ)। ১৭৫।

যিনি বিশ্বনিয়ন্তা নিজপ্রাণেশ্বর শ্রীভগবান্ বাসুদেবে প্রেমভক্তি স্থাপন করেন, যিনি ভগবচ্চরণে তনুমনঃপ্রাণ সমর্পণ করিয়া তাঁহার শরণাপন্ন হইয়াছেন তাদৃশ একান্ত ভক্তের প্রতি যিনি সৌহার্দ্দ্য স্থাপন করেন, ভক্তিতত্ত্বানভিজ্ঞ অবোধ মনুষ্যগণের প্রতি কৃপা পরবশ হইয়া যাহাতে তাহারা ভক্তিসুধাস্বাদন লাভ করিতে পারে এতদুদ্দেশ্যে যিনি ভক্তি সাধনের উপদেশ প্রদানে তাহাদিগকে কৃতার্থ করেন, এবং নিজশত্রু, ভগবদ্দ্বেষী বা ভগবদ্ভক্তবিদ্বেষী মানবগণের প্রতি ঔদাসীন্য প্রকাশ করেন অর্থাৎ তাহাদের অপরাধ গ্রহণ না করিয়া ভগবচ্চরণে নিরন্তর তাহাদের কল্যাণ ও শুভবুদ্ধি কামনা করেন, তাঁহাকে ভগবানের মধ্যম ভক্ত বলিয়া জানিবে (কারণ তাঁহার এখনও বৈষম্যবুদ্ধি বিলুপ্ত হইয়া সর্ব্বত্র কৃষ্ণস্ফুরণ হয় নাই)।১৭৫।

অর্চ্চায়ামেব হরয়ে পূজাং যঃ শ্রদ্ধয়েহতে ।
ন তদ্ভক্তেষু চান্যেষু স ভক্তঃ প্রাকৃতঃ স্মৃতঃ ॥১৭৬॥

১১, ২, ৪৭ হবিঃ।

যঃ (যো জনঃ) হরয়ে (হরিমুদ্দিশ্য) অর্চ্চায়াম্ এব (তস্য সর্ব্বত্র বিদ্যমানত্বং অননুভবন্ অজানন্ বা কেবলং মৃৎকাষ্ঠশিলাদি-নির্ম্মিতায়াং প্রতিমায়াং ন তু অন্যত্র) শ্রদ্ধয়া (আস্তিক্যবুদ্ধ্যা সানুরাগং) পূজাম্ (অর্চ্চনাং তৎপ্রীতিসাধনমূলাম্ ইত্যর্থঃ) ঈহতে (কর্ত্তুং চেষ্টতে) ন তদ্ভক্তেষু (ন তস্য প্রিয়তমেষু তৎপাদ-পদ্মসমর্পিতাত্মসু তদ্গতপ্রাণেষু ভক্তেষু) অন্যেষু চ (ভক্তেতরেষু অপরেষু চ কা কথা) (পূজাম্ ঈহতে ইত্যত্রাপ্যন্বয়ঃ সৎকারং করোতি ইত্যর্থঃ) সঃ (তাদৃশঃ) ভক্তঃ (ভক্তিসাধকঃ) প্রাকৃতঃ (নিম্নতরঃ ভক্তিসাধনসোপানপ্রথমস্তরার্পিতপদঃ ইতি ভাবঃ) স্মৃতঃ (উক্তঃ গণ্যো ভবতীত্যর্থঃ) [আদৌ শালগ্রামশিলাদিষু অনন্তরং মৃত্তিকাদারুপ্রস্তরধাত্বাদিনির্ম্মিতেষু বিগ্রহেষু ততঃ আলেখ্যাদিষু এবং ক্রমেণ উত্তরোত্তরং স্থাবরজঙ্গমাত্মকেষু সর্ব্বেষু বস্তুষু কৃষ্ণস্ফূরণং হি ভক্তিসাধনফলং বিজ্ঞেয়মিতি বিশদার্থঃ]। ১৭৬।

যিনি সর্ব্বত্র বিদ্যমান শ্রীহরির বিশ্বব্যাপিনী সত্তা সম্যক্ উপলব্ধি করিতে না পারিয়া কেবলমাত্র মৃত্তিকা দারু শিলা বা ধাত্বাদিনির্ম্মিত প্রতিমায় আস্তিক্যবুদ্ধিবশতঃ শ্রদ্ধা ও অনুরাগের সহিত তাঁহারই উদ্দেশে ও তৎপ্রীতি-সাধনার্থে পূজাদি করিয়া থাকেন, পরন্তু তাঁহার ভক্তের অথবা অন্য কোন ব্যক্তির বা বস্তুর ভিতর তাঁহার অস্তিত্ব অনুভব করিতে না পারিয়া পূজা করেন না, তিনি নিম্ন স্তরের ভক্ত বলিয়া গণ্য হন ।১৭৬।

গৃহীত্বাপীন্দ্রিয়ৈরর্থান্ যো ন দ্বেষ্টি ন হৃষ্যতি ।
বিষ্ণোর্মায়ামিদং পশ্যন্ স বৈ ভাগবতোত্তমঃ ॥১৭৭॥
১১, ২, ৪৮ হবিঃ ।

ইন্দ্রিয়ৈঃ (চক্ষুঃকর্ণাদিভিঃ) অর্থান্ (রূপরসাদীন্ বিষয়ান্) গৃহীত্বাপি (গৃহ্নন্নপি) যঃ (যো জনঃ) ইদং (সুখদুঃখবৈচিত্র্যময়ং সর্ব্বং খল্বিদং বিশ্বং) বিষ্ণোঃ (বিশ্বব্যাপিনঃ ভগবতো বাসুদেবস্য) মায়াং (মায়াময়ীং মোহিনীং শক্তিং মায়াশক্তে র্বিলাসম্ ইত্যর্থঃ) পশ্যন্ (অবধারয়ন্ সম্যক্ অনুভবন্) ন দ্বেষ্টি (তেষাম্ অতৃপ্তিকরত্বে ন অপ্রীতো ভবতি) ন হৃষ্যতি (ন চ প্রীতি-করত্বেঽপি হৃষ্টো ভবতি) (সদৈব ভগবৎপ্রেমবিহ্বলচিত্তত্বাৎ ইত্যর্থঃ) স বৈ (স এব) ভাগবতোত্তমঃ (ভগবতঃ সর্ব্বোত্তমো ভক্তঃ)। ১৭৭।

যিনি চক্ষুঃকর্ণাদি ইন্দ্রিয়নিচয় দ্বারা রূপরসাদি বিষয়-প্রপঞ্চ গ্রহণ করিয়াও এই সুখদুঃখাদিবৈচিত্র্যময় নিখিল বিশ্ব সমস্তই যে সেই বিশ্বব্যাপী ভগবান্ বাসুদেবের মায়াময়ী মোহিনী শক্তির বিলাসমাত্র, ইহা সম্যক্ উপলব্ধি করিয়া তাহাদের কোনটীর প্রতি অপ্রিয়জ্ঞানে বিরক্তি বা বিদ্বেষ, কিংবা প্রিয়জ্ঞানে অনুরাগ অনুভব না করিয়া সর্ব্বদাই ভগবৎপ্রেমে বিভোর থাকেন তিনিই ভগবানের উত্তম ভক্ত। ১৭৭।

দেহেন্দ্রিয়প্রাণমনোধিয়াং যো
জন্মাপ্যয়ক্ষুদ্ভয়তর্ষকৃচ্ছ্রৈঃ।
সংসারধর্ম্মৈরবিমুহ্যমানঃ
স্মৃত্যা হরে র্ভাগবতপ্রধানঃ ॥১৭৮॥

১১, ২, ৪৯ হবিঃ।

যঃ (যো জনঃ) হরেঃ (প্রাণমনোহারিণঃ সততং হৃদয়বিহারিণঃ সর্ব্বদুঃখদ্বন্দ্বাদিভয়হারিণঃ শ্রীহরেঃ) স্মৃত্যা (স্মরণেন তস্য অনন্তপ্রেমমাধুর্য্যস্য অনুক্ষণং চিন্তনেন) দেহেন্দ্রিয়প্রাণমনোধিয়াং জন্মাপ্যয়ক্ষুদ্ভয়তর্ষকৃচ্ছ্রৈঃ (যথাক্রমেণ দেহস্য শরীরস্য জন্মাপ্যযৌ উৎপত্তিবিনাশৌ প্রাণস্য ক্ষুৎ মনসো ভয়ং ধিয়ঃ বুদ্ধে স্তর্ষঃ তৃষ্ণা বিষয়পিপাসা ইত্যর্থঃ ইন্দ্রিয়াণাং কৃচ্ছ্রং ক্লেশস্তৈঃ) সংসারধর্ম্মৈঃ (অনিবার্য্যৈঃ নিত্যসিদ্ধৈঃ দেহধারণদুঃখৈঃ) অবিমুহ্যমানঃ (কদাপি ন মোহং গচ্ছন্ ন কিঞ্চিদপি অভিভূতঃ সন্ নিরন্তরং হরিচিন্তনানন্দনিবিষ্টচিত্তত্বাৎ সংসারদুঃখানুভূতিবিহীনঃ ইতি ভাবঃ) স এব (তাদৃশো জন এব) ভাগবতপ্রধানঃ (ভগবতো বাসুদেবস্য প্রধানো ভক্তঃ ইতি বিজ্ঞেয়ঃ)। ১৭৮।

যিনি সেই প্রাণমনোহারী হৃদয়বিহারী সর্ব্বদুঃখভয়হারী ভগবান্ শ্রীহরির অনন্তপ্রেমমাধুর্য্য স্মরণচিন্তনে অনুক্ষণ বিহ্বল ও সংসারদুঃখানুভূতিবিহীন থাকিয়া দেহের উৎপত্তি বিনাশ, প্রাণের ক্ষুধা আকাঙ্ক্ষা, মনের ভয় বিক্ষোভ, বুদ্ধির বিষয়তৃষ্ণা এবং ইন্দ্রিয়ের ক্লেশ অবসাদাদি নিত্যসিদ্ধ ও অনিবার্য্য দেহধারণদুঃখে কখনও অণুমাত্র অভিভূত হন না, তাঁহাকেই ভগবানের উত্তম ভক্ত বলিয়া জানিবে। ১৭৮।

ন কামকর্ম্মবীজানাং যস্য চেতসি সম্ভবঃ।
বাসুদেবৈকনিলয়ঃ স বৈ ভাগবতোত্তমঃ ॥১৭৯॥

১১, ২, ৫০ হবিঃ।

যস্য (জনস্য) চেতসি (চিত্তে) কামকর্ম্মবীজানাং (কামাঃ ভোগাভিলাষাঃ কর্ম্মাণি তত্তদ্বাসনাজনিতাঃ ইন্দ্রিয়ব্যাপারাঃ তেষাং বীজানি চ ভবিষ্যৎকামকর্ম্মবীজভূতাঃ সংস্কারাশ্চ তেষাং) ন সম্ভবঃ (উৎপত্তিঃ সম্ভাবনা বা ন ভবতি) বাসুদেবৈকনিলয়ঃ (বাসুদেবঃ এব একঃ একমাত্রঃ নিলয়ঃ আশ্রয়ঃ যস্য সঃ ভগবতি বাসুদেবে সমর্পিতদেহমনঃপ্রাণঃ তস্মিন্নেব সদৈব সমাহিত-চিত্তো বা) স বৈ ভাগবতোত্তমঃ (স এব ভগবতঃ উত্তমঃ ভক্তঃ)। ১৭৯।

যাঁহার চিত্তে বিবিধবিষয়ভোগাভিলাষ, তত্তজ্জনিত ইন্দ্রিয়ব্যাপার, এবং ভবিষ্যৎবাসনা ও কর্ম্মের বীজস্বরূপ সংস্কারসমূহের উৎপত্তি কদাপি সম্ভব নয়, এবং যাঁহার তনুমনঃপ্রাণ একমাত্র বাসুদেবেই সমর্পিত ও চিরসমাহিত, তিনিই ভগবানের শ্রেষ্ঠ ভক্ত। ১৭৯।

ন যস্য জন্মকর্ম্মভ্যাং ন বর্ণাশ্রমজাতিভিঃ।
সজ্জতেঽস্মিন্নহংভাবো দেহে বৈ স হরেঃ প্রিয়ঃ ॥১৮০॥

১১, ২, ৫১ হবিঃ।

জন্মকর্ম্মভ্যাং (জন্ম উদ্ভবঃ সৎকুলে ইত্যর্থঃ কর্ম্ম অনুষ্ঠিতং সুকৃতং জপতপোধ্যানাদিকং তাভ্যাং) বর্ণাশ্রমজাতিভিঃ (বর্ণঃ বর্ণশ্রেষ্ঠত্বং বিপ্রত্বমিত্যর্থঃ আশ্রমঃ উচ্চাশ্রমত্বং সন্ন্যাসাশ্রমঃ ইত্যর্থঃ জাতিঃ জাতিগতপ্রাধান্যম্ এতাভি র্হেতুভূতাভিঃ) যস্য (জনস্য) অস্মিন্ (অনাত্মনি অতএব অনিত্যে) দেহে (মানবদেহধারণে) অহংভাবঃ (অহঙ্কারঃ গর্ব্বঃ আত্মাভিমানো বা) ন সজ্জতে (ক্ষণকালমপি অণুমাত্রং ন সংসক্তো ভবতি ন জায়তে ইত্যর্থঃ) স বৈ (স এব) হরেঃ (ভগবতঃ শ্রীহরেঃ) প্রিয়ঃ (প্রিয়ভক্তঃ ইত্যর্থঃ)। ১৮০।

এই অনাত্ম অতএব অনিত্য মানবদেহধারণে সৎকুলে জন্ম, সুকৃতানুষ্ঠান বা জাতিবর্ণ-আশ্রমাদির শ্রেষ্ঠত্বহেতু অহঙ্কার ক্ষণকালের জন্যও যাঁহার হৃদয় অণুমাত্র স্পর্শ করে না, তিনিই ভগবান্ শ্রীহরির প্রিয়ভক্ত। ১৮০।

ন যস্য স্বঃ পর ইতি বিত্তেষ্বাত্মনি বা ভিদা ।
সর্ব্বভূতসমঃ শান্তঃ স বৈ ভাগবতোত্তমঃ ॥১৮১॥
১১, ২, ৫২ হবিঃ ।

যস্য (জনস্য) স্বঃ (অয়ং মম আত্মীয়ঃ স্বজনঃ স্বপক্ষো বা অতএব প্রিয়ঃ) পরঃ (অসৌ মম অনাত্মীয়ঃ বিপক্ষঃ অতএব দ্বেষ্যঃ ইতি) বা (অথবা) বিত্তেষু (ধনাদিষু) আত্মনি (দেহে অন্তরাত্মনি মনসি চ) ভিদা (ভেদবুদ্ধিঃ ইদং বিত্তং মম স্বোপার্জ্জিতম্ অতএব মমৈব ভোগ্যং নতু অন্যস্য মমেদং শরীরং মনশ্চৈব ময়া যত্নতঃ পোষণীয়ং তোষণীয়ঞ্চ নতু অন্যস্য ইত্যেবং বিচারঃ) ন (বর্ত্ততে ইতি শেষঃ) (যো জনঃ নিজবিত্তং শত্রুমিত্র-নির্ব্বিশেষেণ সর্ব্বেষামেব উপকারার্থং সুখশান্তিসম্পাদনার্থং বিনিয়োজয়তি তথা সর্ব্বেষামেব শারীরমানসসুখদুঃখানি নিজানীব অনুভবতি ইতি বিশদার্থঃ) সর্ব্বভূতসমঃ (সর্ব্বেষু

যাঁহার আপন-পর ভেদজ্ঞান নাই, অর্থাৎ নিজের আত্মীয় স্বজন বলিয়া কাহারও প্রতি প্রীতি অথবা বিপক্ষ বলিয়া কাহারও প্রতি বিরক্তি বা বিদ্বেষ নাই, যাঁহার ধনাদিতে বা দেহমনে ভেদবুদ্ধি নাই, অর্থাৎ নিজের লব্ধ বা উপার্জ্জিত ধনসম্পত্তি নিজেই ভোগ করিব অন্যের তাহাতে কোনও অধিকার নাই এইরূপ মনে না করিয়া যিনি শত্রুমিত্রনির্ব্বিশেষে সকলের অভাবমোচন ও উপকারার্থে কিংবা সুখশান্তি সাধনের জন্য তাহা উৎসর্গ

ত্রিভুবনবিভবহেতবেঽপ্যকুণ্ঠ-
স্মৃতিরজিতাত্মসুরাদিভির্বিমৃগ্যাৎ।

নিখিলেষু এব ভূতেষু জীবেষু যদ্বা স্থাবরজঙ্গমেষু সর্ব্বেষু বস্তুষু সমঃ বৈষম্যবুদ্ধিরহিতঃ সর্ব্বত্র একাত্মদর্শনাৎ সমভাবাপন্নঃ ইত্যর্থঃ) অতএব শান্তঃ (সর্ব্বদা প্রশান্তচিত্তঃ পরমশান্তিলাভাদিতি ভাবঃ) স বৈ (স এব) ভাগবতোত্তমঃ (ভাগবতেষু ভগবতঃ প্রিয়ভক্তেষু উত্তমঃ সর্ব্বশ্রেষ্ঠঃ ইতি)। ১৮১।

ত্রিভুবনবিভবহেতবে (ত্রয়াণাং ভুবনানাং স্বর্গমর্ত্ত্যপাতালানাং বিভবঃ ঐশ্বর্য্যং বিভুত্বং পূর্ণাধিপত্যং বা তস্য হেতবে তৎপ্রাপ্তয়ে) অপি অকুণ্ঠস্মৃতিঃ (অকুণ্ঠা অব্যাহতা স্মৃতিঃ ভগবতি বাসুদেবে

করিয়া থাকেন, এবং নিজ দেহমনের সুখদুঃখের ন্যায় অপরেরও শারীরিক মানসিক সুখদুঃখ অনুভব করেন, সর্ব্বভূতে একই পরমাত্মাকে দর্শন করিয়া যিনি সর্ব্বজীবে এমন কি স্থাবর জঙ্গম সমস্ত বস্তুতে বৈষম্যজ্ঞানবিরহিত হইয়াছেন, অতএব সর্ব্বদা যিনি প্রশান্তচিত্তে অবস্থান করেন, তিনিই যথার্থ ভগবানের প্রধান ভক্ত। ১৮১।

ত্রিভুবনের আধিপত্যলাভের প্রত্যাশায়ও যাঁহার স্মৃতি ভগবান্ বাসুদেবে অব্যাহত থাকে, অর্থাৎ যিনি ত্রৈলোক্যের ঐশ্বর্য্য পাইবার লোভেও ভগবান্‌কে ভুলেন

ন চলতি ভগবৎপদারবিন্দা-

ল্লবনিমিষার্দ্ধমপি স বৈষ্ণবাগ্র্যঃ ॥১৮২॥

১১, ২, ৫৩ হবিঃ ।

নিরন্তরম্ অবিচ্ছিন্না মতি র্যস্য সঃ) (অতএব) অজিতাত্মসুরাদিভিঃ (অজিতে মনোবুদ্ধীন্দ্রিয়ৈরনায়ত্তীকৃতে অবাঙ্মনসগোচরে ভগবতি বাসুদেবে শ্রীহরৌ আত্মা অন্তরাত্মা যেষাং তাদৃশৈঃ সুরাদিভিঃ দেব-তপস্বিভিঃ) বিমৃগ্যাৎ (বিমৃগ্যং সাগ্রহম্ অন্বেষণীয়ং সুদুর্লভম্ ইত্যর্থঃ তস্মাৎ) (তাদৃশাৎ) ভগবৎপদারবিন্দাৎ (ভগবচ্চরণকমলাৎ) লবনিমিষার্দ্ধমপি (লবার্দ্ধম্ অণুমাত্রং নিমিষার্দ্ধম্ অতিসূক্ষ্মকালমপি) ন চলতি (যস্য মনো ন স্খলতি) (অনন্যগতিত্বাৎ ভগবচ্চরণে যো জনঃ নিত্যযুক্তমনঃপ্রাণঃ) স বৈষ্ণবাগ্র্যঃ (স এব বৈষ্ণবানাং বিষ্ণুভক্তানাম্ অগ্র্যঃ অগ্রণীঃ সর্ব্বশ্রেষ্ঠঃ ইত্যর্থঃ) । ১৮২ ।

না, এবং সেই মনোবুদ্ধির অগোচর অতীন্দ্রিয় ভগবান্ শ্রীহরিতে সমাহিতাত্মা দেব-তপস্বিগণেরও সুদুর্ল্লভ ভগবচ্চরণকমল হইতে যাঁহার মন নিমিষার্দ্ধের জন্যও অণুমাত্র বিচলিত হয় না, অর্থাৎ সুখ দুঃখ সকল অবস্থাতেই নিত্যযুক্ত থাকে, তিনিই বৈষ্ণবচূড়ামণি অর্থাৎ বিষ্ণুভক্তগণের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ । ১৮২ ।

বিসৃজতি হৃদয়ং ন যস্য সাক্ষাৎ
হরিরবশাভিহিতোঽপ্যঘৌঘনাশঃ।
প্রণয়রশনয়া ধৃতাঙ্ঘ্রিপদ্মঃ
স ভবতি ভাগবতপ্রধান উক্তঃ ॥১৮৩॥

১১, ২, ৫৫ হবিঃ।

অবশাভিহিতোঽপি (অবশং যথাতথা অস্পষ্টং চিত্তাবসাদজনিতেন জিহ্বাজাড্যেন দেহবৈক্লব্যেন বা অভিহিতঃ নাম্না উদীরিতোঽপি মনসা স্মৃতমাত্রোঽপি ইত্যর্থঃ) অঘৌঘনাশঃ (অঘানাম্ ওঘান্ পাপপ্রবাহান্ পাতকপুঞ্জান্ নাশয়তি যঃ সঃ সর্ব্বপাপপ্রণাশনঃ) সাক্ষাৎ হরিঃ (স্বয়ং ভগবান্ শ্রীহরিঃ) প্রণয়রশনয়া (প্রণয়ঃ এব রশনা তয়া প্রেমপাশেন) ধৃতাঙ্ঘ্রিপদ্মঃ (ধৃতং হৃদয়ে দৃঢ়সম্বদ্ধম্ অঙ্ঘ্রিপদ্মং চরণকমলং যস্য সঃ বদ্ধশ্রীপাদপদ্মঃ সন্) যস্য হৃদয়ং (হৃদয়মন্দিরং) ন বিসৃজতি (ত্যক্তুং ন শক্নোতি) সঃ (তাদৃশো জনঃ) ভাগবতপ্রধানঃ (ভাগবতেষু ভগবদ্ভক্তেষু প্রধানঃ শ্রেষ্ঠঃ) (ইতি) উক্তঃ (কথিতঃ) ভবতি। ১৮৩।

চিত্তের অবসাদজনিত জিহ্বার জড়তাবশতঃ অথবা দেহের বিকলতাহেতু অস্পষ্টভাবেও নামমাত্র উচ্চারণে স্মরণ করিলে যিনি পুঞ্জীকৃতপাপরাশি বিনাশ করেন, স্বয়ং সেই শ্রীহরি প্রেমপাশে চরণকমলযুগলে দৃঢ়রূপে আবদ্ধ হইয়া যাঁহার হৃদয়মন্দির পরিত্যাগ করিয়া যাইতে পারেন না, তিনিই ভাগবতচূড়ামণি বলিয়া উক্ত হইয়া থাকেন। ১৮৩।

মষ্যর্পিতাত্মনঃ সভ্য নিরপেক্ষস্য সর্ব্বতঃ ।
ময়াত্মনা সুখং যত্তৎ কুতঃ স্যাদ্বিষয়াত্মনাম্ ॥১৮৪॥

১১, ১৪, ১১ শ্রীভগবান্।

সভ্য (সহ ভাতি ময়া সহ রাজতে সদৈব বিরাজতে যঃ সঃ সভ্যঃ তৎসম্বুদ্ধৌ হে মদ্গতচিত্ত নিত্যসহচর উদ্ধব) ময়ি (সচ্চিদানন্দ-বিগ্রহে পরমাত্মনি) অর্পিতাত্মনঃ (অর্পিতঃ সম্যঙ্ নিহিতঃ আত্মা মনো যস্য তাদৃশস্য জনস্য) সর্ব্বতঃ (সর্ব্বেষু বিষয়েষু সর্ব্বতো-ভাবেন) নিরপেক্ষস্য (উদাসীনস্য নিস্পৃহস্য ইতি যাবৎ) (জনস্য) ময়া (ঐশ্বর্য্যমাধুর্য্যসারসর্ব্বস্বেন আনন্দময়েন ময়া) আত্মনা (পরম-প্রেমাস্পদেন প্রাণেশ্বরেণ যদ্বা স্বরূপত্বেন প্রকাশমানেন পরমাত্মনা সহ তনুমনঃপ্রাণৈঃ নিত্যযুক্তস্য ইতি ভাবঃ) যৎ (যাদৃশম্ অপূর্ব্বম্ অনির্ব্বচনীয়ম্ অপরিসীমং) সুখং (পরমানন্দঃ নিরবচ্ছিন্নঃ নিগূঢ়ানন্দঃ ভবতীতি শেষঃ) তৎ (তাদৃশম্ অতুলনীয়ং শাশ্বতং সুখং) বিষয়াত্মনাং (বিষয়েষু রূপরসগন্ধস্পর্শশব্দাত্মকেষু অনিত্যেষু মায়িকবস্তুষু নিত্যনিহিতঃ আত্মা মনো যেষাং তেষাং বিষয়া-সক্তচেতসাং) কুতঃ স্যাৎ (কেন প্রকারেণ ভবেৎ ন কাপি সম্ভাবনা ইত্যর্থঃ)। ১৮৪।

হে মদ্গতচিত্ত নিত্যসহচর উদ্ধব, যে ব্যক্তি সচ্চিদা-নন্দস্বরূপ আমাতে আত্মসমর্পণ করিয়া সর্ব্বপ্রকার বিষয়সুখে সম্পূর্ণ নিস্পৃহ ও সর্ব্বতোভাবে নিবৃত্ত হইয়াছেন এবং ঐশ্বর্য্যমাধুর্য্যের সারসর্ব্বস্ব আনন্দময় আমাকে পরমপ্রেমাস্পদ প্রাণেশ্বর জ্ঞানে প্রাণে প্রাণে আমার সহিত যিনি নিত্যযুক্ত রহিয়াছেন, তাঁহার যে অনির্ব্বচনীয় ও অপরিচ্ছিন্ন নিগূঢ় আনন্দ হয়, সে আনন্দের অনুভূতি অনিত্য বিষয়ে সতত নিহিতচিত্ত ব্যক্তির কিরূপে হওয়া সম্ভব? ১৮৪।

অকিঞ্চনস্য দান্তস্য শান্তস্য সমচেতসঃ ।
ময়া সন্তুষ্টমনসঃ সর্ব্বাঃ সুখময়া দিশঃ ॥১৮৫॥

১১, ১৪, ১২ শ্রীভগবান্ ।

অকিঞ্চনস্য (নাস্তি কিঞ্চন হৃদয়সর্ব্বস্বধনং মাং বিনা যস্য সঃ অকিঞ্চনঃ মদেকধনঃ তস্য দান্তস্য (দমিতসর্ব্বেন্দ্রিয়স্য) (অতএব) শান্তস্য (প্রশান্তচিত্তস্য অবিচলিতাত্মনঃ) সমচেতসঃ (বৈষম্যবুদ্ধিরহিতস্য সর্ব্বত্র এব মদ্দর্শনাৎ ইতি ভাবঃ) ময়া (মাধুর্য্যরসৈকরূপেণ ময়া হৃদি নিত্যস্থিতেন ইতি যাবৎ) সন্তুষ্টমনসঃ (সন্তুষ্টং পূর্ণপরিতৃপ্তং মনঃ অন্তরাত্মা যস্য সঃ তস্য) সর্ব্বাঃ দিশঃ (নিখিলানি ভুবনানি ইত্যর্থঃ) সুখময়াঃ (আনন্দপূর্ণাঃ ভবন্তি আনন্দময়স্য মম সর্ব্বত্র পরিস্ফুরণেন ইতি ভাবঃ) ।১৮৫।

আমি যাঁহার হৃদয়সর্ব্বস্ব ধন, আমি ভিন্ন যাঁহার আর কিছুই নাই বা অন্য কোন বস্তুর আকাঙ্ক্ষা নাই, সমস্ত ইন্দ্রিয়গণ যাঁহার বশীভূত, যাঁহার চিত্ত প্রশান্ত ও অবিচলিত, স্থাবর জঙ্গমাত্মক বিশ্বজগতের সর্ব্বত্র মদ্দর্শন লাভ করিয়া সর্ব্বভূতে যাঁহার সাম্যবুদ্ধি প্রতিষ্ঠিত হইয়াছে, সৌন্দর্য্যমাধুর্য্যের সারসর্ব্বস্ব আমাকে পাইয়া যাঁহার হৃদয় পূর্ণপরিতৃপ্ত হইয়াছে, তাদৃশ ব্যক্তি এই অখণ্ড ব্রহ্মাণ্ডের যে দিকে দৃষ্টিপাত করেন সেই দিকেই পরমানন্দময় আমাকে পরিস্ফুরিত দেখিয়া নিখিল বিশ্ব অপূর্ব্ব সুখশান্তি-পরিপূরিত অনুভব করেন। ১৮৫।

ন পারমেষ্ঠ্যং ন মহেন্দ্রধিষ্ণ্যং
ন সার্ব্বভৌমং ন রসাধিপত্যম্ ।
ন যোগসিদ্ধীরপুনর্ভবম্ বা
ময্যর্পিতাত্মেচ্ছতি মদ্বিনাঽন্যৎ ॥১৮৬॥

১১, ১৪, ১৩ শ্রীভগবান্ ।

ময্যর্পিতাত্মা (ময়ি প্রিয়তমে প্রাণেশ্বরে অর্পিতাত্মা সমর্পিত-তনুমনঃপ্রাণঃ) মদ্বিনা (মাম্ ঋতে মাং পরিত্যজ্য ইত্যর্থঃ) অন্যৎ (কিমপি বস্তু) ন ইচ্ছতি (ন কাঙ্ক্ষতি) ন পারমেষ্ঠ্যং (ব্রহ্মত্বং) ন মহেন্দ্রধিষ্ণ্যম্ (ইন্দ্রপদং) ন সার্ব্বভৌমং (সমগ্র-ভুবনাধিপত্যং) ন রসাধিপত্যং (রসাতলরাজ্যং) ন যোগসিদ্ধীঃ (যোগৈশ্বর্য্যাণি অণিমালঘিমাদীনি) ন অপুনর্ভবং বা (অথবা নির্ব্বাণমুক্তিম্) ইচ্ছতি (স্পৃহয়তি এতেষাং কিঞ্চিদপীত্যর্থঃ) ।১৮৬।

যে ব্যক্তি প্রিয়তম প্রাণেশ্বর জ্ঞানে আমাতে তনুমনঃ-প্রাণ সমর্পণ করিয়াছেন, তিনি আমা ভিন্ন অন্য কোন বস্তুই কামনা করেন না ; ব্রহ্মার ব্রহ্মত্ব, ইন্দ্রের আধিপত্য, সমগ্র ধরণীর অধীশ্বরত্ব, রসাতল-রাজ্য, অথবা যোগ-সিদ্ধির ফল অণিমা-লঘিমাদি যাবতীয় ঐশ্বর্য্য, এমন কি নির্ব্বাণ মুক্তিও তিনি তুচ্ছজ্ঞানে প্রাপ্তির ইচ্ছা করেন না। ১৮৬।

ন তথা মে প্রিয়তম আত্মযোনি র্ন শঙ্করঃ ।
ন চ সঙ্কর্ষণো ন শ্রীর্নৈবাত্মা চ যথা ভবান্ ॥১৮৭॥

১১, ১৪, ১৪ শ্রীভগবান্ ।

(হে উদ্ধব) ভবান্ (ময্যর্পিতাত্মা একান্তভক্তো ভবান্) মে (মম) যথা প্রিয়তমঃ (শ্রেষ্ঠঃ) ন তথা আত্মযোনিঃ (ব্রহ্মা আত্মজোঽপি) ন শঙ্করঃ (মহেশ্বরঃ অভিন্নস্বরূপোঽপি) ন সঙ্কর্ষণঃ (বলদেবঃ সহোদরোঽপি) ন চ শ্রীঃ (কমলা স্বভার্য্যা অপি) নৈব আত্মা (ন মে বিগ্রহঃ স্বমূর্ত্তিরেব ইত্যর্থঃ প্রিয়তমঃ ইতি শেষঃ) [মদেকশরণো ভক্তো মম প্রিয়েভ্যোঽপি অতিপ্রিয়ঃ ইতি ভাবঃ]। ১৮৭।

হে উদ্ধব, আমাতে সমর্পিতাত্মা তুমি যেমন আমার প্রিয় হইতেও প্রিয়তম, ব্রহ্মা আমার পুত্র হইলেও, শঙ্কর আমার অভিন্নস্বরূপ হইলেও, সঙ্কর্ষণ আমার সহোদর ভ্রাতা হইলেও, অথবা কমলা আমার ভার্য্যা হইলেও, এমন কি আমার স্বমূর্ত্তিও আমার তেমন প্রিয়তম নহে। ১৮৭।

নিরপেক্ষং মুনিং শান্তং নির্ব্বৈরং সমদর্শনম্।
অনুব্রজাম্যহং নিত্যং পূয়েয়েত্যঙ্ঘ্রিরেণুভিঃ ॥১৮৮॥

১১, ১৪, ১৫ শ্রীভগবান্।

নিরপেক্ষম্ (আশাকাঙ্ক্ষারহিতং নিষ্কামং) মুনিং ("দুঃখেষ্বনুদ্বিগ্নমনসং সুখেষু বিগতস্পৃহং বীতরাগভয়ক্রোধং স্থিতধিয়ং" সদৈব প্রেমাবেশেন মন্মননশীলং) শান্তং (প্রশান্তচিত্তং সংযতসর্ব্বেন্দ্রিয়ম্ আসক্তিবিরক্তিহীনং) নির্ব্বৈরং (সর্ব্বত্র মদ্দর্শনাৎ মৎস্ফুরণানুভূতেরিত্যর্থঃ ভূতদ্বেষবিবর্জ্জিতং সর্ব্বভূতসুহৃদমিতিভাবঃ) সমদর্শনং (সর্ব্বত্র বিরাজমানং মাম্ অনুভূয় জীবজড়েষু বৈষম্যবুদ্ধিবিহীনং মদ্ভক্তমিতি শেষঃ) অহং নিত্যম্ (অনুক্ষণম্) অনুব্রজামি (অনুগচ্ছামি ঈদৃশো মদ্ভক্তঃ যত্র যত্র গচ্ছতি অহমপি অলক্ষিতস্তং তত্র তত্র অনুগচ্ছামি ইত্যর্থঃ) (কিমর্থং তৎ কথয়তি)

সকল আশা-আকাঙ্ক্ষাবিরহিত, নিষ্কাম, স্থিতপ্রজ্ঞ, প্রশান্তচিত্ত, সর্ব্বভূতসুহৃৎ, বৈষম্যবুদ্ধিবিহীন, নিরন্তর মন্মননশীল আমার একান্ত ভক্তের আমি অনুক্ষণ অনুসরণ করিয়া থাকি, যাহাতে তাঁহার পবিত্র চরণরেণুর স্পর্শে আমি স্বয়ং পবিত্র হইতে পারি, এবং আমার অন্তর্ভূত ব্রহ্মাণ্ডসমূহ পবিত্র করিতে পারি। [প্রেমময় ভগবান্ তাঁহার একান্তভক্তকে এতই ভালবাসেন যে তিনি তাঁহার ভক্তের পবিত্র পদরজঃস্পর্শের কাঙ্গাল। এই সুদুর্লভ

নিষ্কিঞ্চনা ময্যনুরক্তচেতসঃ
শান্তা মহান্তোঽখিলজীববৎসলাঃ ।

অঙ্ঘ্রিরেণুভিঃ (তৎপদধূলিকণাভিঃ) পূয়েয় (পূতঃ স্যাম্ তথা মদন্তর্ভূতানি সর্ব্বাণি ব্রহ্মাণ্ডানি চ পবিত্রীকুর্য্যাম্) ইতি (ইত্যভিপ্রায়েণ যৎ সুদুর্লভং ভক্তপদরজঃস্পর্শনম্ অকিঞ্চনাঃ জগজ্জীবাঃ লভেরন্ ইতি ভাবঃ)। ১৮৮।

নিষ্কিঞ্চনাঃ (নিরস্তনিখিলস্পৃহাঃ নিরন্তরং মদনুচিন্তনেন ইতি ভাবঃ) ময়ি (মাধুর্য্যরসৈকরূপে প্রাণেশ্বরে) অনুরক্তচেতসঃ (আসক্তচিত্তাঃ ঐকান্তিকানুরাগবশাৎ নিরন্তরং নিহিতচিত্তাঃ) (অতএব) শান্তাঃ (নিবৃত্তসমস্তবিষয়বিক্ষোভাঃ) অখিলজীববৎসলাঃ (অখিলেষু জীবেষু বৎসলা স্নেহশীলাঃ পাত্রাপাত্র-

---

পবিত্র বস্তুস্পর্শে তিনি যুগপৎ নিজেকে কৃতার্থ, এবং তাঁহার অন্তর্ভূত অনন্ত ব্রহ্মাণ্ডসমূহের চেতনাচেতন প্রত্যেক পরমাণু পবিত্রীকৃত মনে করেন] ।১৮৮।

নিরন্তর আমার অনুচিন্তনে যাঁহাদের নিখিল বাসনা নিবৃত্ত হইয়াছে, মাধুর্য্যরসময় আমাকে প্রিয়তম প্রাণেশ্বর জ্ঞানে যাঁহাদের চিত্ত আমাতে অনুক্ষণ আসক্ত রহিয়াছে, যাঁহাদের প্রশান্ত প্রাণে বিষয়বিলাসতরঙ্গের ঘাত-প্রতিঘাত নাই, যাঁহারা পাত্রাপাত্র নির্ব্বিশেষে জগজ্জীব-সমূহকে ভালবাসেন ও ভক্তিসুধাস্বাদ দিবার জন্য সর্ব্বদা

কামৈরনালব্ধধিয়ো জুষন্তি তে
যন্নৈরপেক্ষ্যং ন বিদুঃ সুখং মম ॥১৮৯॥

১১, ১৪, ১৬ শ্রীভগবান্ ।

নির্ব্বিশেষেণ সর্ব্বেভ্যো জীবেভ্যো ভক্তিরসাস্বাদনং দিৎসবঃ ইতি ভাবঃ) মহান্তঃ (নিষ্ঠাভক্তিমন্তঃ মহাত্মানঃ) কামৈঃ (বিষয়ভোগাভিলাষৈঃ) অনালব্ধধিয়ঃ (অনালব্ধা অস্পৃষ্টা ধীঃ বুদ্ধির্যেষাং তে বিষয়ভোগস্পৃহাস্পর্শহীনাত্মানঃ ইত্যর্থঃ) (এবম্ভূতাঃ) মম (মদীয়াঃ মদর্পিতাত্মত্বাৎ মৎপ্রিয়তমাঃ) তে (তাদৃশাঃ একান্তভক্তাঃ) নৈরপেক্ষ্যং (নাস্তি অপেক্ষা আকাঙ্ক্ষা মোক্ষাদিষ্বপি যেষাং তে নিরপেক্ষাঃ নিষ্কামাঃ তেষু জাতং তৈরেব লভ্যং বা নৈরপেক্ষ্যং তদ্রূপং) যৎ (অনির্ব্বচনীয়ং) সুখং (পরমানন্দং) জুষন্তি (আস্বাদ্য তৃপ্তাঃ ভবন্তি) (তৎ অন্যে) ন বিদুঃ (জ্ঞাতুং কল্পনয়া অপি অনুভবিতুং ন সমর্থাঃ ভবন্তি ইত্যর্থঃ)। ১৮৯।

সমুৎসুক, আমাতে নিষ্কামভক্তিমান্ যে সকল মহাত্মার হৃদয় বিষয়ভোগাভিলাষ আদৌ স্পর্শ করিতে পারে না, আমাতে সম্পূর্ণ আত্মসমর্পণ করিয়া যাঁহারা আমারই হইয়াছেন, তাদৃশ একান্ত ভক্তগণ সর্ব্ববাসনাবিনিবৃত্তি-জনিত যে অনির্ব্বচনীয় পরমানন্দ সর্ব্বদা সম্ভোগ করিয়া পরিতৃপ্ত থাকেন, তাহা অন্য কেহ অনুমান বা কল্পনায়ও অনুভব করিতে সমর্থ হয় না। ১৮৯।

বাধ্যমানোঽপি মদ্ভক্তো বিষয়ৈরজিতেন্দ্রিয়ঃ ।
প্রায়ঃ প্রগল্‌ভয়া ভক্ত্যা বিষয়ৈর্নাভিভূয়তে ॥১৯০॥
১১, ১৪, ১৭ শ্রীভগবান্ ।

(আস্তাং তাবদেকান্তভক্তানাং কথা) অজিতেন্দ্রিয়ঃ (ন জিতানি সম্যক্ বশীকৃতানি ইন্দ্রিয়াণি বিষয়াসক্তানি সর্ব্বাণি বাহ্যান্তরেন্দ্রিয়াণি যেন সঃ ভক্তিরসম্ অচিরং ভুঞ্জানঃ ভক্তিরাজ্যে কৃতপ্রথমপদার্পণঃ অতএব অদ্যাপি সর্ব্বেন্দ্রিয়াণাং সম্পূর্ণনিগ্রহে অসমর্থঃ ইত্যর্থঃ) মদ্ভক্তঃ (ময়ি সমর্পিতাত্মা ভক্তিসাধকঃ) বিষয়ৈঃ (রূপরসাদিভিঃ ভোগ্যবিষয়ৈঃ) বাধ্যমানোঽপি (পীড্যমানোঽপি গলে বদ্ধ ইব আকৃষ্যমাণোঽপি ইতি যাবৎ) প্রায়ঃ (প্রায়েণৈব) প্রগল্‌ভয়া (পুনঃ পুনঃ সংগ্রামসংঘর্ষণাৎ উত্তরোত্তরং বর্দ্ধমানয়া বলবত্তরয়া ইত্যর্থঃ) ভক্ত্যা (ভক্তিপ্রভাবেণ) ন অভিভূয়তে (অভিভূতো ন ভবতি বিষয়বাধাং প্রশময়িতুং সমর্থোভবতীত্যর্থঃ)। ১৯০।

(আমার একান্তভক্তগণের কথা দূরে থাকুক) প্রথম আত্মসমর্পণ করিয়া যে ব্যক্তি আমাতে পরা প্রীতি স্থাপন করিয়াও ইন্দ্রিয়জয়ে সম্পূর্ণ সক্ষম হইতে পারে নাই, আমার ঈদৃশ ভক্ত রূপরসাদি ভোগ্যবিষয় কর্ত্তৃক পুনঃ পুনঃ আকৃষ্ট ও পীড়িত হইয়াও উত্তরোত্তর বর্দ্ধনশীলা প্রবলতরা ভক্তির প্রভাবে প্রায় কখনই তাহাদের দ্বারা অভিভূত হয় না ।১৯০।

যথাগ্নিঃ সুসমৃদ্ধার্চ্চিঃ করোত্যেধাংসি ভস্মসাৎ।
তথা মদ্বিষয়া ভক্তিরুদ্ধবৈনাংসি কৃৎস্নশঃ ॥১৯১॥

১১, ১৪, ১৮ শ্রীভগবান্।

হে উদ্ধব, সুসমৃদ্ধার্চ্চিঃ (সু সম্যক্ সমৃদ্ধা প্রজ্বলিতা অর্চ্চিঃ শিখা যস্য সঃ সুপ্রজ্বলিতশিখঃ) অগ্নিঃ (হুতাশনঃ) যথা (সংস্পর্শমাত্রেণ) এধাংসি (ইন্ধনানি কাষ্ঠরাশীন্) ভস্মসাৎ করোতি (নিঃশেষং দহতি) মদ্বিষয়া (অহমেব বিষয়ঃ একমাত্রং আকাঙ্ক্ষিতং বস্তু যস্যা স্তাদৃশী ঐকান্তিকী ইত্যর্থঃ) ভক্তিঃ (পরানুরক্তিঃ পরমা প্রীতিঃ) তথা (সঞ্চারমাত্রেণ এব) এনাংসি (পাপানি পুঞ্জীকৃতানি সঞ্চিতপ্রারব্ধ-ক্রিয়মাণানি সর্ব্বাণি ইত্যর্থঃ) কৃৎস্নশঃ (সম্পূর্ণরূপেণ নিঃশেষমিতি ভাবঃ) (ভস্মসাৎ করোতি সম্যক্ বিনাশয়তীতি শেষঃ)। ১৯১।

হে উদ্ধব, সুপ্রজ্বলিত হুতাশন যেমন স্পর্শমাত্র কাষ্ঠরাশি দগ্ধ করিয়া ভস্ম করে, সেইরূপ আমাতে ঐকান্তিকী ভক্তি সঞ্চারমাত্রই মানবের সঞ্চিত প্রারব্ধ ও ক্রিয়মাণ কর্ম্মজনিত সমস্ত পাপপুঞ্জ নাশ করিয়া নিঃশেষ করে।১৯১।

ন সাধয়তি মাং যোগো ন সাঙ্খ্যং ধর্ম্ম উদ্ধব।
ন স্বাধ্যায় স্তপস্ত্যাগো যথা ভক্তির্মমোর্জ্জিতা ॥১৯২॥

১১, ১৪, ১৯ শ্রীভগবান্।

হে উদ্ধব, ন যোগঃ (ধ্যানধারণাসমাধিভিশ্চিত্তবৃত্তিনিরোধরূপং যোগসাধনং যদ্বা গীতোক্তঃ জ্ঞানযোগঃ) ন সাঙ্খ্যম্ (আত্মতত্ত্ববিবেকঃ গীতোক্তঃ সাঙ্খ্যযোগো বা) ন ধর্ম্মঃ (যজ্ঞাদি-বিবিধসৎকর্ম্মানুষ্ঠানং গীতোক্তঃ কর্ম্মযোগো বা) ন স্বাধ্যায়ঃ (বেদাধ্যয়নম্ আত্মচিন্তনং বা) ন তপঃ (তপস্যাসাধনং কৃচ্ছ্রব্রতাদিভিঃ কায়মনোবাক্যানাং সংযমনং) ন ত্যাগঃ (বিষয়-বৈরাগ্যং গীতোক্তঃ সন্ন্যাসযোগো বা) মাং (তথা) সাধয়তি (আরাধয়তি আয়ত্তীকরোতি প্রাপয়তীত্যর্থঃ) যথা মম (মদ্বিষয়িণী ময়ি অনন্যা অবিচলিতা ইত্যর্থঃ) ঊর্জ্জিতা (নিত্য-প্রবৃদ্ধা অপ্রতিহতবেগা) ভক্তিঃ (পরাখ্যা আত্মসমর্পণরূপা অহৈতুকী প্রীতিঃ পরমপ্রেমরূপা ইত্যর্থঃ) (মাং সাধয়তীতি শেষঃ)। ১৯২।

হে উদ্ধব, আমার প্রতি অপ্রতিহতা ও নিত্যপ্রবৃত্তা ভক্তি যেমন আমাকে তুষ্ট করিয়া আপন করিয়া লইতে বা আয়ত্ত করিতে পারে, ধ্যানধারণা ও সমাধির দ্বারা চিত্তবৃত্তি নিরোধ পূর্ব্বক জ্ঞানযোগ. আত্মতত্ত্ব বিবেকদ্বারা সাঙ্খ্যযোগ, যজ্ঞাদি বিবিধ সৎকর্ম্মানুষ্ঠান দ্বারা কর্ম্ম-যোগ, বেদ ও উপনিষদাদি অধ্যয়ন দ্বারা আত্মচিন্তন, বহুবিধ কৃচ্ছ্রব্রত দ্বারা তপস্যাসাধন, অথবা বিষয়-বিরক্তচিত্তে সন্ন্যাসযোগ কখনই আমাকে তেমন তুষ্ট বা বশ করিতে পারে না জানিও। ১৯২।

ভক্ত্যাহমেকয়া গ্রাহ্যঃ শ্রদ্ধয়াত্মা প্রিয়ঃ সতাম্ ।
ভক্তিঃ পুনাতি মন্নিষ্ঠা শ্বপাকানপি সম্ভবাৎ ॥১৯৩॥

১১, ১৪, ২০ শ্রীভগবান্ ।

সতাং (সাধূনাং সাধুভক্তানাং) প্রিয়ঃ (প্রেষ্ঠঃ প্রিয়েভ্যোঽপি প্রিয়তমঃ) আত্মা (পরমাত্মস্বরূপঃ প্রাণাধীশ্বরঃ ইত্যর্থঃ) অহম্ একয়া (কেবলয়া অনন্যয়া বা) শ্রদ্ধয়া (শ্রদ্ধাযুক্তয়া রাগাত্মিকয়া) ভক্ত্যা (পরয়া প্রীত্যা এব) গ্রাহ্যঃ (প্রাপ্যঃ অবগম্যঃ) মন্নিষ্ঠা (ময়ি নিষ্ঠা নিত্যস্থিতি র্যস্যাঃ সা তাদৃশী নৈষ্ঠিকী অবিচলিতা ইত্যর্থঃ) ভক্তিঃ (পরমপ্রেমরূপা) শ্বপাকান্ (চণ্ডালান্) অপি সম্ভবাৎ (নীচকুলোদ্ভবাৎ নিকৃষ্টজাতিত্বাদিত্যর্থঃ) পুনাতি (পবিত্রীকৃত্য উদ্ধরতি) [মাং প্রতি নিষ্ঠাভক্তিমান্ চণ্ডালোঽপি মামধিগচ্ছতি ইতি ভাবঃ]। ১৯৩।

একমাত্র রাগাত্মিকা শ্রদ্ধাভক্তির দ্বারাই সাধুভক্তগণের প্রাণের প্রাণ প্রিয়তম প্রাণেশ্বর আমাকে পাওয়া যায়। আমাতে পরমপ্রেমরূপা নৈষ্ঠিকী ভক্তি নীচকুলোদ্ভব চণ্ডালকেও পবিত্র করিয়া লয় (অর্থাৎ আমাতে অকপট অবিচলিত ও অপ্রতিহত প্রেম থাকিলে অধমজাতি চণ্ডালও আমাকে প্রাপ্ত হইয়া কৃতার্থ হয়) ।১৯৩।

ধর্ম্মঃ সত্যদয়োপেতো বিদ্যা বা তপসান্বিতা ।
মদ্ভক্ত্যাপেতমাত্মানং ন চ সম্যক্ পুনাতি হি ॥১৯৪॥
১১, ১৪, ২১ শ্রীভগবান্ ।

সত্যদয়োপেতঃ (সত্যং ঋতভাষিত্বং দয়া ভূতদয়া সর্ব্বভূত-দুঃখানুভূতিঃ তন্নিবারণপ্রবৃত্তিশ্চ তাভ্যাম্ উপেতঃ অন্বিতঃ) ধর্ম্মঃ (ধর্ম্মসাধনং) বা (অথবা) তপসা অন্বিতা (তপশ্চরণেন ব্রহ্মচর্য্যয়া অন্বিতা সমেতা) বিদ্যা চ (ব্রহ্মবিদ্যা আত্মতত্ত্বজ্ঞানঞ্চ) মদ্ভক্ত্যা (ময়ি আত্মসমর্পণরূপয়া পরয়া প্রীত্যা) অপেতং (বিরহিতম্) আত্মানম্ (অন্তরাত্মানং) ন হি (কদাচিদপি ন) সম্যক্ (সম্পূর্ণভাবেন) পুনাতি (পবিত্রীকরোতি) (মদ্ভক্তিবিহীনং সর্ব্বম্ অন্যৎ সাধনং বিড়ম্বনমিত্যর্থঃ) । ১৯৪ ।

আমাতে আত্মসমর্পণরূপা অহৈতুকী ভক্তি না থাকিলে সত্যনিষ্ঠা ও সর্ব্বজীবে দয়া অর্থাৎ পরদুঃখে সহানুভূতি ও তন্নিবারণে ঐকান্তিকী প্রবৃত্তি সমন্বিত ধর্ম্মসাধন, অথবা ব্রত ও তপস্যাযুক্ত ব্রহ্মবিদ্যানুশীলন, কখনই সম্পূর্ণভাবে অন্তরাত্মাকে পবিত্র করিতে পারে না (অর্থাৎ সত্যনিষ্ঠ, সর্ব্বজীবে সদয়, সতত যজ্ঞাদি ধর্ম্মকর্ম্মানুষ্ঠানে রত, ব্রত-তপস্যাসাধনে তৎপর ও ব্রহ্মবিদ্যানুশীলনশীল ব্যক্তিরও অন্তঃকরণ আমাতে ভক্তিহীন হইলে কখনই তাহা বিশুদ্ধ হয় না) ।১৯৪।

কথং বিনা রোমহর্ষং দ্রবতা চেতসা বিনা ।
বিনানন্দাশ্রুকলয়া শুধ্যেদ্ভক্ত্যা বিনাশয়ঃ ॥১৯৫॥

১১, ১৪, ২২ শ্রীভগবান্ ।

রোমহর্ষং বিনা (মৎপ্রেমবিহ্বলচিত্তত্বাৎ রোমাঞ্চং পুলকোদ্গমং বিনা) দ্রবতা চেতসা বিনা (মচ্চিন্তনাদেব প্রেম্ণা দ্রবীভবতা চিত্তেন বিনা) আনন্দাশ্রুকলয়া বিনা (আনন্দেন মৎপ্রেমস্মরণমাত্রেণ ভাবাবেগেন অশ্রুকলয়া অশ্রুধারাসম্পাতেন বিনা) ভক্ত্যা বিনা (ময়ি আত্মসমর্পণরূপয়া পরয়া প্রীত্যা বিনা) কথং (কেন অন্যেন সাধনেন) আশয়ঃ (অন্তঃকরণং) শুধ্যেৎ (শুদ্ধো ভবেৎ) (ন কেনাপি অন্যেন উপায়েন মনসঃ কলুষমালিন্য-ক্ষালনং সম্ভবতীত্যর্থঃ) ।১৯৫।

আমার প্রেমে বিহ্বল হইয়া যদি সর্ব্বাঙ্গে রোমাঞ্চ না হইল, আমাকে চিন্তা করিবামাত্র যদি প্রাণ দ্রবীভূত না হইল, আমার প্রেম স্মরণমাত্র নয়নদ্বয়ে যদি অবিরল অশ্রুধারা প্রবাহিত না হইল, আমাতে সম্পূর্ণ আত্ম-সমর্পণরূপা পরা প্রীতি প্রাণে যদি প্রতিষ্ঠিতা না হইল, তবে আর কি উপায়ে মনের মলিনতা প্রক্ষালিত হইবে ? ।১৯৫।

বাগ্ গদ্গদা দ্রবতে যস্য চিত্তং
রুদত্যভীক্ষ্ণং হসতি ক্বচিচ্চ।

যস্য বাক্ গদ্গদা (মৎপ্রেমপ্লাবিতান্তরত্বাৎ রুদ্ধকণ্ঠস্য যস্য বাক্ বাণী গদ্গদা অপরিস্ফুটা ভগ্নাক্ষরা ভবতি ইতি শেষঃ) যস্য চিত্তং দ্রবতে (সদৈব মৎস্মরণাদেব যস্য হৃদয়ং দ্রবীভবতি বৈক্লব্যাদ্ বাহ্যজ্ঞানরাহিত্যং প্রাপ্নোতি) (যশ্চ) ক্বচিৎ (ক্বচিদ্বা মদ্বিরহা-শঙ্কাকুলত্বাৎ ইতি ভাবঃ) অভীক্ষ্ণম্ (অতিশয়ম্ অজস্রং) রুদতি (উচ্চৈঃ রোদিতি 'হা নাথ' 'হা হৃদয়বল্লভ' ইত্যেবং বিলপন্ ইতি ভাবঃ যদ্বা অব্যক্তনাদেন রোদনং করোতি) ক্বচিচ্চ (পুনশ্চ ক্বচিৎ গাঢ়ালিঙ্গনেন তেন অহং তস্য হৃদি সুদৃঢ়ম্ আবদ্ধঃ ইত্যেব-

মৎপ্রেমপ্লাবনে যাঁহার হৃদয় পরিপ্লাবিত হওয়ায় গদ্গদ কণ্ঠে আর সম্যক্ বাক্যস্ফুরণ হয় না, আমাকে সতত স্মরণ করায় বাহ্যজ্ঞানবিরহিত হইয়া যাঁহার প্রাণ দ্রবীভূত হইয়া থাকে, যে ব্যক্তি কখনও বা আমার আসন্নবিরহাশঙ্কায় আকুল হইয়া 'হা নাথ' 'হা হৃদয়বল্লভ' বলিয়া উচ্চৈঃস্বরে অজস্র রোদন করে, কখনও বা আবার গাঢ় আলিঙ্গনে আমাকে হৃদয়ে দৃঢ়রূপে বাঁধিয়াছেন ভাবিয়া আনন্দে উচ্চহাস্য করেন, কখনও

বিলজ্জ উদ্‌গায়তি নৃত্যতে চ
মদ্ভক্তিযুক্তো ভুবনং পুনাতি ॥১৯৬॥

১১, ১৪, ২৩ শ্রীভগবান্ ।

মনুভূয় ইতি ভাবঃ) হসতি (সানন্দম্ উচ্চহাস্যং করোতি) (ক্বচিদ্বা) বিলজ্জঃ (মদাবিষ্টচিত্তত্বাৎ বিগতলোকলজ্জঃ সন্) উদ্গায়তি (উচ্চৈর্গায়তি মল্লীলামাধুরীস্মরণচিন্তনানন্দেন উন্মত্তঃ সন্ ইতি ভাবঃ তারস্বরেণ কীর্ত্তয়তি) (ক্বচিচ্চ) (পুনশ্চ ক্বচিৎ হৃদ্‌গুহাভ্যন্তরে মল্লীলাদর্শনজনিতেন মাধুর্য্যরসোল্লাসেন ইতি ভাবঃ) নৃত্যতে (প্রেমবিহ্বলঃ সন্ উদ্দামং নৃত্যং করোতি) (তাদৃশঃ) মদ্ভক্তিযুক্তঃ (ময়া সহ নিরবচ্ছিন্নং ভক্তিভাবেন যুক্তো জনঃ মদ্গতচিত্তঃ একান্তভক্তঃ ইত্যর্থঃ) ভুবনং (সমগ্রং বিশ্বং) পুনাতি (পবিত্রীকরোতি) (মম একান্তভক্তস্য পাদরজোভিঃ নিখিলং বিশ্বং পবিত্রং ভবতি ইতি ভাবঃ) ।১৯৬।

বা আমার লীলামাধুরীস্মরণানন্দে উন্মত্ত হইয়া লোক-লজ্জা ভুলিয়া গিয়া উচ্চকণ্ঠে আমার নাম কীর্ত্তন করেন, আবার কখনও বা হৃদয়গুহাভ্যন্তরে আমার লীলাদর্শন-জনিত মাধুর্য্যরসোল্লাসে প্রেমবিহ্বল চিত্তে নৃত্য করিতে থাকেন, ভক্তিভাবে আমার সহিত নিত্যযুক্ত তাদৃশ ভক্ত নিখিল বিশ্ব পবিত্র করিয়া থাকেন ।১৯৬।

যথাগ্নিনা হেম মলং জহাতি
ধ্মাতং পুনঃ স্বং ভজতে চ রূপম্।
আত্মা চ কর্ম্মানুশয়ং বিধূয়
মদ্ভক্তিযোগেন ভজত্যথো মাম্ ॥১৯৭॥

১১,১৪,২৪ শ্রীভগবান্।

অগ্নিনা (প্রজ্বলিতানলেন) ধ্মাতং (সন্দগ্ধং) হেম (সুবর্ণং) যথা (যাদৃশং নিঃশেষরূপমিতি যাবৎ) মলম্ (অন্তর্নিহিতম্ ইতর-ধাতুসংযোগজনিতং সর্ব্বং মালিন্যং) জহাতি (ত্যজতি তস্মাদ্বিমুক্তং ভবতি ইত্যর্থঃ) স্বং (স্বকীয়ং স্বাভাবিকং) রূপং (সৌন্দর্য্যম্ ঔজ্জ্বল্যং সুন্দরং বর্ণঞ্চ) পুনর্ভজতে (পুনর্লভতে পুনরাদত্তে ইত্যর্থঃ) আত্মা চ (জীবাত্মা অপি) তথা (তদ্বৎ) মদ্ভক্তিযোগেন (ময়ি ভক্তিঃ পরা প্রীতিঃ তয়া এব যোগঃ নিত্যযুক্তত্বং তেন যদ্বা প্রজ্বলিত-মৎপ্রেমাগ্নিসংযোগেন) কর্ম্মানুশয়ং (কর্ম্মানুবন্ধং কর্ম্মবাসনারূপম্ অন্তঃস্থিতং মলং) বিধূয় (সম্যক্ পরিত্যজ্য) মাম্ (মৎস্বরূপং তস্যৈব স্বকীয়ং জ্যোতির্ম্ময়ং বিশুদ্ধস্বরূপমিত্যর্থঃ) অথো (সাকল্যেন পুনঃ) ভজতি (প্রাপ্নোতি) [কর্ম্মানুশয়েন এব জীবাত্মনশ্চিদানন্দ-জ্যোতির্ম্ময়ং বিশুদ্ধস্বরূপং প্রচ্ছাদ্যতে পরং প্রজ্বলিতমৎপ্রেমাগ্নিনা নির্দ্দগ্ধনিখিলকর্ম্মবাসনাবীজঃ সন্ সঃ পুনঃ স্বস্বরূপং মদ্ভাবমিত্যর্থঃ সম্যক্ লভতে ইতি ভাবঃ] ১৯৭।

প্রজ্বলিত অনলে দগ্ধ হইলে স্বর্ণ যেমন অন্তর্নিহিত সমস্ত মল হইতে বিমুক্ত হইয়া পুনরায় নিজ নৈসর্গিক বিমল উজ্জ্বল সুন্দর রূপ ধারণ করে তেমনি জীবাত্মাও মৎপ্রেমবহ্নিসংযোগে অনিবৃত্তকর্ম্মবাসনাজনিত সমস্ত মালিন্য হইতে মুক্ত হইয়া পুনরায় তাহার স্বকীয় চিদানন্দ জ্যোতিৰ্ম্ময় বিশুদ্ধ স্বরূপ আমাকে সম্যক্ প্রাপ্ত হয়।১৯৭।

যথা যথাত্মা পরিমৃজ্যতেঽসৌ
মৎপুণ্যগাথাশ্রবণাভিধানৈঃ ।
তথা তথা পশ্যতি বস্তু সূক্ষ্মং
চক্ষুর্যথৈবাঞ্জনসংপ্রযুক্তম্ ॥১৯৮॥

১১, ১৪, ২৫ শ্রীভগবান্ ।

মৎপুণ্যগাথাশ্রবণাভিধানৈঃ (মম পুণ্যাঃ মনঃপ্রাণপাবন্যঃ গাথাঃ লীলামহিমবর্ণনাত্মিকাঃ কথাঃ তাসাং শ্রবণানি সাধুগুরু-বৈষ্ণবমুখেভ্যঃ নিবিষ্টচিত্তেন অতৃপ্তহৃদয়েন চ অনুক্ষণং শ্রবণচিন্তন-মননানি অভিধানানি শ্রদ্ধাভক্তিমদ্ভ্যঃ সাগ্রহং শৃণ্বদ্ভ্যঃ স্বজনেভ্যঃ পুনঃ পুনঃ কথনানি যদ্বা প্রেমপূর্ণান্তরাত্মনা নিরন্তরং নিজমুখেন কীর্ত্তনানি তৈশ্চ) আত্মা (অন্তরাত্মা) যথা যথা (উত্তরোত্তরং যাবৎ পরিমাণং) পরিমৃজ্যতে (পরিমার্জ্জিতঃ অতএব নির্ম্মলো-জ্জ্বলো ভবতি ইত্যর্থঃ) তথা তথা (তাবৎ পরিমাণং ক্রমশোঽ-ধিকতরং) অসৌ (জীবঃ) অঞ্জনসংপ্রযুক্তম্ (অঞ্জনং নয়নজ্যোতি-র্বর্দ্ধকং রসাঞ্জনং তেন সংপ্রযুক্তং পুনঃ পুনঃ সম্যক্ প্রলিপ্তচ্ছদান্তং)

দৃষ্টির তেজোবর্দ্ধক অঞ্জনাদি দ্বারা পুনঃ পুনঃ প্রলিপ্ত হইলে চক্ষুঃ যেমন ক্রমে ক্রমে সূক্ষ্ম হইতে সূক্ষ্মতর বস্তু দর্শনে সমর্থ হয়, তেমনি মনঃপ্রাণপাবনী আমার লীলা-মহিমবর্ণনকাহিনী সাধুগুরুবৈষ্ণবের নিকট নিবিষ্ট চিত্তে ও অতৃপ্ত হৃদয়ে অনুক্ষণ শ্রবণচিন্তনমননাদির দ্বারা এবং শ্রদ্ধাভক্তিমান্ আগ্রহান্বিত স্বজনবর্গের নিকট তাহা পুনঃ পুনঃ বর্ণন অথবা প্রেমপূর্ণান্তঃকরণে নিরন্তর নিজমুখে কীর্ত্তন দ্বারা, অন্তরাত্মা উত্তরোত্তর যে পরিমাণে পরিমার্জ্জিত হইয়া নির্ম্মল ও উজ্জ্বল হইতে থাকে, জীবও

বিষয়ান্ ধ্যায়তশ্চিত্তং বিষয়েষু বিসজ্জতে।
মামনুস্মরতশ্চিত্তং ময্যেব প্রবিলীয়তে ॥১৯৯॥

১১, ১৪, ২৭ শ্রীভগবান্।

চক্ষুর্যথা (চক্ষুরিব) সূক্ষ্মং বস্তু (দুরধিগম্যম্ আত্মতত্ত্বম্ অধ্যাত্মবিষয়স্য সূক্ষ্মতত্ত্বং) পশ্যতি (দ্রষ্টুম্ অধিগন্তুমিত্যর্থঃ সমর্থঃ ভবতি ইতি ভাবঃ)।১৯৮।

বিষয়ান্ (রূপ-রস-গন্ধ-স্পর্শ-শব্দানাম্ আধারভূতান্ ইন্দ্রিয়ভোগ্যান্ পদার্থান্) ধ্যায়তঃ (মনসি নিরন্তরং সাভিনিবেশং চিন্তয়তঃ পুংসঃ) চিত্তম্ (অন্তঃকরণং) বিষয়েষু (তত্তদ্বস্তুষু এব) বিসজ্জতে (বিশিষ্টরূপেণ আসক্তং চিরলিপ্তং ভবতি) মাং (চিদিন্দ্রিয়াণাং পূর্ণপরিতৃপ্তেরাধারভূতং সৌন্দর্য্যমাধুর্য্যরসময়ম্ আনন্দস্বরূপং মাং) অনুস্মরতঃ (প্রাণেভ্যোঽপি প্রিয়তমজ্ঞানেন অনুক্ষণং প্রেমবিহ্বলচিত্তেন ধ্যায়তো জনস্য) চিত্তম্ (অন্তঃকরণং) ময়ি (অনন্তমাধুর্য্যসুধার্ণবে ইতি ভাবঃ) এব (নিশ্চিতং হি) প্রবিলীয়তে (প্রকৃষ্টরূপেণ বিলীনং নিরবচ্ছিন্নং নিহিতং ভবতি)।১৯৯।

ক্রমশঃ সেই পরিমাণে দুরধিগম্য অধ্যাত্মবিষয়ের সূক্ষ্মতত্ত্ব হৃদয়ঙ্গম করিতে সমর্থ হয়।১৯৮।

রূপরসাদি ইন্দ্রিয়ভোগ্য বস্তু মনে মনে নিত্য নিরন্তর নিবিষ্টমনে চিন্তা করিলে মানবের মনও তত্তদ্বস্তুতেই আসক্ত ও চিরলিপ্ত হয়; আর চিদিন্দ্রিয়ের পরমা তৃপ্তির একমাত্র আধার সৌন্দর্য্যমাধুর্য্যরসময় আনন্দস্বরূপ আমাকে যে ব্যক্তি প্রাণপ্রিয়তম জ্ঞানে প্রেমবিহ্বলচিত্তে অনুক্ষণ স্মরণ করে, তাহার চিত্ত অনন্তমাধুর্য্য সুধাসিন্ধু আমাতেই চিরবিলীন হয়, ইহা নিশ্চয় জানিও।১৯৯।

সংকীর্ত্ত্যমানো ভগবাননন্তঃ
শ্রুতানুভাবো ব্যসনং হি পুংসাম্ ।
প্রবিশ্য চিত্তং বিধুনোত্যশেষং
যথা তমোঽর্কোঽভ্রমিবাতিবাতঃ ॥২০০॥

১২, ১২, ৩৪ সূতঃ ।

সংকীর্ত্ত্যমানঃ (সম্যক্ কীর্ত্ত্যমানঃ সাগ্রহং সোল্লাসং গীয়মানকীর্ত্তিঃ) (অথবা) শ্রুতানুভাবঃ (শ্রুতঃ সাভিনিবেশং সানন্দঞ্চ শ্রুতঃ সাধুগুরুভক্তমুখেভ্যঃ ইতি ভাবঃ লীলাগুণপ্রভাবো যস্য সঃ) অনন্তঃ (অসীমশক্তিমান্) ভগবান্ (বিপুলবিভবঃ শ্রীবাসুদেবঃ) পুংসাং (শ্রুততল্লীলামহিম্নাং তদ্গুনান্ কীর্ত্তয়তাং বা মানবানাং) চিত্তং প্রবিশ্য (হৃদয়াভ্যন্তরং প্রবিষ্টঃ সন্) ব্যসনং (দুঃখবীজং নিখিলং পাপম্ অশুভঞ্চ) অশেষং (নিঃশেষং যথা তথা) বিধুনোতি (দূরীকরোতি) অর্কঃ (সূর্য্যঃ) যথা তমঃ (তিমিরম্) অতিবাতঃ (প্রবলো ঝঞ্ঝাবাতঃ) যথা অভ্রং (জলদসমূহং) (বিধুনোতি তথা ইতি শেষঃ) ।২০০।

আগ্রহপূর্ণ প্রাণে আনন্দ-উল্লাসে তাঁহার অচিন্ত্য মহিমা কীর্ত্তন অথবা সাধুগুরুভক্তমুখে তাঁহার অপূর্ব্ব লীলামাহাত্ম্য শ্রবণ করিলে, সেই অনন্তশক্তিমান্ ভগবান্ বাসুদেব মানবের হৃদয়াভ্যন্তরে প্রবেশ করিয়া তাহার সমস্ত অশুভ ও নিখিলদুঃখবীজ পাপপুঞ্জ নিঃশেষরূপে দূর করেন ; সূর্য্য যেমন উদয় হইবামাত্র তিমিররাশি দূর করেন অথবা প্রবল ঝঞ্ঝাবাত যেমন মেঘসমূহকে সম্পূর্ণরূপে দূর করিয়া থাকে সেইরূপ জানিবে ।২০০।

অবিস্মৃতিঃ কৃষ্ণপদারবিন্দয়োঃ
ক্ষিণোত্যভদ্রাণি চ শং তনোতি ।
সত্ত্বস্য শুদ্ধিং পরমাত্মভক্তিং
জ্ঞানঞ্চ বিজ্ঞানবিরাগযুক্তম্ ॥২০১॥

১২, ১২, ৪১ সূতঃ।

কৃষ্ণপদারবিন্দয়োঃ (শ্রীকৃষ্ণস্য মনঃপ্রাণাকর্ষণকারিণঃ ভগবতো বাসুদেবস্য পদারবিন্দয়োঃ প্রেমানন্দমকরন্দপূর্ণয়োঃ শ্রীপাদপদ্ময়োঃ) অবিস্মৃতিঃ (অবিচ্ছিন্না স্মৃতিঃ প্রেমাবিষ্টচিত্তেন নিরন্তরম্ অনুস্মরণমিতি যাবৎ) অভদ্রাণি (অমঙ্গলানি সর্ব্বদুঃখবীজ-ভূতানি পাপানি) ক্ষিণোতি (নিত্যং ক্ষয়ং প্রাপয়তি শনৈঃ শনৈঃ নিঃশেষং করোতি ইতি ভাবঃ) শং চ (শুভঞ্চ পরমকল্যাণঞ্চ ইত্যর্থঃ) তনোতি (বর্দ্ধয়তি) সত্ত্বস্য (সত্ত্বগুণস্য) শুদ্ধিং (রজস্তমো-রাহিত্যং) (যদ্বা সত্ত্বস্য শুদ্ধিং মনসো বিশুদ্ধভাবং) পরমাত্মভক্তিং (পরমাত্মনি শ্রীকৃষ্ণে ভক্তিং পরাং প্রীতিম্ আত্মসমর্পণরূপামিত্যর্থঃ) বিজ্ঞানবিরাগযুক্তং (বিশিষ্টং জ্ঞানং বিজ্ঞানম্ অবিচলিতং তত্ত্বজ্ঞানমিত্যর্থঃ তচ্চ বিশিষ্টঃ অহৈতুকঃ অপ্রতিহতঃ রাগঃ অনুরাগঃ ভগবতি বাসুদেবে ইতি ভাবঃ স চ তাভ্যাং যুক্তং সদৈব অন্বিতং) জ্ঞানঞ্চ (বিশুদ্ধচৈতন্যঞ্চ তনোতীতি শেষঃ) ।২০১।

মনঃপ্রাণাকর্ষণকারী শ্রীকৃষ্ণের প্রেমানন্দ-মকরন্দপূর্ণ শ্রীপাদপদ্ম প্রেমাবিষ্টচিত্তে অনুক্ষণ অবিচ্ছিন্ন স্মরণে মানবের সকল অমঙ্গল ও দুঃখবীজ পাপরাশি নিত্য ক্ষয়প্রাপ্ত হইয়া ক্রমশঃ নিঃশেষ হয় ও পরম কল্যাণ বৃদ্ধিপ্রাপ্ত হয়, এবং তাহার বিশুদ্ধ সত্ত্বের পূর্ণ বিকাশ হইয়া প্রাণের প্রাণ সেই প্রাণকৃষ্ণে পরমপ্রেমের উদয় ও বিবেকবৈরাগ্যযুক্ত বিশুদ্ধ চৈতন্যের অনন্ত প্রসার হইয়া থাকে ।২০১।

সমাপ্তোঽয়ং

ভাগবত-কুসুমাঞ্জলিঃ

সমাপ্তা চাস্য গ্রন্থকারকৃতা "ভক্তমনোরঞ্জিনী" টীকা

ভাবার্থবোধকবঙ্গানুবাদেন সমন্বিতা।